**দীপা কর্মকারঃ** "আমাকে যে বিষয়গুলো ইন্সপায়ার্ড করে তাহলো যেটা আমাকে করতেই হবে তা করার দৃঢ় মানসিকতা। আমার লক্ষ্যে পৌঁছানোর জন্য আমি সর্বদাই দৃঢ় প্রতিজ্ঞ থাকি। লক্ষ্যে পৌঁছানোর জন্য যতটুকু এবং যা করার দরকার তা আমি করি। আমার কোচ আমাকে বলেন হার্ড ওয়ার্ক, হার্ড ওয়ার্ক, অ্যান্ড হার্ড ওয়ার্ক। স্যারের এই কথাটা মাথায় রেখে প্রতিদিন আমি প্র্যাকটিস চালিয়ে যাই। এবং যতক্ষণ না আমি যা করতে চাই তা করতে সফল হচ্ছি , ততক্ষণ পর্যন্ত আমি প্র্যাকটিস চালিয়ে যাই। এটাই আমাকে রোজ আজও প্রতিদিন সকালে ঘুম ভাঙার পর ট্রেনিং-এ যেতে প্রেরণা দেয়।"

**Steffy Josh (BPEd Sem-4):** What is your mantra? How do you handle your performance under pressure?



**Dipa Karmakar:** "Well, "pressure", is an important word for every performer. Honestly, past few months or when I prepare myself for any tournament, I make sure I get in touch with my counselor, to vent out everything going on in my head, so that I could give my all to my performance.
There is a lot of pressure from every aspect, be it the results or people's expectations, and a lot more that comes in, which is not easy to cope up with, that's when I do everything I should to keep my mind healthy and sound, and concentrate only on my practice, coach's words and give myself completely to my performance only. And I guess, this is the 'mantra' I follow."

**সুকণ্যা সরকার, (MPEd Sem-4):** ইভেন্ট পারফর্ম করার সময় কিভাবে আপনি মনসংযোগ করেন?




**দীপা কর্মকারঃ** "জিমন্যাস্টিকস এর ক্ষেত্রে কনসেন্ট্রেশন খুবই গুরুত্বপূর্ণ। ছোট থেকেই আমরা যখন কোচ এর কাছে প্র্যাক্টিস করতাম তখন কোচ আমাদের এটাই প্রথম শিখিয়েছিলেন যে কনসেন্ট্রেশন কিভাবে করতে হয়। আমি যখন প্র্যাক্টিস করি আমার পুরো কনসেন্ট্রেশন আমার পারফরম্যান্স এর ওপর থাকে, অন্য কোনো দিকে থাকে না। কারণ কনসেন্ট্রেশন ব্রেক হলেই আমাদের চোট লেগে যাওয়ার সম্ভাবনা থাকে। বিভিন্ন কম্পিটিশন এও আমরা দেখেছি যে কনসেন্ট্রেশন ব্রেক হওয়ার কারণে ভালো ভালো প্লেয়ারের গুরুতর ইনজুরি এসেছে ,আবার অনেকে মারাও গেছেন। তাই ইভেন্ট পারফর্ম করার সময় অবশ্যই এগুলো মাথায় রাখতে হয়। তখন আশেপাশে কি হচ্ছে বা কে কি বলছে, সেসব কিছুই মাথায় থাকে না।"

**মামনি হাঁসদা, (MPEd Sem-4):** রিও অলিম্পিকের ফাইনাল ইভেন্টে আপনার পারফরম্যান্স আমরা দেখেছি। এর অভিজ্ঞতা যদি আমাদের সঙ্গে শেয়ার করেন।



**দীপা কর্মকারঃ** "সত্যি, খুব ভালো অভিজ্ঞতা ছিল। ওই দিনটা একটা স্পেশাল দিন ছিল, ফোরটিন্থ আগস্ট। তখন ঘড়িতে রাত এগারটা পনের কি ষোল বাজে। আমি সত্যিই জানতাম না যে ওই সময় সারা ভারতবাসী রাত জেগে বসে আছে আমার ভল্ট দেখার জন্য। সেসময় আমার কাছে কোন ফোন থাকতো না, স্যার আমার কাছে ফোন রাখতে দেননি। কোন সোশ্যাল মিডিয়ার সঙ্গে কোন যোগাযোগ ছিল না। ফলে কে কি বলছে, বাইরে কি হচ্ছে, সে সব কিছুই আমি জানতে পারতাম না। তো ওই দিন যখন আমি ফাইনাল-এ উঠি, তখন স্যার আমাকে বলেছিলেন, "তুমি তোমার বেস্ট-টা দেবার চেষ্টা করো।তুমি যদি ভালো করো তো, আর একটু এগোবে, আর যদি খারাপ করো তো, তুমি আট নাম্বারেই থাকবে। তোমার যে ভাবে ভালো লাগে সে ভাবেই তুমি পারফর্ম করার চেষ্টা করো।

যাই করো না, নিজের হান্ড্রেড পারসেন্ট দেওয়ার চেষ্টা করো।" তো স্যার আমাকে কখনই বলেননি যে তোমাকে পজিশন্ পেতে হবে, বা মেডেল পেতে হবে। তাই প্রেশার একদমই ছিল না এবং নিজের হান্ড্রেড পারসেন্ট দেওয়ার চেষ্টা করেছি। ফাইনালে আমি যখন দুটো ভল্ট শেষ করি, তখনও সেরকম কিছু চাপ অনুভব করিনি। আসলে মেডেল পেতেই হবে এই চাপটা ছিল না বলেই হয়তো এটা সম্ভব হয়েছে। আর আমার স্যারও এবিষয়ে কখনও আমাকে প্রেশার দেননি।

রিও অলিম্পিকের অভিজ্ঞতা অবশ্যই একটা স্পেশাল ব্যাপার। কিন্তু সেটা প্রথম দিকে খুব স্পেশাল একটা কিছু ছিলনা। অলিম্পিকে যাওয়ার আগে সিলেকশন পাওয়াটা ছিল বড় ব্যাপার। তো সিলেকশন হয়ে যাওয়ার পর আমার মধ্যে অন্য কোন টেন্ডেন্সি ছিল না। সেরকম বিশাল কিছু চাপও ছিল না। আমার স্যার ও কখনও আমাকে প্রেশার দেননি। আমাকে কখনই বলেননি যে আমাকে কোন মেডেল আনতেই হবে। শুধু বলেছিলেন তোমাকে বেস্ট পারফরম্যান্স দিতে হবে। তো তখন আমার মনে শুধু এটাই ছিল যে, আমাকে বেস্ট পারফরম্যান্স দিতে হবে।

তো অলিম্পিকে যখন ইভেন্ট পারফর্ম করেছি, সেরকম কিছু চাপ অনুভব করিনি। যেদিন ফাইনাল ইভেন্ট পারফর্ম করলাম, আমি খুব ভালই করেছিলাম। আমার স্কোর পনেরোর উপর ছিল। আমি মনে মনে খুব খুশিই ছিলাম, ভেবেছিলাম ভালো কিছু একটা হবে। কিন্তু রেজাল্ট বের হতে দেখলাম, কোন মেডেল পাইনি, ফোর্থ পোজিশন পেয়েছি। তখন আমার কষ্ট হয়েছিলো, মনটা খুব ভরাক্রান্ত হয়ে পড়েছিল।

তারপর যখন দেশে ফিরলাম, তখন আমার কোচকে বললাম, 'স্যার আমি তো কোন মেডেল পাইনি, তাই মনে হয় আমাদের কেউ মনেও রাখবে না। এয়ারপোর্টে কেউ নিতেও আসবে না। আমরা পৌঁছে একটা ট্যাক্সি নিয়ে বাড়ি চলে যাব'। তখন স্যার আমায় বললেন, ' তুমি কি জান যে রাত সাড়ে এগারটার সময় গোটা ইন্ডিয়া জেগে বসে ছিল তোমার পারফরমান্স দেখতে? মেডেল পাওনি তো কি হয়েছে, তোমার জন্য আজ দেশের সমস্ত মানুষ গর্বিত।"

**সুমনা মুখোপাধ্যায়, (MPEd Sem-2):** জিমন্যাস্টিক ছাড়া আপনার আর কি কি ভালো লাগে বা পছন্দ করেন?




**দীপা কর্মকারঃ** আমার পছন্দের জিনিষ শুধুমাত্র জিমন্যাস্টিক, জিমন্যাস্ট্রিক আর জিমন্যাস্টিক। এ ছাড়া আমি আর অন্য কিছু ভাবিনা। তাই আমার ভালোলাগার জগতের সটটুকু জুড়েই জিমন্যাস্টিক। হ্যাঁ, তবে কিছুকিছু সময়ে শপিং করতে খুব ভালো লাগে। আর, হ্যাঁ, আমি খেতে খুব ভালবাসি।"

**Jyoti Kant Mayur, ( BPEd Sem-4):** What will be your advice to the blooming Gymnasts?




**দীপা কর্মকারঃ** "Yes, my advice to the upcoming gymnast will be (i) proper systematic training from beginning; (ii) training must be started at young age, I mean at the age of 5 to 6 years; and (iii) regular practice with strong determination will definitely overcome each and every hurdles one by one from time to time. If the young gymnast follows these counsels, I am sure that she will get success."

**টুম্পা মাহাতো, (BPEd Sem-1):** যদি আপনি জিমন্যাস্টিকস্ ছাড়া অন্য কোন খেলা খেলতে চাইতেন, সেটা কি হতো?




**দীপা কর্মকারঃ** "না, সত্যি কথা বলতে কি আমি জিমন্যাস্টিকস ছাড়া অন্য কোনও খেলার কথা কোনোদিন ভাবিনি। ছোট বেলা থেকেই জিমন্যাস্টিকসই ছিল আমার ধ্যান ও জ্ঞান। সে ভাবেই বড়ো হয়েছি।
তবে আজকাল মাঝে মাঝে ব্যাডমিন্টন খেলা দেখি, বেশ ভালো লাগে। তবে জিমন্যাস্ট না হলে আমি অন্য কোন খেলা খেলতাম, নাকি ডাক্তার হতাম, নাকি ইঞ্জিনিয়ার হতাম, নাকি হাউসওয়াইফ হতাম, তা আমি জানি না। সত্যিই জানিনা।"

**লক্ষী বিশ্বাস, (BPEd Sem-2):** আপনি কি কি খেতে ভালোবাসেন? আপনার ফেভরিট খাবার কি?




**দীপা কর্মকারঃ** " ট্রেনিং পিরিয়ডে খাবারের ওপর খুব একটা নিজের চয়েস থাকে না। তখন ডায়েট চার্ট ফলো করতে হয়। তবে আমি মিষ্টি খেতে ভালোবাসি।... এ ছাড়া বার্গার, বিশেষতঃ ম্যাকডোনাল্ডসের বার্গার খেতে খুব ভালোলাগে। আর...আর, ও হ্যাঁ, ইলিশ মাছ খেতে খুব ভালোবাসি। মিষ্টি, বার্গার (ম্যাকডোনাল্ডসের) আর ইলিশ - এই তিনটি খাবারই আমার ফেভারিট।

**Trisha Dutta (BPEd Sem-4):** How do you face your failures?




**Dipa Karmakar:** Honestly, I believe, without failure no one gets success. When you fall then only you learn how to stand. And we must always learn from our failures and they are our best lessons for the life. They make you even stronger to work hard."

**সুমেকা বেগম, (MPEd Sem-4):** ভবিষ্যত জীবনে আপনি আর কি কি করতে চান, মানে আপনার ভবিষ্যৎ প্ল্যান কি?



**দীপা কর্মকারঃ** "ভবিষ্যতে আমি আরও অনেক কিছু করতে চাই। আমি আমার দেশের জন্য অনেক মেডেল আনতে চাই। আমার দেশ কে অনেক ভালো জায়গায় represent করতে চাই। যে মেডেল আমার অধরা ছিল তা পেয়ে দেখাতে চাই যে ভারতের মেয়েরাও একজন খেলোয়াড় হয়ে অনেকে কিছু করতে পারে। আমি আমার gymnastics দিয়েই দেশের গৌরব বিশ্বের কাছে তুলে ধরতে চাই।"

**সম্পা পাল (BPEd, Sem-4):** আপনি কবে, কোথায় প্রথম মেডেল পান?




**দীপা কর্মকারঃ** "প্রথম মেডেল? আমার ঠিক মনে নেই। তবে সম্ভবতঃ ২০০১ বা ২০০২ সালে আগরতলাতে একটি প্রতিযোগিতায় আমি প্রথম গোল্ড মেডেল ও ট্রফি পাই।"

**Sanchayita Karar (MPEd, Sem-2):** আমরা জানি যে কঠিন ট্রেনিং করে আপনি আপনার শারীরিক ফিটনেস ঠিক রাখেন, কিন্তু আপনি আপনার মানসিক ফিটনেস ঠিক রাখেন কিভাবে? কিভাবেই বা মনের গভীরে আসা নেগেটিভ চিন্তাগুলোকে দুরে রাখেন? (We know you keep yourself physically fit by doing hard physical training, but how do you manage your mental fitness and avoid all negativity?)




**দীপা কর্মকারঃ** "আমরা এখন এমন একটা অবস্থার মধ্যে দিয়ে যাচ্ছি যে মনের মধ্যে নেগেটিভ থিঙ্কিংগুলো বেশি বেশি করে আসছে। সারাদিন ঘরের মধ্যে বন্দী আমরা, বাইরে যেতে পারছিনা। ভীষণ ফাসট্রেশন আসছে। সারাদিন ঘরের মধ্যে, তাই নিজেকে নানান পজিটিভ দিকে ইনভলভ করা দরকার। তো তোমরা কি করবে, সব সময় পজিটিভ চিন্তা করবে, যেটা ভালো লাগবে সেটা বেশী করে করবে। আমার কথা যদি বল তো, শুনলে খুব অবাক হবে যে, আমি আগে হয়তো তিন ঘণ্টা প্র্যাকটিস করতাম, এখন অনলাইনে আমি পাঁচ ঘণ্টা ছয় ঘণ্টা প্র্যাকটিসে ডুবে থাকি। এখন আমাদের হাতে কত সময়, কত সময়। ফোন দেখে, সোশ্যাল মিডিয়া করে, টিভি দেখে বিরক্ত হয়ে যাচ্ছি। আমাদের ফ্রেন্ডস সার্কেলের মধ্যে যারা, আমরা চাইছি নিজেদের এমন কোন কাজের মধ্যে ইনভলভ করা, যাতে সেটা তোমাকে পজিটিভ দিকে ব্যস্ত রাখবে, মনে নেগেটিভ থটস থেকে দূরে রাখবে। সুতরাং সব সময় পজিটিভ থিংকিং করো, পজিটিভ থটস গুলো নিয়ে ব্যস্ত থাকো। আমি সকালে উঠে মেডিটেশন করি, তারপর এক্সারসাইজ। এগুলো সবই পজেটিভ দিক। সকালে উঠে তোমরা মেডিটেশন কর, ভালো ভালো কথা ভাবো, এক্সারসাইজ করো, সব সময় পজিটিভ থাকো। এগুলোই তোমাকে পজেটিভ বানাবে ও স্ট্রং করবে।"

**Pintu Sil (Teacher):** ফাইনালের স্কোরবোর্ড দেখে সারা দেশবাসীর মতো আমাদেরও খুব মন খারাপ হয়েছিল। আমাদের খালি চোখে মনে হয়েছিল তৃতীয় স্থানাধিকারী মেয়েটির থেকে আপনার পারফরম্যান্স ভালো ছিল। সেই মুহূর্তে আপনার মনের অবস্থা কেমন ছিল?




**দীপা কর্মকারঃ** "তখন আমার খুব মন খারাপ হয়ে গেছিলো। খালি মনে হচ্ছিলো যে, আমি যদি আর একটু হার্ড ওয়ার্ক করতাম, আর একটু যদি এফর্ট দিতাম তাহলে হয়ত বা আমায় শূন্য হাতে ফিরতে হতো না। দেশের মানুষ জনের জন্য হয়তো একটা মেডেল সঙ্গে নিয়ে যেতে পারতাম। কথাগুলো ভেবে আমার কান্না পেয়ে গেছিলো। বারবার মনে হচ্ছিল, কেন আর একটু হার্ড ওয়ার্ক করলাম না! যদি আর একটু হার্ড ওয়ার্ক করতাম তাহলে হয়তো আমার হাতেও একটা মেডেল থাকতো, আর দেশের মানুষরা সত্যিই আমার জন্য গর্বিত হতে পারতেন।"

**অনুলিখনঃ** পিন্টু শীল, অধ্যাপক, রাষ্ট্রীয় মহিলা শারীরশিক্ষা মহাবিদ্যালয়, হেস্টিংস হাউস

---

"যদি একটি দেশকে দুর্নীতিমুক্ত এবং সুন্দর মনের মানুষের জাতিতে রুপান্তরিত করতে হয়, তাহলে আমি বিশ্বাস করি এতে তিনজন মানুষের সবচেয়ে বেশি ভূমিকা থাকে – বাবা,মা আর শিক্ষক"

**— এ.পি.জে আব্দুল কালাম**

## COLLEGE PROGRAMME & ACTIVITIES



Folk Dance Presented By Janajati Students of the College -2023



Exchange of MOU between SIPEW & GPECW



Students Credit Card Awarness Development Seminar-2022




Dr. Manoj Kumar Murmu, Chief Guest of Janajati Gaurab Divas Programme - 2022



National Youth Day -2023, Chief Judges in Speech Competition, Dr. S Basak & Dr. K Sana



Intramural Volleyball Competition Final Match-22-23

# EMPOWERING WOMEN THROUGH VOLLEYBALL WORKSHOP (EWTVW)-2022




Guest from German Consulate and forgien participant in International Volleyball Workshop-2022



Resource Person, Guests & Teachers of SIPEW in International Volleyball Workshop-2022




Prize Distribution Ceremony after Women Volleyball Match in International Volleyball Workshop-2022



German Consal Mr. A. Manfred with OIC, Resource persons & Guest at SIPEW in EWVW-2022




Joydeep Sarkar falicited in the Validictory Session of EWVW-2022




Resource persons in IVW2022



***About the author:*** *Dr. Pintu Sil, Associate Professor is working in the higher education department in WBES Cadre since 2007 and presently working at State Institute of Physical Education for Women Hastings House, Alipore, Kolkata as Principal from 23.03.24. He also served as Officer in Charge in the same institute and also at GCPEW Dinhata. Dr. Sil writes many such kind of short stories on sports and physical education personalities. Interested person may read his writing by clicking on his blog:* ***pssportd.blogspot.com***

# স্বর্গ থেকে অলিম্পিক স্টেডিয়াম - প্রথম সোনার পরীর আশ্চর্য দৌড়

পিন্টু শীল



২৮শে জুন ১৯৩১ সালের এক রোদ্দুর ভরা সকাল। দিনটা ছিল ভীষণ গরম।

হাঁসফাঁস করা সেই গরম থেকে মুক্তি পেতে মেয়েটি তাঁর খুড়তুতো বোনকে বলল, "চল না, তোর প্লেনে করে একটু মেঘের ওপর থেকে ঠান্ডা হাওয়া খেয়ে আসি। এ গরমে আর পারা যাচ্ছে না।"

বোনের ছিল ছোট্ট একটা প্লেন। সঙ্গে সঙ্গে রাজি হয়ে গেল সে।

"তার চেয়ে ঠান্ডা জলে একটু সাঁতার কেটে এলে তো আরও ভালো হোতো?" যেতে যেতে বলল তার দিদি।

"তার কি যো আছে? কোচ আমাকে সাঁতার কাটতে বারণ করে দিয়েছেন।"

"কেন?"

"সাঁতার কাটলে নাকি মাসল লুজ হয়ে যায়, ভালো দৌড়ানো যায় না!"

রোদ্দুর ভরা সেই সকালে চিকাগোর আকাশে ছোট্ট একটি প্লেন দুটি কিশোরী কন্যাকে নিয়ে নির্বিঘ্নে পাখা মেললো।

কিন্তু কি যে হল তারপর, ছয়শো মিটার উঠতে না উঠতেই ইঞ্জিন গেল বিগড়ে। বিপদ দেখে তখনি নামতে চাইল তারা। কিন্তু তা আর হল না। আকাশ থেকে গোত্তা খেয়ে সোজা মাটিতে মুখ থুবড়ে পড়ল ছোট্ট প্লেনটি।

প্রচন্ড আওয়াজ শুনে গ্রামের লোকেরা দৌড়ে গেল ঘটনাস্থলে। ভেঙে টুকরো টুকরো হয়ে যাওয়া সেই প্লেনের ধ্বংসাবশেষ থেকে টেনে হিঁচড়ে বের করল দুটি কিশোরীর ক্ষত-বিক্ষত দেহ। একটি অচেতন, অন্যটি মৃত। যে লোকটি কিশোরীর দুটির দেহ টেনে বের করেছিল, সে অচেতন মেয়েটিকে দ্রুত নিয়ে চলল হসপিটালে চিকিৎসার জন্য, আর মৃত অন্য মেয়ের দেহটিকে তুলে দিল ট্রাকের পিছনে, মর্গে রাখার জন্য।

মর্গে পৌঁছে মৃতদেহটাকে দ্রুত সমাধি দেওয়ার জন্য পরিচিত ব্যক্তির হাতে তুলে দিলেন তিনি, তারপর ছুটলেন অচেতন মেয়েটির চিকিৎসার জন্য।

মৃত কিশোরীর দেহটিকে মর্গে মৃতদেহের স্তূপে রাখতে গেলেন সেই পরিচিত ব্যক্তি, কিন্তু সৌভাগ্যক্রমে বহুদিন ধরে মৃতদেহ নাড়াচাড়া করার অভিজ্ঞতায় তিনি অচিরেই বুঝতে পারলেন মেয়েটির মধ্য তখনো জীবন আছে। তখন দ্রুত তাকে ভর্তি করা হল পাশের গ্রামীন হসপিটালে।

চলল যমে মানুষে টানাটানি, প্রায় এগারো মাস ধরে। অবশেষে প্রাণ বাঁচল মেয়েটির, কিন্তু বাঁ-পা'টা চীরকালের জন্য খোঁড়া হয়ে গেল।

ডাক্তার বললেন, "সারাজীবনটা এবার তোমায় খুঁড়িয়ে খুঁড়িয়েই চলতে হবে।"

"আর দৌড়ানো, ডাক্তারবাবু? আমি আবার দৌড়াতে পারবো তো?" ব্যাকুল হয়ে জিজ্ঞাসা করে মেয়েটি।

"তা আর কোনদিনও সম্ভব নয়।" জানালেন ডাক্তারবাবু।

মাথা নিচু করে খুঁড়িয়ে খুঁড়িয়ে বাইরে এল মেয়েটি। চোখের জলে ঝাপসা হয়ে উঠল সব কিছু। চোখের সামনে জলছবির মতো ভেসে উঠল তিন বছর আগেকার অলিম্পিক স্টেডিয়াম। আমস্টারডাম অলিম্পিক, ১৩ই জুলাই, ১৯২৮। অলিম্পিক্সের ইতিহাসে প্রথম মেয়েরা অ্যাথলেটিক্সের মাঠে। শুরু হচ্ছে ১০০মি দৌড়। হাজার হাজার দর্শক। দৌড় শুরু হল। তার মধ্যে হরিণের গতিতে দৌড়ে যাচ্ছে একটি কিশোরী মেয়ে, একে একে তার পাশ থেকে পিছিয়ে যাচ্ছে অন্যরা, তার সামনে এখন শুধু সমাপ্তি রেখা। ডান দিকের ট্রাকে সমানে টক্কর দিয়ে আসছে রোসেনফেল্ড, কানাডার মেয়ে। দুরন্ত দৌড়ায়। শেষ মুহূর্তে বুকটাকে সামনে এগিয়ে সমাপ্তি রেখা স্পর্শ করল মেয়েটি। পাশের রোসেনফেল্ডও তো একই সাথে ছুঁল ফিনিশিং লাইন। কিশোরী মেয়েটি একটু কনফিউসড্। তবে কি সে ব্যর্থ হল? তখনি তাঁর চোখে পড়ল স্ট্যান্ডে তাঁর টিমমেটদের উচ্ছ্বাস্। তাহলে কি সত্যিই সে পেরেছে? সত্যিই কি সে অলিম্পিকের ইতিহাসে হতে পেরেছে প্রথম 'সোনার পরী'?

পোডিয়ামে দাড়িয়ে গলায় সোনার পদক পরেও বিশ্বাস হচ্ছিল না তাঁর। কেঁদে ফেলল ঝরঝর করে। লাজুক হাসিতে বারবার চোখ নামিয়ে নিল লজ্জায়। আধুনিক অলিম্পিকে অ্যাথলেটিক্সের ইতিহাসে সোনা জয়ী প্রথম দ্রুততমা নারী। তখনো সে হাই স্কুলের ছাত্রী, বয়স মাত্র ষোলো বছর।

এরপরের আড়াই বছর ধরে চলল অসংখ্য রূপকথার সৃষ্টি। ১৯২৯ সালে পরপর ৫০মি ও ১০০মি দৌড়ে বিশ্বরেকর্ড। ১৯৩১ সালে ৬০মি ও ৭০মি দৌড়ে বিশ্বরেকর্ড। মাত্র পাঁচ মাসের ট্রেনিং, আর তিনটি প্রতিযোগীতায় অংশ নিয়ে অনায়াসে বিশ্বের দ্রুততমা কিশোরীর তকমা ছিনিয়ে আনা সেই মেয়েটির চোখে তখন নিজের দেশে অনুষ্ঠিত হতে যাওয়া পরবর্তী অলিম্পিকে আবার শেষ্ঠত্বের মুকুট পরাই পাখির চোখ। এমনই এক সময়ে এই ভয়ংকর দুর্ঘটনা তাঁর কাছ থেকে ছিনিয়ে নিল সমস্ত কিছু।

১৯৩২ সালে নিজের দেশে লস অ্যাঞ্জেলস্ অলিম্পিক তার চোখের জলে ভিজে সামনে ঝাপসা হয়ে বেরিয়ে গেল।

কিন্তু লড়াই তাঁর রক্তে! সে হাল ছাড়ল না, বরং বদলে নিল লক্ষ্য! ১৯৩৬ সালের বার্লিন অলিম্পিক হল তাঁর পাখির চোখ। শুরু হল অসম্ভবকে সম্ভব করার এক দুঃসাধ্য লড়াই। কিন্তু বাঁ পায়ের অস্বাভাবিকতার জন্য ক্রাউচ স্টার্ট নেওয়া সম্ভব হল না। মেয়েটিকে প্ল্যান বদলাতে হল। সে স্প্রিন্ট ইভেন্ট থেকে সরিয়ে নিল নিজেকে, বদলে সে বেছে নিল ৪x১০০ মি রিলে দৌড়। এখানে ক্রাউচ স্টার্টের দরকার নেই, স্টান্ডিং স্টার্ট দিয়েই শুরু করতে পারবে সে, কারণ সে থাকবে মাঝখানের অ্যাথলিট হিসাবে। তাহলে আর তাঁকে পা ভাঁজ করে স্টার্ট নিতে হবে না।




এরপর এল সেই দিন। চার বছরের অসাধ্যসাধনের পর আবার মেয়েটি অলিম্পিকের মঞ্চে, ফাইনাল দৌড়ের আসরে। আটবছর আগের অলিম্পিকে সে ছিল সবার ছোট, আর এবার সে তার দলের মধ্যেই বয়সে সবচেয়ে বড়। সেবার প্রতিদ্বন্দ্বীতা ছিল ব্যাক্তিগত স্তরে, এবার সেই দৌড় দলগত ইভেন্টে। ৪x১০০ মি রিলে দৌড়, ফাইনাল। আমেরিকা যুক্তরাষ্ট্রের সামনে দুরন্ত 'জার্মান' দল। আবার তাঁদের দেশেই এই অলিম্পিক। হিটলারের জাত্যাভিমানের জয়ধ্বজা উড়িয়ে ফাইনালে বিজয়ী হওয়ার প্রধান দাবীদার। মানে হট ফেবারিট!

স্টার্টিং গানের আওয়াজের সঙ্গে সঙ্গে শুরু হল দৌড়। জার্মান টীম প্রথম থেকেই লীড নিয়ে দৌড়াতে রাখল। আমেরিকার দল সমানে টক্কর দিতে লাগল তাঁদের সঙ্গে। আমেরিকার সেই রিলে দলে মেয়েটি তিন নম্বর অ্যাথলিট। তাঁর দায়িত্ব দ্বিতীয় অ্যাথলিটের কাছ থেকে রিলে ব্যাটনটি নিয়ে দুরন্ত গতিতে ঠিকভাবে তাঁদের দলে সেরা অ্যাথলিট 'হেলেন স্টিফেন্সের' হাতে তুলে দেওয়া।

মেয়েটি যখন হাতে ব্যাটন পেল তখন জার্মান টীম অন্ততঃ নয় মিটারের দুরত্ব এগিয়ে। মেয়েটির মনে ভেসে উঠল সেই দিনটির কথা যেদিন তাঁকে মৃত বলে লাশকাটা ঘরে ফেলে রাখা হয়েছিল। তাঁর মনে ভেসে উঠল সেই ডাক্তারবাবুর কথা যিনি বলেছিলেন যে জীবনে সে আর কোনদিন দৌড়তেই পারবে না। তাঁর মনে ভেসে উঠল প্রতিটা দিনের দাঁত চাপা লড়াই এর কথা। সমস্ত দুনিয়া, সমস্ত দর্শক, সম্পূর্ণ স্টেডিয়াম অদৃশ্য হয়ে গেল তার চোখের সামনে থেকে। সে শুধু দেখল তাঁর সামনের মসৃণ রানিং ট্র্যাক শেষ হয়ে গেছে, সামনে ব্যাটন নেওয়ার জন্য দাড়িয়ে আছে হেলেন। শেষ শক্তিবিন্দু উজাড় করে মেয়েটি ব্যাটনটি মসৃনভাবে তুলে দিল তাঁর হাতে।

এরপর বাকিটা ইতিহাস। অ্যাথলেটিক্সে প্রথম সোনার মেয়ে আবার 'সোনার মেডেল' গলায় ঝুলিয়ে দাঁড়াল বার্লিন অলিম্পিকের পোডিয়ামে। মৃত হিসাবে মর্গে থেকে ফিরে এসে, শারীরিক প্রতিবন্ধকতা জয় করে 'ফিনিক্স পাখির' মতো জীবিত হয়ে আবার অলিম্পিকের মাঠে নিজের শ্রেষ্ঠত্ব পুনরুদ্ধার করার মতো আধুনিক রূপকথার রচয়িতা এই নারী হলেন বেটি রবিনসন্।

আমরা ক'জন জানি অলিম্পিকের ইতিহাসে স্বর্ণাক্ষরে লিখে রাখা এই মেয়ে শারীরশিক্ষার ছাত্রী ছিলেন? আমেরিকার নর্থওয়েস্টার্ন বিশ্ববিদ্যালয় থেকে তিনি বি.পি.এড পাশ করেন। ট্র্যাক থেকে বিদায় নেওয়ার পরও আজীবন তিনি খেলাধূলার সঙ্গে নিজেকে জড়িয়ে রেখেছিলেন। তবে অ্যাথলিট হিসাবে নয়, 'অফিসিয়াল' হিসাবে।

১৯৯৯ সালের ১৭ই মে এই সোনার মেয়ে সত্যি সত্যিই এই নশ্বর জগতের ট্র্যাক থেকে বিদায় নেন।

তিনি বলতেন, 'অসম্ভব বলে যারা হাল ছেড়ে দেয় আমি তাদের দলে নই। আমি সেই দলে থাকতে ভালবাসি যারা অসম্ভবকে একদিন সম্ভব করে তোলে।'

উৎসাহী পাঠককে অনুরোধ, তাঁর জীবন নিয়ে লেখা বইটি (The first Lady of Olympic Track) পড়ে ফেলুন। দেখতে পাবেন সত্যিকারের 'অ্যাথলিট' এবং 'অ্যাথলেটিক স্পিরিট' বলতে কি বোঝায়! আর ইন্টারনেটে সার্চ করলেই পাওয়া যায় সেই অপার্থিব এবং অলৌকিক দৌড়! লিঙ্ক দেওয়াই থাকলো। ক্লিক করে অবশ্যই দেখে নিন।

Link to watch the sprint of Robinson:
https://www.facebook.com/watch/?v=10157566024874216

---

*"The difference between the old ballplayer and the new ballplayer is the jersey. The old ballplayer cared about the name on the front. The new ballplayer cares about the name on the back."*

**– Steve Garvey**



# Ludwig Guttmann, The Father of Paralympic Games

**Ludwig Guttmann, The Father of Paralympic Games,** born in Tost, Germany (now Toszek, Poland) on the day of 3rd July in 1899. Guttmann went on to receive his M.D. in 1924. He subsequently began research on spinal cord injuries and performed several neurosurgical procedures, rising to prominence as one of Germany's top neurosurgeons by his early thirties.

However, with the rise of the Nazi party and the passing of the Nuremberg Laws in 1933, Guttmann was prevented from practising medicine professionally. Following Kristallnacht in 1938 and the increasing persecution of Jews in Germany, Guttmann was forced to leave Germany with his family and was able to escape to England in 1939.

In England, Guttmann advanced his research in paraplegia. In 1944, he put his innovative approach into practice as the director of the National Spinal Injuries Center at Stoke Mandeville Hospital. In 1948, he organized a 16-person archery contest, one of the first official competitive sporting events for wheelchair users. Later called the "Stoke Mandeville Games" or the "Olympics for the Disabled," the competition demonstrated the power of elite sport to break down barriers for disability and garnered the attention of global medical and sporting communities.



**Sir Ludwig Guttmann, Honoured with Google Doodle on his 122nd Birth Anniversary**
Google Doodle paid homage to Sir Ludwig Guttmann, known as the founder of the **Paralympic Games**.

Composed by : **Dr. Pintu Sil**



***About the author:*** *Dr. Tapan Mohon Chakraborty is well known teacher of Physical Education. He also worked as ADPI, Physical Education in Education Directorate, Govt. of West Bengal. He also extends his service as Officer in Charge, SIPEW, Hastings House on and from 29.11.1996 to 03.08.1997. His present writing is an example of his unique thinking in which he revealed the importance of exercise for older aged people.*

# Physical Activities for the Aged

Tapan Mohan Chakraborty

The early Aryan Society was divided into four social castes or classes viz. the Brahmans or priestly caste; the Kshatriyas or soldier class; the Vaisya or farmer class; and the Sudras or Labourers. For each man there was a place in society and a function to fulfill with its own duties and rights. Like the Chaturvarna, the life of an individual Aryan was divided into four stages such as Brahmacharya, Garhasthya, Vanaprastha and Sannyasa. Duties performed in each stage of life have been illustrated in the following few sentences.

**Brahmacharya** or celibate student life is the first stage of life. It is a mode of life marked with devoted study of the Vedas compulsorily staying at the residence of gurus and to acquire practical experiences of meaningful living.

**Garhasthya** is the second stage of life. Having mastered the Vedas or part thereof, the students used to return to parental homes and marry to become a house leader to lead the domestic life.

**Vanaprastha** is the third stage of life. Well advanced in middle age and when he had seen his children's children (grand children), a man should leave his home and hearth and go to the forest to pass the remaining days of life in spiritual meditation i.e. to become a hermit.

**Sannyasa** is the last stage of life i.e. the life of an ascetic (mendicant). By meditation and penance, he freed his soul from the material things, until at last a very old man, he left his hermitage and became a homeless wanderer renouncing the material world and maintaining severe self-discipline.

The series of four stages of life is evidently an idealization of facts which many men in ancient India attempted to follow. As the civilization has progressed, social and cultural changes have taken place throughout the ages. Accordingly man has modified his living. In due course the order of chaturashrama has been found impractical and outdated. And they are no more in practice since long. The present era is the age of adjustment with modern living.

**Senior Citizen:** Any person over the age of sixty is labelled as senior citizen. Usually, this is considered to be the age of retirement on superannuation for service holders. Here the aged refer to senior citizen. The life of senior citizens may be compared with the stage of Vanaprastha of the Vedic era. They don't go to the forest now. The forests have turned into human habitation.

**Hypokinetic Disease:** The kinds of disease which arise from inactive life style are spondylolysis, diabetes, hypertension, obesity, increase in body fat etc. Due to invention of labour saving devices and improvement of modern technology, people don't have to toil themselves like their ancestors. As a result, they are becoming idler and more apathetic to physical labour. Moreover, most of the available jobs at present, especially in IT sector, are sedentary in nature.

**Gerentology:** Ageing is a natural process. Old age is not a disease to be healed. It is to be protected from all miseries. It should be regarded as a normal, inevitable biological phenomenon. The state of the physical and mental infirmity of old age is known as senility. Exposition of loss of mental faculties is a characteristic associated with old age. The study of the physical and psychological changes which are associated with the old age is called gerontology. The care of the aged is termed as clinical gerontology or geriatrics. There is another branch of gerontology which is recognized as social gerontology. The instincts of humanitarian and social attitudes on the one hand and the increasing number of old people on the other have given birth to social gerontology. The state and the community must take the responsibility to help the aged to fight triple evils of poverty, loneliness and ill-health. They should be free from anxiety, want and boredom. The less privileged elderly need more love and care to make their world healthier and happier.

**Problems of Ageing:** Discoveries in medical sciences and better social conditions have increased the longevity of man and the number of old people is continuously on the increase and the size of the aged population in our country appears to be considerably high. According to an article published not at a distant past in Calcutta Times, the number of senior citizens in the country is more than 85 million.

No one knows when old age begins. It is an attitude of mind. The biological and chronological age are not identical. Nobody grows old by living a certain number of years. Years wrinkle the skin but worry, doubt, tear, anxiety and self-distrust wrinkle the soul. Senescence is the process of becoming old and some of the disabilities considered associated with ageing are (a) senile cataract (b) glaucoma (c) nerve deafness (d) bony changes affecting mobility (e) emphysema (the disease that affects the lungs and makes breathing difficult) (f) failure of special senses (g) changes in mental outlook.

The main causes of illness are arthritis, cataract, bronchitis, avitaminiosis, ear diseases, hypertension, diabetes, rheumatisms, helminthic infestations, accidents etc.

**Physical Activities:** Health is not a commodity which can be purchased with money. It is an asset to be gained by sheer hard-work. It is a state of complete equilibrium of body, mind and spirit.

There has been considerable research in recent years which shows that elderly persons are not engaging sufficiently in physical activities and as a result, their health is impaired. There seems to be lack of adequate physical education experiences. A person who exercises on a

regular basis and maintain healthy life style (e.g. consumes healthy diet, does not smoke or drink alcohol, takes adequate rest and sleep etc.) appear to be in a better state of health to delay the morbidity and disability associated with an inactive life style. Gradual loss of lean body tissue at different ages for different individuals causes decrease in maximal cardiac output, maximal oxygen consumption, strength and performance.

Activities for the elderly will vary from person to person. The principle of "What is sauce for the goose is sauce for the gander" does not apply. Each individual needs personal care and attention and their participation in physical activities depend upon their personal state of health.

Suggested activities for the senior citizens are free hand exercises, aerobics, walking, cycling, swimming, yogasana, pranayama and the like. They may take to gardening. Bird watching may be one of the activities which require long walking along the river side and in the forest. The physicians should be consulted before they engage in any kind of activity.

For the elderly, yogasana and pranayama are the activities which may be considered most suitable and beneficial to their health. Yoga is a timeless pragmatic science evolved over thousands of years dealing with the physical, moral, mental and spiritual well being of a man as a whole. Pranayama is called the soul of yoga. The third limb of yoga is asana i.e. yogic posture. The asanas have been developed over the centuries so as to exercise every muscle, nerve and gland in the body. They help to secure a fine physique without being muscle bound and they keep the body free from diseases - physical and mental. To perform them one needs a clean airy space, a blanket and determination and no costly equipment. Pranayama is the fourth and very important stage of asthanga yoga. It is the science of breath its extension and control. Puraka (inspiration). Rechaka (expiration) and Kumbhaka (retention of breath) are the three phases of pranayama.

Besides one may practice Surya Namaskara. It is a combined sequence of twelve yoga asanas. These are simple and can be performed by one and all.

Life of the aged is full of worries and anxieties, besides stress and strain. Most of them feel lonely as their next to kin are not next to him but at a distant place for some obvious reasons. These make one's life miserable and distressful. Tension is the worst enemy of man and the cause of all psycho-somatic diseases. The best way to get rid of tension is to spend some time in meditation each day to awaken one's Kulakundalini. The process of meditation is to engage in deep contemplative thought or to concentrate on one thing or nothing, having emptied the mind of all thoughts. Meditation will help to achieve some spiritual enlightenment. It may be considered as a kind of spiritual exercise. The scripture says to surrender everything to the Lord. If everything is surrendered to the divine, one enjoys eternal bliss and peace.

The aged persons may continue to participate in their favourite sports. Veteran athletic meets technically termed as Masters Meets are very popular among the aged. World Masters Meet is held every four years. It is a treat to see the enthusiasm of the elderly and often their performance is highly appreciable. Senior citizens are running more and more in number in marathon and half marathon races.

Laughing clubs are also of great attraction to the aged. People from various age groups assemble together in the morning or in the evening in the corner of parks. After certain pep talks, the listeners break into roars of laughter. These cause purging of Carbon dioxide from

within and one inhales more and more Oxygen which help to strengthen the respiratory and the nervous system.

**Life Begins At Sixty:** There is the other side of the coin. Today 60's are the new 40's. More and more old people are discovering the thrills of life after retirement. Longer life span. better health, disposable income and many other opportunities are some of the reasons behind the change in their attitude. They have no role to play at home as they are not living in joint families now. Leisure is a boon and not a curse for them. It has become a big part of their lives. They indulge more and more in leisurely activities and life style enhancement. Traveling, within and beyond the country has been very popular. Those who are in good health, fond of adventure sports and from affluent backgrounds are becoming interested in river rafting, hiking, trekking etc. Age is no barrier for them.

**Bill to Protect the Aged:** Traditional norms and values of Indian society laid stress on providing care for the elderly. However, because of the withering of the joint family system, a large number of the elderly are not looked after by their family members. It will be a matter of interest if I mention here the film Baghban, a story of a couple harassed by their children. Under the Maintenance and Welfare of Parents and Senior Citizens Act passed in the Lok Sabha on 5 December, 2007, it is imperative for the children and the relatives to provide maintenance to their parents and aged members of the family. The bill also proposes better medical facilities to senior citizens. The Government will set up old age homes in every district. The Law has been very effective. If we turn the newspaper pages, it will be found that each and every day some kind of redressal has been ordered by the Hon'ble Court to the deprived parents.

**Conclusion:** The formula for enjoying life is learning how to make adjustments in a world that is constantly changing and in which events do not run always smoothly. Even though our bodies may age, if we maintain an active, positive attitude, our hearts and minds will remain youthful as long as we live.

To conclude, I quote poet Samuel Ullman, "Youth is not a time of life; it is a state of mind; it is not a matter of rosy cheeks, red lips or supple knees; it is a matter of the will, a quality of imagination, a vigour of the emotions; it is the freshness of the deep springs of life."

---

**References:**

1. Basham, A. L. The Wonder That Was India. Calcutta, Rupa & Co., 1997.
2. lyenger, B.K.S., Light On Yoga, New Delhi, Harper Collins Publishers India, 1991.
3. Mellion, Morris B.. Sports Medicine Secrets, New Delhi. Jaypee Brothers, 2001.
4. Part. K.. Park's Text Book of Preventive And Social Medicine, Jabalpur, Banarasidas Bhanot, 1997.
5. Universal Dictionary. London, Reader's Digest. 1986.
6. Radhakrishnan, S., The Bhagavadgita, Bombay, Blackies & Son (India) Ltd., 1970.



***About the author:*** *Dr. Ashim Kumar Bose is an eminent Physical Educationist of India. He is an alumnus of LNIPE, Gwalior and served his duty as Principal in WBSES at Post Graduate Govt. Institute for Physical Education, Banipur, North 24 Pgs. He also worked as Professor & Principal at ICFAI University, Tripura. As a physical Educationist he is a great teacher and academician to thousands of physical education students of West Bengal.*

# Talent Identification and Role of Football Academies

Ashim Kumar Bose

Talent identification usually means to examine and judge players from watching them compete in a match, then assessing their performance. If the concerned player is deemed 'good enough' he/ she is invited to an academy for a 'trial'. It is here where the players are judged against the level of the existing academy boys. It is not easy to identify all the small attributes and details that join together to make someone capable of becoming a good footballer at the highest level. It takes an analytical and focused mind, with a disciplined personality, while observing the player for a long time that includes technical (i.e., first touch, striking the ball, one-versus-one ability, and technical ability under pressure), tactical (i.e., decision-making ability) and psychological attributes (i.e., coachability and positive attitude). Talent identification and development programmes should be dynamic and interconnected taking into consideration 'maturity status' and the potential to develop rather than the exclusion of children at an early age.

Dr Mike Duncan, of Coventry University, believes that "Despite on-going attempts, science and practice has still not found a means to accurately identify talented individuals whether it be in a specific sport or another domain." Yet when we see players who are brought in to football academy on trial, they most often possess the defining features of relative age effect: they are bigger, stronger and faster than many their age. It simply becomes difficult to choose the most 'wanted' players – believing that they are more talented than their counterparts, some of whom might be almost a year younger.

There are various factors which are important to understand and evaluate when identifying talent.

- Physical Factors
- Physiological Factors
- Sociological Factors
- Psychological Factors

Numerous research has been done or under process considering the above factors and their components. Physical Fitness , function of internal organs of the human body , mental status and sociability have been under major consideration of the researchers since long.

Size isn't everything in football. Players like Pele and Maradona were no giants, and over the past decade we have witnessed the rise of the 'little man' in football. With the success of Barcelona and players like Xavi, Iniesta and Lionel Messi – it can be shown that you don't have to be tall to be successful. In fact these players have proven that being small is advantageous.

This is a positive sign that the English style and tactics are modernising and that the quality and type of player being sought is different to that of previous decades. Evidently the foreign coaches, have stressed the importance of selecting and possessing the small, creative playmaker who enhances their attacking quality and creativity.This meant that players need to be excellent at finding and exploiting space as well as possessing first-class technical ability, poise and vision. The smaller player has proven to have these characteristics in abundance and have become essential for sides looking to bridge the gap between midfield and attack to unlock tight defences. Playmakers have become the most important players on the pitch and the 'little man' is proving to be the most capable in that role.

Talented players tend to score better in physical performances (such as strength, flexibility, coordination, agility, speed, and aerobic and anaerobic fitness), as well in technical (such as dribbling, passing, ball control, and shooting) and tactical skills, and psychological traits (such as motivation, commitment, and resilience; Sarmento et al., 2018). However, no single method gives a representative assessment (Reilly et al., 2000) for depicting physical aptitude of talented young players, who emerge resulting from a complex relationship encompassing tactical, technical, anthropometric, maturational, physiological, and psychological traits according to maturational status and playing position (Sarmento et al., 2018)

Different scouting methods are followed in India namely: standardised tests and natural selection. Players are also selected through Inter- school, Inter- district and State level Competitions. Coaching academies also throw invitation for open selection trial. Summer coaching cum selection camps are also featured in the list though they are very small in number. Football academies have been set up for nurturing the young budding boys having interest in football at different corner of the state. Corporate funded Football Academies do exist in the country. Mostly the academies are residential in nature and the entire expenditure of the players are borne by the concerned authority. They managed to have good playgrounds, equipment , medical facilities , Coaches , Trainers and Support Staff . National Sports Federations have undertaken many schemes for selecting talents in sports and provides sufficient fund to execute

the plan through the State Association . Academies other than State or Corporate funded , suffer from lack of qualified Coaches , Facilities and Equipment of their own and they survive with the economical support received through donations etc. Many a times training programme and nurturing are supervised by a locally reputed player having no professional qualifications. Time has changed , more information and professional knowledge and technical know- how are required for Coaches, Trainers, Support Staff and Academy Administrator.

Scouting is conducted across competitions conducted by the AIFF viz., Sub-Junior, Junior and Senior National Football Championships (NFC), which are competitions between State-teams; the Sub-Junior, Junior and Elite Youth Leagues, which are competitions between AIFF accredited Academies/Clubs. Scouts may also be present at competitions conducted by District Football Associations and State Football Associations (FA), by University/School Education bodies and by private entities. Further, the National Team Scouting department conducts trials in different states on a periodic basis in association with the respective State FAs. State FAs are encouraged to ensure the attendance of potential talents from all districts within their State at these trials.

**Grassroots Football** lays the foundation of the sport, and its primary aim is to increase participation for children, youth, amateurs, veterans, those with physical disabilities, cerebral palsy, visually impaired and even the socially disadvantaged. The AIFF Grassroots programme pays special attention to quality and quantity of licensed E-certificate coaches, accredited academies, grassroots festivals, Golden Baby Leagues, amateur football tournaments, futsal and anything which doesn't come under the umbrella of professional Football. AIFF is also determined to conduct numerous community outreach programs to popularise Football through grassroots.

**The Golden Baby Leagues** Project is a long-term player development initiative that aims to grow a new generation of players, boys, and girls, that start playing football from a very young age. The project envisages that children get exposure to an age-appropriate number of games and playing formats as they grow older.The Golden Baby Leagues is aimed for all stakeholders of Indian Football who are engaged with children within this age group, be it clubs, academies, schools, non-government organizations, parents, coaches, football fans. Everyone! Anyone can organize the AIFF Golden Baby Leagues, anywhere in the country. The Leagues aim to provide access to football in the children's locality irrespective of gender, religion, economic background or ethnic origin.




Pathway to national team camp

(Courtesy : AIFF website)

Reaching the peak through foundation programme of Teaching and Learning is to be envisaged. After sufficient period dedicated for Physical fitness and learning Football skill , more and more time will have to be devoted in the next competition oriented phase .

Summing up all the information it is advised to keep constant contact with the District and State body , seeking their time to time advice for proper functioning of the academies . Introducing Grassroot and Golden Baby League Project should be given prime consideration. Time to time monitoring the entire Physical Fitness component and Playing ability will be required . Coaches Education programme must be stressed .

Coach Education ensures the future quality of football, which lies to a large extent in the hands of qualified coaches, who play a vital role in the development of players and the game. It provides a coach with the appropriate tools and knowledge for his/her development to become a professional in the World of Football. AFC's Coach Education activities started in 1989 when the Confederation established its Technical Department and put it in charge of all Coach Education affairs. The AFC Coach Licencing Scheme was introduced in phases, with the first 'C' Licence course delivered in 1994. Following the 'C' course, the 'B' and 'A' Licence courses were introduced in 1996 and 1997 respectively.

---

*Don't measure yourself by what you have accomplished, but by what you should have accomplished with your ability.*

**— John Wooden**



**লেখক পরিচিতি :** অরূপ কুমার নন্দী কল্যানী বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯৪-৯৫ সালে বিপিএড পাশ করেন। তারপর সেখান থেকেই মাস্টার ডিগ্রি এমপিএড পাশ করেন ও তামিলনাড়ুর আন্নামালাই বিশ্ববিদ্যালয় থেকে এম ফিল সম্পূর্ণ করেন। ছাত্র জীবনে খুব ভালো ফুটবল খেলোয়াড় ছিলেন। আজীবন বামপন্থী, দীর্ঘদেহী, অমায়িক এই শারীরশিক্ষার ছাত্রটি কিছুদিন রামপুরহাট রেলওয়ে আদর্শ বিদ্যামন্দিরে কাজ করেছেন। বর্তমানে তিনি পানাগড় রেলেওয়ে কলোনী উচ্চ বিদ্যালয়ের শারীরশিক্ষার শিক্ষক।

# কল্যাণীর এক বছর

অরূপ কুমার নন্দী

বি.এস.সি পাশ করে হাতখরচ জোগাতে তখন আমি পাঁচ-ছ বাড়ি টিউশন করি। আর অবশ্যই বিকেলে ফুটবল আর বিভিন্ন জায়গায় কিছু টুর্নামেন্ট। সঙ্গে গড়পড়তা বাঙ্গালী ছেলেদের মতো চাকরির আবেদন পাঠানোর পৌনঃপুনিকতা - রেল, ব্যাংক কিছুই বাদ নেই। এমনকি, পরীক্ষার প্রতিযোগিতায় জিতব বলে কলকাতার বেহালায় ভর্তি হলাম 'হালদার্স কলেজ অফ ফারদার এডুকেশন' এ। সপ্তাহে দুদিন যাতায়াত। বলা বাহুল্য জীবনে নতুন কিছু বন্ধুর প্রবেশ হলো। সবাই মিলে ভিন্ রাজ্যেও যাচ্ছি চাকরির পরীক্ষা দিতে। কিন্তু বিড়ালের গলায় শিকে ছিঁড়ছে না। একটা মানসিক চাপ তৈরী হচ্ছে বৈকি। আত্মীয় পরিজনদের একই কথা, 'কিরে, এখন কি করছিস?' আমি সেভাবে কোনদিনই কোন উত্তর দিতাম না। কারণ ছোট থেকেই সোজা কথা সোজা ভাবে বলাটাই আমার নিজস্ব ধরন। একারণে অনেকেই মানসিক আঘাত পেয়েছেন, কিন্তু আমার ধরনটা আজও বদলাতে পারিনি।

যাই হোক, মাঝে খন্যানের কলেজের এক বন্ধুর সঙ্গে কথা হলো। ও জানতো ছবি আঁকা ছোটবেলা থেকেই আমার ভালোবাসার বিষয়। শুভজিৎ তাঁর দাদা ইন্দ্রজিৎ এর সঙ্গে দেখা করতে বলল। পার্ক সার্কাসে ওনার একটা ছোট ছাপাখানা ছিল, বিজ্ঞাপনের অর্ডার এনে ছাপানো হতো। আমি সেখানে গেলাম - দাদার সঙ্গে বিজ্ঞাপন বিষয়ে বহু গল্প হলো - বেশ ভালো লাগলো। কলকাতার সবথেকে বড়ো বিজ্ঞাপন অফিস হিন্দুস্তান থমসন অ্যাসোসিয়েটেড, বালিগঞ্জ বিড়লা মন্দিরের কাছেই বন্ডেল রোডের উপর দে'জ মেডিকেলের উল্টোদিকে অবস্থিত - দাদা আমাকে নিয়ে সেখানে গিয়ে সবকিছু দেখালেন, ওখানকার কাজের রীতিনীতি বোঝালেন। বিজ্ঞাপনের মডেল কিভাবে তৈরী হয় তাও দেখলাম। পরে ওখানে আর্ট ডিরেক্টর হিসেবে কাজ করতে দেখেছি রুমা গুহঠাকুরতা ও সকলের পরিচিত 'গুপি গায়েন' তপেন চট্টোপাধ্যায়কে। ঐ অফিস থেকে অনেক কাজের বরাত নিয়ে আসতো ইন্দ্রদা। আবার সেগুলো ছাপিয়ে নমুনা পরীক্ষার জন্যে নিয়ে যেতো। এই কাজের জন্যই আমি নিযুক্ত হলাম। মাইনে মাসে হাজার টাকার মতো। কাজের খাতিরে আনন্দবাজার পত্রিকা, যুগান্তর পত্রিকা, আর্চি'স ইত্যাদি অফিসে বহুবার যেতে হতো।

বেশ কাটলো বছর দুই। মাইনেও একটু বাড়লো। কলকাতার রাস্তাঘাট সম্পর্কে ধারণা তৈরী হলো। বহু গুণী মানুষের স্নেহধন্য হলাম। ছবির অনেক ত্রুটি নিজেই সংশোধন করে বাহবাও পাচ্ছি সকলের কাছে। এমন সময় একদিন ইন্দ্রদা অফিসে নেই, আমি কিছু কাজ নিয়ে যাব কলেজস্ট্রীট। হঠাৎ শুনি অমরদা ( ইন্দ্রদার বন্ধু ) বংশী বলে একটা ছেলেকে বাপ-মা তুলে তুমুল গালি দিচ্ছেন। বংশীর বাড়ি মেদিনীপুর, খুবই সহজ সরল ছেলে - হয়তো কাজে কিছু ভুল করেছে, চুপ করে আছে। গালি দিতে দিতেই উনি বংশীর গালে সপাটে একটা চড় কষিয়ে দিলেন। বংশী তখনও চুপ থাকলেও আমি আর ধৈর্য ধরতে পারলাম না। প্রতিবাদ করতেই উনি আমার দিকে তেড়ে এলেন, আমিও তুলে নিলাম হাতের কাছে পড়ে থাকা

একটা লোহার রড। অমরদা ভয়ে সাতহাত পিছিয়ে গেলেন। এই ঘটনা ভুলে কাজটা হয়তো চালিয়ে যাওয়া উচিত ছিল বলেই অনেকে বলবেন, কিন্তু আমি পারি নি। ইন্দ্রদা ফিরে এসে, উচিত জবাব দিয়ে ভালো করেছি, বলেছিলেন। কিন্তু আমি কাজে ইস্তফা দিয়ে আমার পাওনা-গন্ডা বুঝে নিয়ে বাড়ি ফিরে এলাম।

আবার সেই আগের রোজনামচায় দিন কাটছে। এমন সময় একদিন ক্লাবে এলো আমার বন্ধু হালিশহরের প্রতাপ আর বোলপুরের ঘোতন, ওরা এবছর কল্যাণীতে এম.পি.এড করছে। আমাকে পরামর্শ দিল বি.পি.এড করে নেওয়ার জন্য। কিন্তু হোস্টেলে থাকতেই হবে আর খরচটাও বেশ বলে আমি রাজি হলাম না। পরদিন ঘোতন বাড়ি চলে এলো, বাবাকে বোঝালো এবং বাবাও খুশি মনে সম্মত হয়ে গেলেন! ঘোতন আমাকে বলে গেল ভর্তির ফর্ম তোলা, জমা দেওয়া সব ও করবে - আমাকে কেবল ভর্তি পরীক্ষার জন্য ১০০ মিটার ও ৪০০ মিটার দৌড়, লৌহবল নিক্ষেপ ও স্ট্যান্ডিং ব্রড জাম্পে এমন ভাবে তৈরী হতে হবে যেন সবকটাতেই পাশ করি - কোনমতেই ফেল করা যাবে না বলে হুমকিও দিয়ে গেল। যদিও এসব নিয়ে আমার কোনো চাপ ছিল না, এগুলোতে আমার আত্মবিশ্বাসের অভাব ছিলো না। কাজেই যথাসময়ে সব কাজ সুসম্পন্ন হলো। এবার এক অজানা পরিবেশে ঢুকে পড়লাম। ধারণা ছিল কেবল খেলাধূলা নিয়েই থাকতে হবে - অচিরেই তা বদল হয়েছিল। জুলাই থেকে পঠনবর্ষ শুরু হবে। জুনের শেষ দিনে হোস্টেলে হাজিরা দিতে হবে। ব্যাগপত্র গুছিয়ে নিয়ে বিকেলে রওনা হলাম কল্যাণীর পথে। লঞ্চে গঙ্গা পেরিয়ে নৈহাটি স্টেশন, সেখান থেকে কল্যাণী সীমান্ত লোকাল ট্রেন ধরে কল্যাণীর ঘোষপাড়া স্টেশনে নামলাম। একটা রিক্সা করে গেলাম হোস্টেল। জানলাম আমাদের হোস্টেল বিশ্ববিদ্যালয়ের পরিধির মধ্যে নয়। ঐ চত্বর থেকে দেড় কিমি দূরে, কল্যাণী থেকে কাঁচড়াপাড়া যাওয়া রাস্তার উপরে, শহরের সেন্ট্রাল পার্কের গা ঘেঁষে অবস্থিত বি এড কলেজ লাগোয়া "বি.টি. মেন'স হলে" আমাদের থাকার ব্যবস্থা। হোস্টেলের গেটের ঠিক উল্টো ফুটে বিশুদার চায়ের দোকান।

রিপোর্টিং শেষে আমার জন্য বরাদ্দ হলো দোতলার তেরো নম্বর ঘর। বেশ বড়ো। একসাথে চারজন থাকার ব্যবস্থার মধ্যে রয়েছে চারটি চৌকি, দুটি টেবিল, চারটি চেয়ার। ঘরে ঢুকে দেখি ইতিমধ্যেই দুজন উপস্থিত, নিজেদের জায়গাও গুছিয়ে নিয়েছে। আলাপে জানলাম দুজনেই উত্তরবঙ্গবাসী, অমলের বাড়ি ইসলামপুর আর শঙ্খের নিউ জলপাইগুড়ি। সন্ধ্যায় তিনজন একসঙ্গে বিশুদার দোকানে গেলাম, ওনার সঙ্গে অনেক গল্প হলো। জানালেন রোজ নগদে না খেলেও চলবে, খাওয়ার পর মোটা খাতার সূচীপত্র অনুসারে নাম খুঁজে নিজের পাতায় নিজের খরচার হিসাব নিজেই লিখতে পারব – মাসের শেষে সুবিধা মতো টাকা শোধ করলেই চলবে। রাত আটটা নাগাদ আমাদের চতুর্থ সঙ্গী এসে হাজির হলো। নাম সুগত, বাড়ি শুধু আমার জেলাতেই নয়, একেবারে বাড়ির কাছের মন্তেশ্বরে। দুজনে মিলে ওর বিছানাপত্র গোছাতে গোছাতেই ঢের গল্প হলো, জানলাম ওর ডাকনাম বুবুল। রাতে খেয়ে এসে শোওয়ার সময় পরের দিনের জন্য অ্যালার্ম দিলাম ভোর সাড়ে চারটার।

সকাল ছ'টায় আমাদের প্রথম কন্ডিশনিং ক্লাস শুরু হবে। সেসময় সাইকেল না থাকায় দেড় কিমি পথ হেঁটেই যেতে হবে। ক্লাসের জন্য নির্ধারিত পোশাক আগের রাতেই গুছিয়ে রেখেছিলাম। তখনও যেহেতু হোস্টেলের সকলের সঙ্গে পরিচয় হয় নি তাই আমরা চারজনই একসাথে হাঁটা শুরু করলাম জুলাই মাসের প্রথম ভোরে। সময়ের বেশ খানিকটা আগেই বিশ্ববিদ্যালয়ের মাঠে উপস্থিত হলাম। আস্তে ধীরে আমাদের হোস্টেল থেকে ষাটজন ছেলে আর মেয়েদের হোস্টেল থেকে কুড়িজন মেয়ে মাঠে জড়ো হলাম। সাদা হাফ হাতা গেঞ্জী আর নেভি ব্লু শর্ট প্যান্টে সবাইকে বেশ চমৎকার লাগছিল। ক্লাস শুরু হলো ঘড়ি ধরে ছ'টায়। শেখানো হলো কিভাবে অ্যাসেম্বলি করতে হয়, যদিও আমরা তখনও নিজের নিজের রোল নম্বর জানি না। এরপর শিক্ষকদের সঙ্গে আলাপ পরিচয় হলো। আধাঘন্টা মতো শারীরিক ব্যায়াম, জগিং, রানিং ইত্যাদি দিয়ে শেষ হলো। থিওরি ক্লাস হবে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের চতুর্থ তলে বিভাগীয় হলরুমে। সুতরাং পুনরায় হোস্টেলে ফিরে স্নান খাওয়া সেরে তৈরী হয়ে থিওরি ক্লাসে যাওয়ার ব্যাস্ততা। এই শুরু হলো রোজের জীবন।

এর ফাঁকেই অনেকের সঙ্গে আলাপ হলো। দু-চারজন বাদে অধিকাংশই সদ্য গ্রাজুয়েশন উত্তীর্ণ। আমার পূর্ব পরিচিত তড়িতের সঙ্গে দেখা। চুঁচুড়ার ধরমপুরে বাড়ি। একসাথে জেলা লীগে খেলেছি। দারুণ লাগলো। ওর রুম নীচতলায়, ছাব্বিশ নম্বর। ওখানে আবার চুঁচুড়ারই শ্রীজিৎ আর সোমনাথের সঙ্গে পরিচয় হলো – ওরা তিনজন একসঙ্গে থাকে। কে কেমন বুঝে নিতেই শুরু হয়ে গেল নানারকম গল্প-ইয়ার্কি-পিছনে লাগা। তবে সকলের সঙ্গে তো সমান সখ্যতা হয় না! হোস্টেলের একটা অংশে বি.এড কলেজের বেশ কয়েকজন থাকতো। তাদের সাথেও বন্ধুত্ব হলো। এছাড়া ত্রিপুরা-উড়িষ্যা থেকে এম.এড পড়তে আসা শান্তনু- প্রবীর- রমেশ- হরি, যারা দোতলারই একটা ঘরে থাকত, তারাও সখ্যতার আওতায় ঢুকে পড়ল।

আমাদের কোর্স ছিল পুরোপুরি প্রফেশনাল। স্যারদের কাছাকাছি থাকার বিভিন্ন রকম প্রচেষ্টা দেখতাম সকলের মধ্যেই, একেই বোধহয় 'শুকনো পিরিত' বলা হয়। এসব থেকে স্বভাবতই একটু দূরে থাকতাম আমি। এরকমই একজন

ছিল স্বপন। বিভাগীয় নানা কাজে গাধার মতো খাটতো, স্যারদের হরেক ফাইফরমাশ সামলাতো হাসি মুখে। এসব দেখে তার নাম চালু হলো ক্যাস্ট্রল (মোবিল তেল)। অনেকেই সরাসরি ঐ নামে ডাকলে স্বপন সাড়াও দিত। এসব ব্যাপারে তার তেমন কোন তাপ-উত্তাপ দেখিনি। সারাদিন দৌড়াতে পারত। আমাদের স্বাভাবিক অনুশীলনের পরেও স্বপন আর ওর রুমমেট বিকাশ মাঠে অন্তত আরো পাঁচ কিমি দৌড়ে তারপর হোস্টেলে ফিরত। খেতেও পারত তেমনি। সকাল ন'টায় খাওয়ার ঘন্টা পড়লেই স্বপন সবার আগে ডাইনিং হলে হাজির হতো। প্রথম গিয়েই তার পছন্দমতো মাছের মাথাখানা চেয়ে নিতো,যা অন্যরা অপছন্দ করবে। যতো বড়ো আকারের মাথাই সেটা হোক, স্বপনের পাল্লায় পড়ে তা অল্প সময়ের মধ্যেই হাড়গুঁড়োয় পরিণত হতো। খুব তৃপ্তি করে তার সেই খাওয়া দেখে আমরা ভীষন মজাও পেতাম। এসব কারনেও তার আরেকটি নাম জুটেছিল – মুড়ো। স্বপন বর্তমানে আমার শহরেই এক হিন্দী মাধ্যম বিদ্যালয়ের শিক্ষক। দেখা হলেই মুড়ো নামটাই মুখে চলে আসে আজও।

একবার শীতকালের এক সকালে মাঠে গেছি কন্ডিশনিং এর ক্লাস করতে, ঘন কুয়াশায় চারদিক সাদা হয়ে আছে, তিনহাত দূরের কিছু দেখা যাচ্ছে না। শ্রদ্ধেয় দিলীপবাবুর ক্লাস। যথাসময়ে ছেলেরা ও মেয়েরা পাশাপাশি আলাদা আলাদা লাইন-আপ করে দাঁড়িয়ে আছি। আমাদের কয়েকজন বিশেষ করে সুগত আর আমি, বেজায় আনন্দে আছি। কারণ আজ ফাঁকি দেওয়ার জন্য আদর্শ দিন, কেউ কাউকে দেখতে পাবে না, এই ফাঁকে গাছের কোটরে লুকিয়ে রাখা বিড়ি দেশলাই বের করে মনের সুখে টানা যাবে। দিলীপ বাবুর মাথাতেও অনেক আজগুবি কায়দা ঘুরতো। মেয়েদের দলকে কিছু একটা বলে চলে এলেন আমাদের কাছে। দেখলাম মেয়েরা লাইন দিয়ে জগিং করতে করতে সামনের দিকে বেরিয়ে গিয়ে কুয়াশার চাদরে মিলিয়ে গেল। এদিকে স্যার মিনিট পাঁচেক ধরে আমাদের সঙ্গে নানা কথা বলে হঠাৎ বললেন, 'শোনো, তোমাদের আজকের কাজ মেয়েদের দলকে খুঁজে আনা। যাও সবাই।'

এক অভিনব আদেশ শিরোধার্য করে সবাই জগিং করতে করতে বেরোলাম। আমি-সুগত-তড়িৎ-সোমনাথ-শ্রীজিৎ-অমল একটু এগিয়েই ইচ্ছা করেই পিছিয়ে গেলাম। ওখান থেকে সরে এসে মাঠের সেই নির্দিষ্ট গাছের তলায় হাজির হলাম। মনের সুখে বিড়ি টানছি। হঠাৎ মেয়েদের গলার আওয়াজ পেলাম। ওমা! দেখি, মাঠের ধারেই জিমনাশিয়াম হলের ভিতরে মেয়েদের ওয়েট লিফ্টিং এর ক্লাস চলছে। বিষয়টা বুঝে আমরাও তারপর আধঘন্টা গাছতলায় বসে আড্ডা মারলাম। এর মধ্যে সব ছেলেরাই ফিরে এসে মাঠে হাঁফাচ্ছে। মেয়েদের খুঁজে না পাওয়ায় তারা হতাশ। সবাই ফিরলেও স্বপন আর বিকাশ কিন্তু ফেরেনি। ওরা তখনও ক্যাম্পাসের সব রাস্তাতেই দৌড়ে বেড়াচ্ছে। আমরা জিমনাশিয়ামে গিয়ে ক্লাস করলাম। ক্লাস শেষ হলো, তবু স্বপনদের পাত্তা নেই। আরও দশ মিনিট বাদে বাবুরা যখন হাজির হলো, আমরা শুনতে পেলাম দিলীপবাবুর সেই বিখ্যাত উক্তি – 'তোদের ঘিলু যে তোদের হাঁটুতে সেটা আজ বুঝলাম!'

আমার পাশের ঘরে থাকতো মাজদিয়ার মদন, যাকে সবাই তার বয়স্ক ব্যক্তি সুলভ হাবভাবের জন্য 'কাকা' বলে ডাকতো। সে জামাকাপড় বিশেষ কাচত না। ঘামে চপচপে গেঞ্জী, গামছা মেলা থাকত তার ঘরের সামনে টাঙানো তারে। একদিন আমাদের মাথায় মদনকাকাকে ক্ষেপানোর মতলব চেগে উঠল। কাকা ঘুমাচ্ছে, চৌকির চারিপাশে ইতস্তত তার লুঙ্গি-জামা-গামছা পড়ে আছে। সে সব আর বাইরে টাঙানো জিনিসপত্র, মায় অন্তর্বাস পর্যন্ত তুলে নিয়ে গিয়ে হোস্টেলের প্রধান ফটকের পাশে দড়িতে পরপর মেলে দিলাম। পাশে একটা বোর্ড রাখলাম – তাতে লেখা

চৈত্র সেল!! চৈত্র সেল!!
॥ প্রয়াত মদনকাকার মহার্ঘ্য জামাকাপড় নিলামের উদ্দেশ্যে
এই অস্থায়ী দোকান খোলা হলো ॥

হোস্টেলের সবাই একটা জবর তামাশার খবর পেয়ে বসে আছে কখন মদনের ঘুম ভাঙবে সেই আশায়। সেই লগ্ন এলো। কাকা ঘুম থেকে উঠে আড়মোড়া ভেঙ্গে স্বাভাবিক হয়ে বাইরে বেরিয়ে দেখল তারে তার কোন মালপত্র টাঙানো নেই। খুবই বেকুব মুখে এদিক ওদিক তাকাচ্ছে, এমন সময় এক রান্নার স্টাফ তাকে আঙুল নির্দেশ করে ফটকের দিকে দেখালেন। ব্যস! তারপরেই সেই কাকা যে মধুর বাক্যস্রোত ঢালতে লাগল, তা এ জীবনে ভুলব না।

হোস্টেলে বিভিন্ন উপদেষ্টা পরিষদ গঠনের কাজ শুরু হয়েছে। অনেকের মতামতের উপর ভিত্তি করে আমাকে সাংস্কৃতিক বিভাগের সম্পাদক করা হলো। পরের দিনই হোস্টেলের স্টুয়ার্টের ঘর থেকে ধুলো-পড়া হারমোনিয়াম, ডুগি-তবলা, মৃদঙ্গ, খোল-করতাল সব আমাদের তেরো নম্বরে নিয়ে এলাম। অত্যন্ত তৎপরতার সঙ্গে শুরু হয়ে গেল আমাদের সাংস্কৃতিক চর্চা। রাতে খাওয়ার পর মাঝেমধ্যেই হরিনাম সংকীর্তন হতে থাকল। আনকোরা হাতে পড়ে বাদ্যযন্ত্রগুলোর

অবস্থা ত্রাহি ত্রাহি। এভাবেই একদিন আমাদের উৎসাহ চরম সীমায় গিয়ে ঠেকল। রাত দুটোর সময় হঠাৎমাথায় ভূত চাপল। দল বেঁধে হোস্টেলের ছাদে গিয়ে শুরু করলাম তারস্বরে নাম সংকীর্তন। পরপর ক'দিন চলার পর একদিন হোস্টেলের দরজায় এসে দাঁড়াল কল্যাণী থানার টহলদারী পুলিশের ভ্যান। আমরা খুব ভুজুং দিলাম তখনকার মতো যে, সামনেই আমাদের কঠিন প্রতিযোগিতা, তাই তালিম চলছে। ওনারা চলে গেলেন। কিন্তু আমাদের সাংস্কৃতিক চর্চা বন্ধ করতেই হলো। কারণ পরের দিন ক্লাস করতে গিয়ে শুনতে পেলাম, আমাদের সংকীর্তন-তালিম নিয়ে বিভাগীয় প্রধানের কাছে ফোনে অভিযোগ এসেছে থানা থেকে।

আমাদের পাশের রুমেই গোপাল- বিমল-নরেন-প্রশান্ত থাকত, তাদের মধ্যে বিমল ছিল খড়দার,সুন্দরবন এলাকার গোপাল,নরেন উলুবেড়িয়ার আর প্রশান্ত ছিল বর্ধমানের ছেলে। নরেনের বিজ্ঞ বিজ্ঞ ভাব দেখে হাসি পেত। সহজ-সরল প্রশান্ত নাকি স্কুলে পড়ার সময় বত্রিশ ফুট লংজাম্প দিয়েছিল, তাই সবাই তাকে বলত 'পাখি'। বিমল ছিল কাঠবাঙাল আর ভীষণ আত্মকেন্দ্রিক – সব ধরনের নোটস্ লুকিয়ে রাখত নিজের তালাবন্দী টিনের বাক্সে। তার ইংরাজীর প্রচুর ভুল উচ্চারণের মধ্যে একটা ছিল কনেক্ট্রাকশন আর পরবর্তী দিনে এটাই হয়ে গেল তার নাম। পরে জেনেছিলাম নরেন বিবাহিত ছিল, এমনকি তার দুটো ছেলেমেয়েও ছিল আর ঐজন্যেই প্রতি ছুটিতেই সে পালাতো, আবার আসার দিনে দেরিতে ক্লাসে ঢোকার জন্য বকুনিও খেতো নীরবে।

একবার বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আমাদের বিভাগের ফুটবল দল এক আমন্ত্রণী ম্যাচের ডাক পেল। আমাদের দলে দারুণ সব খেলোয়াড় ছিল – সুগত, সুবীর, অমল, দেবা, আতিকুরে, তড়িৎ, বিপুল, সুভাষ, আমি ইত্যাদি। এদের মধ্যে বিপুলের ছিল মারাত্মক ভূতের ভয়। সন্ধ্যা নামলে বিপুল আর একা ঘরের বাইরে যেতো না। কাজেই নানা উপায়ে যে ওকে ভয় দেখিয়ে মজা করা হবে এ বলাই বাহুল্য। যেমন, রান্নার জন্য পুঁইশাক এলে পাতাগুলো ছেঁটে ফেলে শুধুমাত্র লম্বা ডাঁটাটা বিপুলের মাথার গোড়ার জানলার আড়শির ফাঁকে গলিয়ে ওর গায়ে ফেললেই হলো – এমন আঁ আঁ করে লাফালাফি করতো যে আমাদের মজার সীমা থাকতো না। কিম্বা, সন্ধ্যা হলেই এখান ওখান থেকে মুখে কিছু চাপা দিয়ে বা গলা বিকৃত করে 'বিঁপুউউউল, এঁই বিঁপুউউউল, তোঁকে খাঁবোওওওও' ইত্যাদি রব ভেসে আসতো এবং বিপুলও যথারীতি ভয়ে চিৎকার করে নকল ভূতের উদ্দেশ্যে চোখাচোখা গালি বর্ষণ করতো। এটা আমাদের কাছে একটা স্বাভাবিক মজা ছিল।
যাই হোক, নির্দিষ্ট দিনে বিশ্বভারতী যাওয়া হলো শ্রদ্ধেয় ড. অলোক কুমার ব্যানার্জি ও কোচ শ্রদ্ধেয় অশোক সাধু মহাশয়ের তত্ত্বাবধানে। বেলা বারোটার মধ্যেই বোলপুর পৌঁছে গেলাম। কলাভবনের এক হলঘর আমাদের বিশ্রামের জায়গা। বিকেলে শ্রীনিকেতন মাঠে ম্যাচ। স্যারদের কথামতো তাড়াতাড়ি স্নান সেরে খাওয়ার টেবিলে হাজির হলাম, ওখানেই ম্যাচ পরিকল্পনা নিয়ে আলোচনা হলো। ঘন্টাখানেকের বিশ্রাম। তারপরে নির্ধারিত ম্যাচে আমরা জয়লাভ করলাম। রাত্রিযাপন ঐ হলেই। বড়ো হলের মাঝে প্লাইউডের পার্টিশন করে পাশেই স্যারদের থাকার ব্যবস্থা। আমাদের দিকে গায়ে গায়ে লাগানো চৌকি। দেওয়ালের লম্বালম্বি দুটি মোটা দড়ি টানটান করে এমাথা ওমাথায় বাঁধা। একই দড়ি পার্টিশন ভেদ করে স্যারদের দিকেও চলে গেছে। সকলের মশারী টাঙানোর জন্যই এই ব্যবস্থা।

রাতে খাওয়ার পর বিশাল গান-গল্প-ফাজলামো শুরু হলো। কিছুক্ষণ পরেই গম্ভীর গলার নির্দেশ এলো, 'ছেলেরা, এবার সবাই ঘুমিয়ে পড়ো।' অগত্যা সবাই বিছানা করার উদ্যোগ নিলাম। বিপুল মাঝের দিকে উঠে বসলো, কিছুতেই দরজার কাছাকাছি বা পাশের দিকে শোবে না। শেষ পর্যন্ত ঠিক আমার পাশের চৌকিতে ওর বিছানা হলো। সবে সকলে ঘুমিয়েছে, আমি-সুগত -অমল-আতিকুর পাশের ঘর থেকে ভেসে আসা অশোক বাবুর বিকট নাসিকা-গর্জন নিয়ে নীচু গলায় হাসাহাসি করছি, এমন সময় আতিকুর নিঃশব্দে বিছানা থেকে নেমে গেল। বিপুলের মশারীর পাশ থেকে ওর গামছা তুলে নিয়ে পা টিপে টিপে বাথরুম গেল। ও ফিরে এলে দেখলাম গামছাটাকে জলে ভিজিয়ে হালকাভাবে নিঙড়ে পুঁটুলির মতো করে এনেছে আর টুক্ করে সেটা বিপুলের মশারীর উপরে রেখেই দৌড়ে এসে নিজের বিছানায় ঘুমানোর ভান করে শুয়ে পড়ল। কি হয় দেখার জন্য আমরা দুজন স্বল্প আলোয় পিটপিটে চোখে চেয়ে রইলাম। কিছুক্ষণ পরেই তো গামছা থেকে ফোঁটা ফোঁটা জল পড়া শুরু হলো বিপুলের বুকের উপর। ব্যস! একটু বাদেই বিপুলের সে কি ত্রাহি ত্রাহি চিৎকার, মশারীর দড়ি ছিঁড়ে লন্ডভন্ড অবস্থা – পাশের ঘর থেকে স্যারেরা পর্যন্ত ছুটে এলেন। বিপুলকে ভয়ে কাঁপতে দেখে এবং ঘটনা বুঝতে পেরে ওঁরা যেই হেসে ফেললেন, অমনি আমাদেরও হাসি দশগুণ হয়ে গেল। বিপুলের অবস্থা তখন যাচ্ছেতাই – স্যারদের সামনে গালিগালাজও করতে পারছে না, আবার আমাদের হাসিতে যোগদানও করতে পারছে না !

এভাবেই আরও হাজার ঘটনার মধ্যে দিয়ে কখন যে এগারোটা মাস এগারোটা দিনের মতো কেটে গেল টেরই পেলাম না। দেখতে দেখতে পরীক্ষার শেষ দিন চলে এলো। পরীক্ষা শেষের পর যেহেতু আর একটামাত্র দিন হোস্টেলে থাকতে পারব, তাই ছোটবেলার মতো পরীক্ষা শেষের আনন্দের কনামাত্র অনুভব করলাম না। পরীক্ষা শেষে তো সবারই মনমরা ভাব। হোস্টেলের শেষ রাত, যে যার লোটাকম্বল গুছিয়ে রেখে রাতের খাওয়া সেরে হোস্টেলের ছাদে সবাই মিলে

জড়ো হলাম। একে অপরের ঠিকানা নিচ্ছি, কবি কবি ভাব নিয়ে নরেন হঠাৎ বলে উঠলো, 'এই সেই কল্যাণীর আকাশ-বাতাস-রাস্তা-হোস্টেল, সব ছেড়ে আমাদের সবাইকেই চলে যেতে হবে। এরপরে আর কখনও নিজের বলে এই হোস্টেলে পা রাখতে পারবো না, এটা ভাবতেই পারছি না। একবছর পরে এলেও হয়তো কেউ আমাদের চিনবেই না। কতো কিছুই ইচ্ছা ছিল! সব কি আর পূরণ হলো!'

হোস্টেলের এই সময়টা ছিল আমাদের জীবন গড়ার সোপান। পড়াশোনায় গভীর মনোযোগ দেওয়ার সময়। সেসব সমেতই আমরা এমনভাবে নিজেদের মধ্যে জড়িয়ে পড়েছিলাম যে হোস্টেল ছেড়ে আসার সময় মনে হয়েছিল যেন একটা একান্নবর্তী পরিবার ভেঙে ছারখার হয়ে গেল। আজ আমরা প্রায় প্রত্যেকেই রাজ্যের বিভিন্ন প্রান্তের বিভিন্ন স্কুলে-কলেজে-বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার সঙ্গে নিযুক্ত, অর্থনৈতিক ভাবে প্রতিষ্ঠিত, বাবা-মা-স্ত্রী-সন্তানাদি নিয়ে নতুন সংসারে আবদ্ধ। হয়তো অনেকের খোঁজ নিতে পারি নি, হয়তো কেউ কেউ হারিয়ে গেছে। তবু এটুকু জানি, আমাদের প্রত্যেকের জীবনে ঐ একটা বছর আর ঐ একটা বছরের প্রতিটা দিন চির অমলিন সোনালী স্মৃতি হয়েই বেঁচে থাকবে। থাকবেই!

---

*"Leadership is a matter of having people look at you and gain confidence, seeing how you react. If you're in control, they're in control."*

**— Tom Landry**



**লেখক পরিচিতি :** পৌলমী ঘোষ বহরমপুর ইউনিয়ন ক্রিশ্চিয়ান ট্রেনিং কলেজের শারীরশিক্ষা বিভাগের অধ্যাপিকা এবং ইতঃমধ্যেই লেখিকা হিসাবে বিশেষ সুপরিচিত। তাঁর লেখার বিষয় বরাবরই স্বতন্ত্র। শারীরশিক্ষা ও খেলাধুলার পরিধিতে সংযুক্ত বিভিন্ন অজানা বিষয়ে আলোকপাত করাই তাঁর লেখার মূল উপজীব্য বিষয়। বর্তমান লেখাটিতেও সমাজের তেমনই একটি অংশের দিকে শারীরশিক্ষার সঙ্গে যুক্ত পাঠকদের দৃষ্টি আকর্ষণ করেছেন তিনি।

# অন্ধত্ব এবং ভারতের পরিস্থিতি

পৌলমী ঘোষ

লুই ব্রেইলের বয়স তখন তিন বছর। বাবার যন্ত্রপাতি নিয়ে খেলতে খেলতে আচমকাই দুর্ঘটনায় চিরতরে নষ্ট হয়ে যায় তাঁর দৃষ্টিশক্তি। অন্ধ শিশুদের জন্য বিশেষ স্কুলেই কাটে তাঁর শৈশব । আর পাঁচজনের মত শৈশব বা কৈশোর যাপন হয়নি তাঁর। তবু তাঁর বাবা মায়ের উদ্দেশ্য ছিল একটাই- অন্ধত্ব যেন গ্রাস করতে না পারে লুইয়ের জীবন। দৃষ্টিহীনতা তাঁর জীবনকে দুর্বিসহ করে তুলতে পারেনি। উপনিষদ শুধু বলেছে 'তমসো মা জ্যোতির্গময়ম', আর তিনি অন্ধকার থেকে আলোর পথে যাত্রায় আমাদের কান্ডারী হয়ে রয়েছেন আজও। লুই ব্রেইল (৪ জানুয়ারি ১৮০৯- ৬ জানুয়ারি ১৮৫২) নিজের অন্ধত্বের অভিজ্ঞতায় আর অনুভূতির সক্রিয়তায় চার্লস বার্বিয়ারের নাইট রাইটিং পদ্ধতির পরিমার্জন করে তৈরি করেছিলেন ব্রেইল পদ্ধতি (১৮২৯)। সারা বিশ্বে এই পদ্ধতি আজও বিকল্পহীন।

আমাদের স্বাস্থ্য মন্ত্রক ছাড়া প্রায় সব পরিসংখ্যানেই দেখা যাচ্ছে পৃথিবীর সবচেয়ে বেশি দৃষ্টিহীন মানুষ ভারতীয়। বিশ্বের অন্ধত্বের এক-তৃতীয়াংশ মানুষ ভারতের অধিবাসী। অথচ কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের দাবি লাখ পঞ্চাশেক নাগরিক অন্ধত্বের শিকার। বিভিন্ন সমীক্ষা অনুযায়ী এই সংখ্যাটা প্রায় চার গুণ বেশি। সরকারি গণনায় মাত্র দুই লক্ষ ভারতীয় শিশু চোখে দেখে না। এদিকে বেসরকারি পরিসংখ্যান বলছে ক্রমবর্ধমান সংখ্যাটি দশ লক্ষ ছাড়িয়েছে বহুকাল আগে। শিশুর অন্ধত্বের মূলে অপুষ্টি। আর অপুষ্টিকে পরিপুষ্ট করছে দারিদ্র। সেই সঙ্গে দোসর হয়েছে পারিবারিক ও রাষ্ট্রীয় অসচেতনতা। 'ন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ব্লাইন্ড' নামে একটি স্বেচ্ছাসেবী সংস্থার সমীক্ষা বর্ণনা করেছে অন্ধ কন্যাদের দুরবস্থা। লিঙ্গ বিভেদের তিক্ত অভিজ্ঞতায় কীভাবে তারা আক্রান্ত। আসলে অন্ধ মানুষের মানসিক সুস্থতার প্রতি রাষ্ট্রীয় উদাসীনতা সীমাহীন। সরকারি ক্ষেত্রে তিন শতাংশ সংরক্ষণ বরাদ্দেই দায় সারা হচ্ছে। সরকারি প্রকল্পগুলির সুবিধা আদৌ দৃষ্টিহীন মানুষ পর্যন্ত পৌঁছচ্ছে কি না সে খোঁজ রাখার তৎপরতাও নেই। মরণোত্তর চক্ষুদান থেকে শুরু করে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির বা ছানি অপারেশন, ব্লাইন্ড স্টিক প্রদানে কোনও ভাবে দেশজোড়া অন্ধত্বের নিরাময় সম্ভব নয়। তবু সরকারি দাবি গত বারো বছরের মানবিক প্রচেষ্টায় নাকি এদেশে অন্ধত্ব সাতচল্লিশ শতাংশ কমেছে।

এভাবে কি আদৌ অন্ধত্বের অভিশাপ থেকে নিস্তার পাওয়া যায়? তবে একটি নির্বিকল্প পথ আছে। প্রকৃত শিক্ষা। কিন্তু মুশকিল হল পরিকাঠামোগত সমস্যার কারণে সাধারণ বা দরিদ্র ঘরের দৃষ্টিহীনরা শিক্ষার সুযোগ থেকেও বঞ্চিত হচ্ছে। আমাদের দেশে চোখে দেখতে না পাওয়া মানুষগুলো এখনও উচ্চশিক্ষার প্রত্যাশা করে না। আসলে তারা জানে তাদের সামাজিক অবস্থান। তাদের প্রাথমিক বা মাধ্যমিক শিক্ষাই রাষ্ট্রের কাছে একটি প্রহসন। এদেশে মেরেকেটে সাত শতাংশ স্কুলে দৃষ্টিহীনদের পঠনপাঠনের উপযুক্ত পরিকাঠামো রয়েছে। আমাদের রাজ্যে না হলেও অনেক রাজ্যই শিক্ষা ক্ষেত্রে নানা প্রকার বিশেষ ব্যবস্থা গ্রহণ করছে। পুরো বিষয়টিকেই রাখা হচ্ছে অ্যাডাপটেড ফিজিক্যাল এডুকেশনের মধ্যে। এর

পাশাপাশি দৃষ্টিহীনদের জন্য নানা ধরনের ক্রীড়ারও প্রচলন আছে যা তাদের শরীরও মনের সম্মিলিত বিকাশের সহায়ক। যদিও অধিকাংশ ক্ষেত্রে দৃষ্টিহীনদের ক্রীড়া সাধারণ মানুষের কাছে নিছকই বিনোদন। সবথেকে হতাশার ১৯৫০ সালে ইউনেস্কো ব্রেইল পদ্ধতিকে বাধ্যতামূলক করলেও আমাদের দেশে এখনও ব্রেইল পদ্ধতিতে প্রয়োজনীয় বই নেই। বর্তমানে দৃষ্টিশক্তিহীনদের শিক্ষা ব্যবস্থায় প্রযুক্তিগত সহায়তা অত্যন্ত জরুরি। কিন্তু স্বাধীনতার পঁচাত্তর বছর পার করে বিকল্প পদ্ধতিতেও এদেশের অন্ধত্ব দূর করা গেল না।

সর্বজনীন কল্যাণে শাসক চাতুরি করেই থাকে। তবে শুধু আন্তর্জাতিক স্তরে সুনাম কিনতে দেশবাসীর সাথে করা শাসকের চালাকিকে প্রতারনা ছাড়া অন্য কিচ্ছু বলা যায়না। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ভারতের অন্ধত্ব নিয়ন্ত্রণের জন্য নির্দেশিকা জারি করেছিল। সেখানে বলা হয়েছিল ২০২০ সালের মধ্যে মোট জনসংখ্যার ০.৩ শতাংশ অন্ধত্ব কমানোর লক্ষ্যে কাজ করতে। এই নির্দেশিকা জারির সাথে সাথে দেশের অন্ধত্বের সংখ্যা নিমেষে চল্লিশ লক্ষ কমে গেল! এটা পি সি সরকারের ম্যাজিকে হয়নি, হয়েছিল ভারত সরকারের হাতযশে।

কিছু দেখার অক্ষমতাকে বলে অন্ধত্ব। আমাদের দেশে ১৯৭৬ সাল থেকে চার দশক ধরে এই অক্ষমতা পরিমাপের একটি নির্দিষ্ট পদ্ধতি ছিল। কোনও ব্যক্তি ছয় মিটার দূর থেকে সব কটি আঙুল স্পষ্ট ভাবে দেখতে না পারলে তাঁকে অন্ধ হিসাবে বিবেচনা করা হত। কিন্তু 'হু'-র হুঁশিয়ারির সঙ্গে সঙ্গে এই দূরত্ব তিন মিটার কমিয়ে দেওয়া হল। আর এতেই দেশের নথিভূক্ত অন্ধের সংখ্যা কমে হয়ে গেল মাত্র চল্লিশ লক্ষ। চিকিৎসা বা উপযুক্ত পদ্ধতির প্রয়োগ ছাড়াই দেশের দৃষ্টিহীন মানুষের সংখ্যা রাতারাতি হ্রাস পেল! একটু মাথা খাটিয়ে এত্তবড় সাফল্য। আজকের এই চালাকির কাছে দুশো বছর আগের ব্রেইল পদ্ধতি বড্ড সেকেলে।

ধৃতরাষ্ট্রের অন্ধত্ব গান্ধারীর উপর নিয়তির মত চেপে বসেছিল। গান্ধারীর আনুগত্যের সুযোগে ধৃতরাষ্ট্র তাঁর নেতিবাচক ভাবগুলিকে অনুপ্রবিষ্ট করিয়েছিল চোখ বুজে থাকা গান্ধারীর মনে। দৃষ্টিহীন নাগরিকদের প্রতি রাষ্ট্রের অন্ধত্ব আন্তরিক শুভবোধ সম্পন্ন সাধারণ মানুষকে গান্ধারীর মত চোখে পট্টি পরে থাকতে বাধ্য করছে। রাষ্ট্রের প্রতি জনসাধারণের এই আনুগত্য চূড়ান্ত আত্মনিগ্রহের। জীবনানন্দ দাশ বলেছিলেন "যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা", কবির শ্লেষের লক্ষ ছিল শাসক ও তার অনুগত নাগরিক। আমরা সেই দলে নাম লেখাচ্ছি কিনা সেটাই এখন ভেবে দেখার ।

---

*"অলৌকিক কোন শক্তির দ্বারা বা অদৃষ্টের দ্বারা মানুষের ভবিষ্যত নির্ধারিত হয় না আর্থিক সামাজিক বিপর্যয়ের মধ্যে পড়লেও সংগ্রাম, প্রয়াস ও শিক্ষার মধ্য দিয়ে মানুষ বড় হতে থাকে। বড় চরিত্র ও কঠোর সংগ্রামের মধ্য দিয়ে গড়ে ওঠে।"*

**— ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর**



***About the author:*** *Dr. Subhra Basak, Assistant Professor in Physiology has joined to SIPEW, Hastings House to work as a teacher in the field of Physical Education. Her present scientific essay focuses on the life and work of a Nobel laureate women scientist who discovered the Vaccine for COVID - 19 disease.*

# নোবেলজয়ী বিজ্ঞানী ক্যাটালিন ক্যারিকো

শুভ্রা বসাক

তিস্‌জা (Tisza) নদীর ধারে হাঙ্গেরীর প্রায় কেন্দ্রে অবস্থিত ছোট্ট শহর সোয়ানক (Szolnok) এ যাবৎ সকলের কাছে অপরিচিত ছিল। কিন্তু ২০২৩ এর অক্টোবর মাসে শহরটি রাতারাতি বিখ্যাত হয়ে উঠলো কারণ এটি নোবেলজয়ী ক্যাটালিন ক্যারিকোর (Katalin Kariko) জন্মস্থান। ১৯৫৫ এর ১৭ই জানুয়ারী এই সোয়ানক শহরে জন্মালেও ক্যাটালিনের বড় হয়ে ওঠা অবশ্য হাঙ্গেরীর কিসুস্‌জালাস (Kisujszallas) শহরের একটি ছোট্ট বাড়ীতে যেখানে ছিলনা কোন টেলিভিশন, রেফ্রিজারেটর এমনকি জলের কলও। কসাই বাবা এবং হিসাবরক্ষক মা-এর ঘরে জন্মালেও প্রাইমারী ক্লাস থেকেই তাদের ছোট্ট মেয়ে ছিল বিজ্ঞানে উৎসাহী এবং তার মেধা ছিল সকলের চোখে পড়ার মতো। ছোটবেলাতেই সে হাঙ্গেরীর জীববিদ্যা প্রতিযোগীতায় তৃতীয় স্থান অধিকার করে।

১৯৭৮ এ University of Szeged থেকে জীববিদ্যায় B.Sc. পাশ করেন ও ১৯৮২ তে বায়োকেমিষ্ট্রতে PhD করেন। এরপর Institute of Biochemistry, Biological Research Centre (BRC) তে Postdoctoral research করেন।

১৯৮৫ তে ক্যাটলিনের গবেষণার সমস্ত অনুদান বন্ধ হয়ে যায় ফলে তাকে অন্যত্র কাজের সন্ধান শুরু করতে হয়। মাত্র ২০ বছর বয়সে তাকে দেশ ছাড়তে হয়। স্বামী ও ২ বছরের শিশুকন্যাকে নিয়ে তিনি আমেরিকা চলে যান। ফিলাডেলফিয়ার Temple University তে Robert J. Suhadolnik এর সাথে গবেষণার কাজ শুরু করেন । এখানে এসে শুরু হয় তার গবেষণার সংগ্রাম ও নিরন্তর পরিশ্রম। Pluripotent Stem Cell তৈরী করে এবং Messenger RNA নির্ভর Gene therapy -র শুরু করে বিশ্বের বিজ্ঞানীদের কাছে তিনি ক্রমশ প্রকাশিত হতে থাকেন। তার গবেষণা সৃষ্টি করে "a new class of drugs"।

১৯৮৫ থেকে ১৯৮৮ পর্যন্ত ৩ বছর ক্যারিকো মূলত double Stranded RNA (dsRNA) কে প্রভাবিত করে AIDS, Hematological Diseases এবং Chronic fatigue প্রভৃতি রোগ সারানোর জন্য Clinical Trial এর কাজ করেন।

১৯৮৮ থেকে ১৯৮৯ পর্যন্ত তিনি Bethesda -র Uniformed Services University of Health Science -এ প্রধানত Signal protein interferon নিয়ে কাজ করেন।

১৯৮৯ এ তাঁর জীবনে নতুন সূর্যোদয় হয়। তাঁকে University of Pennsylvania থেকে আমন্ত্রণ জানানো হয়। তিনি কার্ডিওলজিস্ট ডঃ বারনাথান (Elliot Barnathan) এর সঙ্গে mRNA নিয়ে গবেষণা করার সুযোগ পান। যদিও এটি একটি নিম্নমানের অস্থায়ী পদ (research assistant Professor) ছিল তবুও ক্যারিকো এটি গ্রহণ করলেন কারন তিনি মনেপ্রাণে বিশ্বাস করতেন যে mRNA ই সেই বস্তু যার মাধ্যমে ভ্যাকসিন সহ অনেক ওষুধের ব্যবহার করা যায় এবং কোষকে খুশিমতো পরিচালিত করা যায়। সমগ্র জীবন ডঃ ক্যারিকোর সাধনার বিষয় ছিল mRNA যেটি DNA এর বার্তা প্রতিটি কোষে বহন করে নিয়ে যায় এবং প্রেটিন তৈরীর প্রধান যন্ত্র হিসাবে কাজ করে। অত্যন্ত আশানুরূপ হলেও যেহেতু mRNA নিয়ে গবেষণা নতুন চিন্তাভাবনা ছিল তাই কেউই তাদের অনুদান দিতে রাজী হলেন না। তা সত্ত্বেও ডঃ ক্যারিকো ও ডঃ বারনাথান তাদের গবেষণা চালিয়ে যেতে থাকেন। ডঃ ক্যারিকো ও ডঃ বারনাথান সর্বপ্রথম কোষের ভিতর mRNA প্রবেশ করিয়ে Urokinase receptor protein তৈরী করার চেষ্টা করেন। তাদের উদ্দেশ্য ছিল radioactive molecule দিয়ে এই নতুন প্রেটিনকে সনাক্ত করা ও প্রভাবিত করা।

"Most People Laughed at us" - ডঃ বারনাথান বলেছিলেন। কিন্তু এরপর এলো সেই দিন যেদিন ডঃ ক্যারিকোর নিজেকে ভগবান মনে হয়েছিল - "I felt like a God"। সেদিন ক্যারিকো এবং বারনাথান একটা ছোট্ট সরু ঘরে একটা Dot-matrix প্রিন্টারের উপর ঝুকে পড়ে কিছু দেখছিলেন। আসলে এই প্রিন্টারটি একটি gamma counter -এর সঙ্গে যুক্ত ছিল যেখান থেকে নতুন প্রোটিন গুলোর সাথে সংযুক্ত radioactive molecule গুলোকে সন্ধান করে তার নথি পাওয়া যাচ্ছিল।

দুজন বিজ্ঞানীর অনুমান সঠিক হলো এবং তারা বিশ্বাস করতে শুরু করলেন যে হৃদপিন্ডের বাইপাস সার্জারীর সময় রক্তবাহের উন্নতির মতো বিভিন্ন চিকিৎসা কার্যে mRNA -র সফল ব্যবহার সম্ভব।

কিছুদিন পরই ডঃ বারনাথান বিশ্ববিদ্যালয় ছেড়ে চলে গেলেন এবং সেই সাথে বিভাগের চেয়ারম্যানও অন্যত্র চলে গেলেন। ফলে ক্যারিকো আবার গবেষণাগারহীন হয়ে গেলেন এবং গবেষণার অনুদানও বন্ধ হয়ে গেল।

একটি মিটিং -এ সেই সময় ডঃ ক্যারিকোর সাথে সাক্ষাৎ হয় ডঃ ওয়েসমান (Dr. Drew Weissman) এর। সেই মিটিং -এ ক্যারিকো বলেন "I am an RNA Scientist"। ডঃ ওয়েসম্যান বললেন HIV -র বিরুদ্ধে ভ্যাকসিন তৈরী করতে চান। ক্যারিকো বললেন "Yeah, Yeah, I can do it"। ডঃ ক্যারিকো mRNA তৈরী করতে পারতেন যেটি কোষকে প্রভাবিত করে তার নিজের খুশীমতো প্রোটিন তৈরী করতো কিন্তু সবটাই পেট্রিডিসে অর্থাৎ দেহের বাইরে। জীবন্ত ইদুঁরের কোষে তার mRNA কাজ করতে পারলো না। ইদুঁরগুলো খাওয়া বন্ধ করে দিল, দৌড়ানো বন্ধ করে দিল তাদের দেহের লোমগুলো উস্কোখুস্কো হয়ে উঠে যেতে লাগলো এবং তারা অসুস্থ হয়ে যেতে থাকলো। আসলে ইদুঁরগুলোর Immune system infected mRNA গুলোকে বহিরাগত হিসেবে গন্য করলো এবং প্রদাহ (inflammation) তৈরী করতে থাকলো।

এই ঘটনার পর ক্যারিকোর মনে হতে থাকে প্রত্যেক কোষই mRNA তৈরী করে এবং immune system তার প্রতি অন্ধ থাকে অর্থাৎ কোনো প্রতিক্রিয়া দেখায় না। "Why is the mRNA I made different ?" ক্যারিকো অবাক হয়ে ভাবতে শুরু করলেন। ক্যারিকো এরপর দেখলেন mRNA -র দ্বারা immune over reaction হলেও tRNA দ্বারা এটা হচ্ছে না। Pseudouridine নামক একটি অনু tRNA কে এই ধরনের immune reaction এড়াতে সাহায্য করছে।

এরপর ক্যারিকো এবং ওয়েসম্যান mRNA র সাথে চেষ্টা করলেন এবং একে আরো বেশী প্রটিন সংশ্লেষনের জন্য শক্তিশালী করে তুললেন। এরপর একে ইদুঁরের শরীরে প্রতি স্থাপনের চেষ্টা করলেন যেটি immune system কে আক্রমণ করবেনা। তাদের গবেষণা সফল হলো। কিন্তু কোনো বৈজ্ঞানিক পত্রিকাই তাদের গবেষণা প্রকাশ করতে রাজী হলোনা কারণ তখনো সকলেই মনে করতো mRNA কখনোই ভাল চিকিৎসা মাধ্যম হতে পারেনা।

অবশেষে তাদের গবেষণাপত্র 'Immunity' জার্নালে প্রকাশিত হলো এবং তাঁরা কিছুটা হলেও নিজেদের মত প্রতিষ্ঠা করতে পারলেন। এরপর তাদের লক্ষ্য হলো বৃহদাকারে এই গবেষণা করার। তারা বাঁদরের শরীরে mRNA প্রবেশ করিয়ে এরিথ্রোপোটিন (Erythropoietin) প্রোটিন সংশ্লেষনের চেষ্টা করতে লাগলেন। যেটি শরীরের লোহিত রক্ত কনিকা (RBC) সৃষ্টিতে সাহায্য করে। তাদের তৈরী mRNA প্রয়োগের ফলে RBC র সংখ্যা হু হু করে বেড়ে গেল। এবার ক্যারিকো বুঝতে পারলেন তার ধারনা ঠিকই ছিল এবং তিনি mRNA র দ্বারা যে কোন প্রোটিন ওষুধ এমনকি ভ্যাকসিন ও তৈরী করতে পারবেন। এরপর তাঁরা অজস্র Pharmaceutical কোম্পানিকে তাদের গবেষণার কথা জানালেন অনুদানের জন্য। তারা প্রমান করে দিলেন ভাইরাসের শরীরের কোন অংশ প্রবেশ না করিয়ে শুধুমাত্র mRNA দ্বারা তারা কোষকে সেই ভাইরাসের সঙ্গে লড়তে প্রস্তুত করতে পারেন। কেউই তাদের উপর ভরসা করতে পারলেন না। অবশেষে USA র Moderna এবং জার্মানীর BioNTech Pfizer এর সাথে যুক্ত হয়ে তাদের অনুদান দিয়ে সাহায্য করতে রাজী হলো।

ক্যারিকোর গবেষণা BioNTech এবং Moderna র ভিত শক্ত করতে থাকে তারা therapeutic mRNA র জগতে বিশেষ স্থান দখল করে। তাঁরা mRNA flu vaccine cytomegalovirus এবং Zixa virus vaccine তৈরী করার চেষ্টা করতে লাগলেন।

এরপরই পৃথিবীতে এসে গেল করোনা ভাইরাস। সারা বিশ্বের বিজ্ঞানীরা এই নতুন অসুখটি নিয়ে গবেষণা শুরু করেন। ২০২০ র জানুয়ারীতে Edward Holmes এর জিন সজ্জাক্রম (gene sequencing) আবিস্কার করেন। এর কয়েক ঘন্টার মধ্যে BioNTech এবং দুদিনের মধ্যে Moderna করোনা ভাইরাসের mRNA ভ্যাকসিন এর নক্সা প্রস্তুত করে ফেলেন। দুটি ভ্যাকসিনের কর্মপদ্ধতি ছিল প্রায় একই রকম। ভ্যাকসিনের মাধ্যমে কোষকে করোনা ভাইরাসের স্পাইক প্রোটিন (spike protein) তৈরী করতে উদ্দীপিত করবে। দেহের Immune System এই প্রোটিনকে বিদেশী হিসেবে দেখবে এবং করোনা ভাইরাসের সঙ্গে যুদ্ধ করতে নিজেকে প্রস্তুত করে রাখবে।

২০২০ র ৮ই নভেম্বর অবশেষে Pfizer - BioNTech ঘোষনা করলো যে তারা mRNA ভ্যাকসিন বাজারে আনার জন্য প্রস্তুত যেটি করোনা ভাইরাসের বিরুদ্ধে শক্তিশালী প্রতিরোধ গড়ে তুলতে পারে। এইদিন ক্যারিকো এত উল্লাসিত হয়ে গেল যে সে এক বাস্ক বাদামমোড়া চকোলেট নিমিষে খেয়ে ফেললো। ১৮ই ডিসেম্বর ডঃ ক্যারিকো এবং ডঃ ওয়েসম্যান দুজনেই University of Pennsylvania তে Covid - Vaccine গ্রহণ করলেন। বিশ্বের ইতিহাসে এই ঘটনা অবিস্মরণীয় হয়ে থাকলো।

২০২৩ এ ডঃ ক্যাটলিন ক্যারিকো এবং ডঃ ড্রিউ ওয়েসম্যানকে Physiology or Medicine এ নোবেল প্রাইজ দেওয়া হয়। তাদের আবিস্কৃত করোনা ভ্যাকসিনের জন্য। mRNA র বেস পরিবর্তিত করে তাকে SARS-COV-২ এর বিরুদ্ধে দেহের প্রতিরোধ ক্ষমতা গড়ে তোলার উপযোগী করে তুলে যে ভ্যাকসিন তারা তৈরী করেছেন তার সক্রিয়তা এবং দ্রুত কার্যকারীতার জন্য নোবেল কমিটি তাদের এই সম্মানে ভূষিত করেন। কারন তাদের আবিস্কৃত ভ্যাকসিন কোটি কোটি মানুষের প্রাণ রক্ষা করেছে এবং গোটা পৃথিবীকে আবার স্বাভাবিক ছন্দে ফিরিয়ে এনেছে।



***About the author:*** *Dr. Samiran Mondal is working as professor at Visva Bharati, Shantiniketan in the Dept. of Physical Education and Sports. Last few years he is working in the area of ancient Indian Culture, Tradition & Science. He is also working as member in different National Committee on Physical Education & Sports from West Bengal.*

# আর্য়ুবেদ, ব্যায়ামশাস্ত্র এবং আমরা

সমীরন মণ্ডল

আমাদের ভারতবর্ষ একটি সুপ্রাচীন দেশ এবং একটি সুপ্রাচীন সভ্যতার জন্মভূমি। একমাত্র একটি দেশের নামে মহাসাগর আছে। তার নাম ভারত মহাসাগর। ভারত দুটি কথার সমষ্টি ভা এবং রত। ভা মানে জ্ঞান এবং রত মানে যে কিছু করছে। ভারত শব্দের অর্থ যে দেশ জ্ঞান চর্চায় রত। আমাদের জ্ঞান চর্চার ধারাও সুপ্রাচীন। মেহেরগড় এবং হরপ্পা সভ্যতার ইতিহাস বুঝিয়ে দেয় প্রায় দশহাজার বৎসর আগেই আমরা জ্ঞানচর্চা শুরু করি। পৃথিবীর সবচেয়ে পুরনো গ্রন্থটির নাম ঋকবেদ, তার জন্মও ভারতবর্ষে। বেদ শব্দের অর্থ জ্ঞান বা বিজ্ঞান। তারপর আরও তিনটি বেদ এর প্রতিষ্ঠা হয় - সাম, যজু ও অথর্ব। পরবর্তীতে এই বেদ গুলি থেকে অনেক উপবেদ তৈরী হয়েছে, যেমন ধনুর্বেদ, গন্ধর্ববেদ, আয়ুর্বেদ ইত্যাদি।

আয়ুর্বেদ বা ভারতীয় চিকিৎসা পদ্ধতি বর্তমানে বিশ্ব স্বাস্থ্য সংস্থা দ্বারা স্বীকৃত একটি আন্তজাতিক বিষয়। আয়ু শব্দের অর্থ দীর্ঘ এবং নিরোগ জীবন । আর বেদ মানে তো জ্ঞান বা বিজ্ঞান। আয়ুর্বেদ হচ্ছে দীর্ঘ এবং নিরোগ জীবনের বিজ্ঞান। আয়ুর্বেদের মতে মানুষ তিনটি উপাদান দিয়ে তৈরী- শরীর, মন এবং আত্মা। আয়ুর্বেদ শরীরের জন্য ব্যায়াম (এক্সারসাইজ) এবং মন ও আত্মার জন্য যোগ চর্চার কথা বিশেষ ভাবে উল্লেখ করেছে। আয়ুর্বেদের বিখ্যাত দুটি প্রাচীন বই এর নাম চরক সংহিতা এবং শুশ্রুত সংহিতা। সংহিতা শব্দের অর্থ যেখানে জ্ঞান একত্রিত অবস্থায় আছে। এই দুই সংহিতাতে ব্যায়ামের কথা বিস্তারিত ভাবে আছে। আমাদের দেশে যে কোন সংহত বিষয়কে শাস্ত্র বলে যেমন - অর্থশাস্ত্র, চিকিৎসাশাস্ত্র, নাট্যশাস্ত্র ইত্যাদি। তেমনি ব্যায়াম ও একটি শাস্ত্র। যিনি খুব ভালো ভাবে এই বিষয় জানেন তিনি শাস্ত্রী যেমন ব্যায়াম শাস্ত্রী। খুব প্রাচীন কালে থেকে এই শাস্ত্রের চর্চা আমাদের দেশে চলে আসছে। এখনও গ্রামাঞ্চলে যোগব্যায়াম কথাটি বহুল প্রচলিত। মানুষের বিশ্বাস এটা শরীর, মন এবং আত্মার বিকাশ ঘটায়। আয়ুর্বেদে ব্যায়াম নিয়ে বিস্তারিত বর্ননা আছে। ব্যায়ামের সংজ্ঞা, এর উপকারিতা এবং অপব্যবহার, এর পরিমান, কারা করবেন না ইত্যাদি বলা হয়েছে। বিভিন্ন রোগ উপশমের ক্ষেত্রে ব্যায়ামের ব্যবহার নির্দেশ আছে। বিভিন্ন ঋতুতে ব্যায়াম এবং ব্যায়ামকালীন অসুবিধার কথাও উল্লেখ আছে। প্রাচীনকাল থেকেই ব্যায়ামশাস্ত্র আয়ুর্বেদের বা ভারতীয় চিকিৎসা শাস্ত্রের অন্তর্গত।

আয়ুর্বেদে শরীর ও মনের সুস্থতার জন্য খাবারের উপর বিশেষ ভাবে জোর দেওয়া হয়েছে। শস্য জাতীয় খাবার যেমন চাল, গম, যব ইত্যাদি কখন খাওয়া উচিত, কতটা পরিমানে খাওয়া যেতে পারে, কোন বয়সে, কোন ঋতুতে কি খেতে হবে তার উল্লেখ আছে বিস্তারিত ভাবে। শাক সব্জীর কথাও আছে বিস্তারিত ভাবে। কত ধরনের শাক খাওয়া যেতে পারে,

কোন শাকে কি গুনাগুন, কখন  খাওয়া উচিত কখন নয় ইত্যাদি লেখা আছে। সব্জীর ব্যবহার এবং তার রান্না পদ্ধতি বলা আছে। দুধ এবং দুধ থেকে উৎপন্ন খাদ্যের বর্ণনা বিশদ ভাবে দেওয়া আছে এবং তার উপকারিতার কথাও আলোচিত হয়েছে। বিভিন্ন ঋতুতে ফলের বর্ণনা করে তার উপকারিতা উল্লেখিত হয়েছে। আয়ুর্বেদ মানে শুধু নিরামিষ খাবার এই ধারনাটা ঠিক নয়। আয়ুর্বেদে মাছ এবং বিভিন্ন ধরনের মাংসের খাবারের কথা বলা হয়েছে। সুস্থ এবং অসুস্থ লোক কি ধরনের আমিষ খাবার খাবে তার পুঙ্খানুপুঙ্খ বর্ননা আছে। বিভিন্ন ধরনের জল এবং পানীয় তার গুনাগুন নিয়ে আলোচনা করা হয়েছে। এখান থেকেই আমাদের খাদ্যশাস্ত্রের জন্ম। ব্যায়াম এবং ক্রীড়াচর্চাকারী কি ধরনের খাবার খাবে, কতটা খাবে, কোন সময়ে আহার করবে তার নির্দেশ দেওয়া আছে ।

আয়ুর্বেদ মানুষের ঘুম ও বিশ্রাম কে বিশেষ প্রাধান্য দেয়। আয়ুর্বেদের মতে সূর্য ওঠার সঙ্গে সঙ্গে ঘুম থেকে ওঠা উচিৎ। আমাদের পৃথিবীর পরিবেশের পরিবর্তন হয় সূর্য ও চন্দ্রের প্রভাবে। পৃথিবীর সমস্ত গাছপালা এবং প্রাণীকুলের সঙ্গে মানুষও এর দ্বারা নিয়ন্ত্রিত। তবে কার্যক্ষেত্রে অনেক রাত্রি জাগতে হলে তার ক্ষেত্রে ছাড় দেওয়া আছে।

নুন্যতম ছয় থেকে আট ঘন্টা ঘুমের নির্দেশ দেওয়া আছে। কোন প্রহরে (তিন ঘন্টায় এক প্রহর, আট প্রহরে দিন-রাত্রি) ঘুম গভীর, কখন স্বল্প গভীর এবং কখন পাতলা ঘুম তার বর্ণনা পাওয়া যায়। কোন কোন খাবার খেলে ঘুম ভালো হবে এবং কেন ঘুমের ব্যঘাত হয় তাও বলা হয়েছে। সম্মিলিত ব্যায়ামকে ক্রীড়া চর্চা বলা হয়। ব্যায়াম ও ক্রীড়া চর্চাকারীর ঘুম এবং এই ঘুমচর্চা আজ একটি অন্যতম বিজ্ঞান।

ব্যায়াম ও ক্রীড়াচর্চার পর মর্দনের (ম্যাসাজ) নির্দেশ এবং তারপর স্নানের কথা বিস্তারিত ভাবে আয়ুর্বেদে বলা হয়েছে। বিভিন্ন ধরনের মর্দনের সঙ্গে তেল এবং অন্যান্য বস্তুর ব্যবহার উল্লিখিত আছে। মর্দন যে শরীরের দূষণ কমায় তা তারা বুঝতেন। তাই সকলকে মর্দনের সুযোগ নিতে বলা আছে। স্নান আয়ুর্বেদের মতে বিভিন্ন রকম সূর্য স্নান, আতপ জলে স্নান, ঠান্ডা জলে স্নান, গরম ও ঠান্ডা জলে স্নান ইত্যাদি। তাছাড়া পুকুর, দিঘি, নদী, ঝরনা, সমুদ্র স্নানের উপকারিতা বলা আছে। ঋতু অনুযায়ী স্নানের সময় এবং স্নানের পদ্ধতি বলা হয়াছে। স্নানের পর সুগন্ধির ব্যবহার স্বীকৃত ছিল। স্নানের জলেও বিভিন্ন ধরনের উপকারী বস্তু মেশানোর কথা বলা হয়েছে। ব্যায়াম ও ক্রীড়াচর্চাকারীদের স্নানের উপকারিতার কথা বিস্তারিত ভাবে উল্লেখ করা হয়েছে। বর্তমানে মর্দন (ম্যাসাজ) একটি স্বীকৃত বৈজ্ঞানিক পদ্ধতি। স্নানকেও বিভিন্ন বিজ্ঞান সম্মত ভাবে শরীর ও মনের প্রয়োজনে লাগানো হচ্ছে।

শারীরশিক্ষা ও ক্রীড়াবিজ্ঞানে ব্যায়াম অন্যতম প্রধান বিষয়। আমাদের দেশে বিদেশী বহু বই পড়ানো হয় এই বিষয়ে। অনেক গবেষণাও করা হয় বিদেশী গবেষণা পত্রের অনুকরণে। আজ সময় এসেছে আমাদের নিজস্ব সংস্কৃতি, জ্ঞান, বিজ্ঞানকে বিশ্বের মাঝে তুলে ধরার। আয়ুর্বেদকে আমাদের অন্যতম পাঠ্য বিষয় করা দরকার। ব্যায়ামশাস্ত্রের যে ভারতীয় ধারা তাকে সম্মানের সঙ্গে আমাদের মান্যতা দিতে দ্বিধা করলে কালের বিচারে আমরা পিছিয়ে পড়ব। আসুন আমরা সকলে মিলে আয়ুর্বেদ এবং ব্যায়ামশাস্ত্রের মর্যাদা উপযুক্ত ভাবে ফিরিয়ে দিই।

**Reference**


1. Mondal S.Science of exercise ancient Indian origin, Journal of the Associa- tion of Physician of India, August,2013
2. Mandal S.Reply from author, Journal of the Association of Physician of India, December 2014
3. Mondal S. Exercise science in the ancient Indian, Journal of Sport Science and Physical Education, ICSSPE,October, 2016
4. Tipton CM. Susruta of India an unrecognised contributor to the history of exercise physiology, Journal of Applied Physiology, March, 2008
5. Deshpande SH. Physical Education in Anciant India, HVPM Publication, Amaravati, 2013



***About the author:*** *Dr. Sudarshan Bhowmick is a legendary teacher in the field of Physical Education. His specialization is on sports Bio-mechanics. He achieved his special degree from Germany. He worked as Professor in Physical Education in different colleges and universities. He served at Dept. of Physical Education, Kalyani University as Professor and worked as Emirate Professor at Joshor University of Science and Technology, Bangladesh.*

# Motivational Readiness to be Physically Active

Sudarsan Bhowmick

**Introduction**: Use of technology has become an integral part of modern day living. It has made our life easy and comfortable. People are increasingly attracted to the newest form of technology –the smart phones. From 1.4% in 2009 the rate of use of smartphone in India has reached to 71 per cent in 2023 and is expected to reach 96% in 2040 (Shangliao, 2023). While the use of technology has provided many benefits to human beings, it has led harmful effect on their basic pattern of living. The daily living physical activities have been drastically reduced, and the use of technology has become one of the predicting factors for physical inactivity. Kenney and Gortmaker (2017) found that excessive use of smartphones, tablets, computers, and videogames was positively related to a lack of physical activity. One study conducted on five-year-old children (Nilsson et.al., 2009) showed that those with high technology use are less active and more likely to have sedentary lifestyles. Recently, Webster et al. (2019) showed positive associations between fundamental motor skills and vigorous physical activity among pre-school children, but inverse associations with screen-time.

**Need of physical activity**: Numerous well-conducted research studies completed over past 60 years have concluded regarding the health benefits of an active life style and the health consequences of a sedentary lifestyle (Haskell et al., 2007). These conclusions are based on examinations of population–based studies that found that physical activity or physical fitness reduces the risk of cardiovascular disease in a dose -response manner. That is, those who have greater fitness or participate in greater amount of physical activity have the lower risk. Apart from health benefits it is to be agreed upon that the basic functioning of different systems and organs of human body is greatly influenced by big muscular activities. The organic efficiency of human body depends on use of physical activities done

by voluntary big muscular movements. For this it has been said that 'Activity is the basis of life'.

**Physical Activity recommendation for Health Benefit**: Data from various studies have allowed researchers to develop guidelines for the amount of exercise needed to create and maintain the health benefits. Findings from these studies led the American College for Advancement in Medicine (ACAM) to develop the exercise prescription. It is recommended that people doing 30minutes or more of at least moderate intensity ( 60-74% of their maximum heart rate ) physical activity on at least 5 days of the week or at least 20minutes of at least vigorous intensity ( 75 – 85% of maximum heart rate ) physical activity on 3 or more days per week.

World Health Organization (WHO) has the following recommendation for different age groups:

i) 4yrs : 180minutes per day in a variety of types of physical activity at any intensity
ii) 5-17yrs: 60minutes per day of moderate to vigorous activity
iii) 18-64 yrs : at least 150–300 minutes of moderate-intensity aerobic physical activity; or at least 75–150 minutes of vigorous-intensity aerobic physical activity; or
an equivalent combination of moderate- and vigorous-intensity activity throughout the week.
iv) 65yrs. and above: Same as 18-64 yrs. age group.

**Physical activity intervention**: Despite the knowledge of benefits of physical activity and the specific guidelines for amount of physical activity needed, most of the people do not do physical activity for health benefits in our country. As a result in the 10-year period from 2005-2006 to 2015-2016, obesity among women between the ages of 15 and 49 years increased from 13% to 21%; during the same time period, obesity among men of same age group increased from 9.3% to 19% (Indian National Family Health Survey -4). Considering the low prevalence rate it is imperative that physical activity interventions be designed that effectively promote the adaptation and maintenance of active lifestyle for the people of our country. As the motivation of an individual plays a dominant role for change of his behavior, it is essential to analyze the motivational readiness of the person for developing the needed intervention strategy.

**Assessment of motivational readiness for being physically active**: Marcus and Forsyth (2008) have described a model to assess the stages of motivational readiness to be physically active developed by Prochaska and DiClemente. This model identifies five stages of readiness for change to be physically active as follows.

**Stage-I:** It includes people who do not do physical activity and do not want to start the physical activity program for health reason in the next 6 months. This is considered as Stage-1(Not thinking about change stage). This stage refers to no motivational readiness to be physically active.

**Stage-II:** It includes the people who do not participate in physical activity but intend to start in the next 6-months. This is considered as Stage-2 (Thinking about change stage). This stage refers to motivational readiness to start physical activities to be physically fit.

**Stage-III:** This is applicable for those people who participate in some amount of physical activity for health benefit but not at the level as prescribed by guidelines of at least 30minutes of at least moderate-intensity physical activity on 5 or more days of the week or at least 20minutes of continuous vigorous exercise on at least 3 days per week. This is known as Stage-3 (Doing some physical activity stage). This stage refers to inadequate motivational readiness to be physically active.

**Stage-IV:** The people who are participating in recommended amounts of physical activity but have done less than 6 months and may or may not maintain this level of physical activity as they may not be able to do so. This is considered as Stage-4 (Doing enough physical activity stage). This stage refers to high level motivational readiness to be physically active, but there is lack of regularity in practice.

**Stage -V:** This includes those people who have participated in recommended amounts of physical activity for 6 months or more and developed doing physical activity a habit. This is considered as Stage-5 (Making physical activity a habit stage). This stage refers to adequate motivational readiness to remain physically active.

Movement through these stages is thought to be cyclical, rather than linear, because many peoples fail in their efforts at staring. So, they move back and forth among these stages. So, a person may need to make numerous attempts at behavioral change before being able to make physical activity a habit. Again after reaching fifth stage, a person may slide back to earlier stages may be due to availability of time, his health or other reasons.

**Conclusion**: Use of technology has become inevitable for the people at modern time. In addition to a very high amount of benefits, use of technology has created incidental bad effects for people to make them sedentary and less physically active. This has developed serious consequences for health and wellness of individuals. To overcome this issue regular participation in physical activities in prescribed doses has been recommended by leading world organizations for all irrespective of gender and age. But, due to lack of awareness and motivation, many people have not yet developed the habit of doing physical activities for health purpose. So, it is the responsibility of the persons associated with the field of physical education, health and fitness to take up the challenge to motivate such people to be physically active. For this they should analyze the stage of motivational readiness of the

people and use appropriate strategies to improve the readiness to remain physically active for the cause of health and wellness.

**Reference**


1. Haskell, W.L., Lee, I.M., Pate, R.R., et al. (2007). Physical activity and public health: Updated recommendation for adults from the American College of Sports Medicine and the American Heart Association. Medicine & Science in Sports & Exercise, 39, 1423-1434.
2. Kenney E.L., Gortmaker S.L. (2017). United States Adolescents' Television, Computer, Videogame, Smartphone, and Tablet Use: Associations with Sugary Drinks, Sleep, Physical Activity, and Obesity. *J. Pediatr.* 182:144–149.
3. Marcus, B.H. and Forsyth, L.H. (2008). Motivating people to be physically Active. 2nd Ed. Human Kinetics.
4. Nilsson A., Andersen L.B., Ommundsen Y., Froberg K., Sardinha L., Piehl-Aulin K., Ekelund U. (2009). Correlates of objectively assessed physical activity and sedentary time in children: A cross-sectional study (The European Youth Heart Study) *BMC Public Health.* 2009;9:322.
5. National Family Health Survey (NFHS-4) 2015-16 India, 2015. http://www.rchiips.org/nfhs (accessed September 12, 2020).
6. Sun, Shangliao (2023). Smartphone users in India 2010-2040. Statista 2023.
7. Webster E.K., Martin C.K., Staiano A.E. (2019). Fundamental motor skills, screen-time, and physical activity in preschoolers. *J. Sport Health Sci.* 2019;8:114–121. doi: 10.1016/j.jshs.2018.11.006.


*"Treat a person as he is, and he will remain as he is. Treat him as he could be, and he will become what he should be."*

**— Jimmy Johnson**



***About the author:*** *Dr. Dilip Kumar Bandopadhyay is a renowned and ideal teacher of Physical Education. He extended his service as Associate Professor, in the Department of Physical Education, University of Kalyani. He also loves Nature and cares Humanity. Present writing is a wish to his beloved student on occasion of Teachers' Day.*

# শিক্ষক দিবসের বার্তা

দিলীপ কুমার বন্দ্যোপাধ্যায়

যে আলো দিয়াছি বিতরি
ক্ষুদ্র মেধার ভাণ্ডার হতে,
যা তোমারে করেছে আলোর পথযাত্রী;
সে তরঙ্গ লহরী হোক, বিদ্যা বিতরণে।
সেদিনের অঙ্কুর, হও মহীরূহ
দাও এই প্রজন্মকে শীতল ছায়া, আর নিরাপদ নীড়।
তোমার কথায়
থাকুক চরৈবেতি।
জ্ঞানের সোনার কাঠির ছোঁয়ায়
প্রতিটি 'একলব্য' ঋজুতায় হোক দাবীদার,
আমিপূর্ণ মানুষ।





***About the author:*** *Prof. (Dr.) Alok Kumar Banerjee is one of the eminent teachers of Physical Education. He extended his teaching service as Professor in the Department of Physical Education, University of Kalyani. He also became the Vice Chancellor of Kalyani University. He writes many books which reflects his unique thinking and research works on Physical Education & Physiology. Present writing focuses on importance of sports on peace making through the world.*

# আর্ন্তজাতিক ক্রীড়া দিবস

অলোক ব্যানার্জী

খেলার ইতিহাস চর্চা করতে গেলে বারবার প্রতীয়মান হয় যে খেলার সঙ্গে কোথায়ও যুদ্ধের একটা নিবিড় সম্পর্ক আছে। খ্রীষ্টের জন্মের ৮০০ বছর আগে গ্রীসের অন্তর্গত স্পার্টা যুদ্ধের প্রয়োজনে শক্ত সমর্থ মানুষ গড়ে তোলার লক্ষে সংগঠিত শরীরর্চার সূত্রপাত ঘটিয়েছিল। প্রাচীন গ্রীসে ছোট ছোট রাজ্য যা 'সিটি স্টেট' নামে সমাধিক পরিচিত, প্রায়সই যুদ্ধে লিপ্ত থাকত। এই, যুদ্ধেও বিরুদ্ধে শান্তি স্থাপনের প্রয়াসে শুরু হয়েছিল প্যানহেলেনিক গেমস, যার অন্যতম এবং বৈশিষ্টপূর্ণ হল, 'অলিম্পিক গেমস'। ৭৭৬ খ্রীষ্টপূর্বাব্দে গ্রীসের অলিম্পিয়া শহরে প্রাচীন অলিম্পিকের যাত্রা শুরু হয়েছিল। প্রাচীন অলিম্পিক যখন বন্ধ হচ্ছে (৩৯৩ খ্রীটাব্দ) তখনও প্রায় যুদ্ধের পরিবেশ। গ্রীক ও রোমানদের মধ্যে জাতি বিদ্বেষ, হিংসা, দ্বন্দ, প্রভৃতি সংকটের কারণে। খুব বেশি পিছনে না গিয়েও, যখন আধুনিক অলিম্পিকের পুনরুজীবন হচ্ছে (১৮৯৬), তার প্রেক্ষাপটে গোটা উনবিংশ শতাব্দীর ওপর লক্ষ্য রাখলে দেখা যাবে এই সময়কালে যারা পৃথিবীজুড়ে ছোট বড় প্রায় ৬০টি যুদ্ধ সংগঠিত হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য নেপোলিয়ানের যুদ্ধ (১৮০৩ - ১৮১৪), ওটোমেন সাম্রাজ্যের বিরুদ্ধে গ্রীসের স্বাধীনতা যুদ্ধ (১৮২১ - ১৮৩২), মেস্কিকো - আমেরিকা যুদ্ধ (১৮৪৬-৪৮), ফ্রান্স - প্রুসিয় (বর্তমানে জার্মানির অংশ) যুদ্ধ (১৮৭০ - ৭১), ইতাদি। ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধ "সিপাহী বিদ্রোহ' (১৮৫৭), এই সময় কালেই।

ইউরোপের নবজাগরণের সময় থেকে, যখন চার্চের দখলদারি থেকে সমাজ, শিক্ষা, সংস্কৃতি একটু একটু করে মুক্ত হচ্ছিল, তখন মানুষের সামগ্রিক বিকাশের সার্থে, গ্রীকদের পুরোনো ঐতিহ্য ও ব্যবস্থার ওপর প্রায় সমগ্র ইউরোপ নতুন করে নির্ভর করতে শুরু করল। উনবিংশ শতাব্দীর মধ্যভাগ থেকে ইউরোপের বিভিন্ন চিন্তাবিদ, শিক্ষাবিদরা সম্মিলিত ভাবে শিক্ষা সংস্কৃতির বিকাশের সার্থে, যুদ্ধের বিরুদ্ধে শান্তির সপক্ষে সংগঠিত আওয়াজ তুলছিলেন। স্বাধীনতা যুদ্ধে গ্রীকরা মুক্ত হবার পর, তারা তাদের পুরানো ঐতিহমণ্ডিত অলিম্পিক গেমস পুণরুজ্জীবিত করার ভাবনা চিন্তা শুরু করে। এই পরিস্থিতিতে এগিয়ে এলেন ফ্রান্সের ব্যারন-পিয়ারে-ডি-কুর্বাটিন। শিক্ষবিদ, চিন্তাশীল কুর্বাটিন তাঁর কিছু অনুগামীদের নিয়ে এক প্রায় বিশ্ব সম্মেলন আহ্বান করলেন ১৮৯২ সালে। সেখানেই তিনি বিশ্ব শান্তি – সৌভ্রাতৃত্ব ও শিক্ষার প্রসারের সার্থে তাঁর দলিল উপস্থাপন করেন। তার প্রধান লক্ষ্য ছিল ঐতিহমণ্ডিত গ্রীকদের প্রাচীন অলিম্পিক পুনরুজ্জীবিত করা। অনেক আলাপ আলোচনার শেষে ১৮৯৪ সালে, ২৩ জুন তাঁর শপথ মেনে নিয়ে তৈরি হল আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (IOC) এবং ঠিক হল, ১৮৯৬ সালে এপ্রিল ৬-১৫ পর্যন্ত গ্রীসের এথেন্স শহরে প্রাচীন অলিম্পিকের ঐতিহ্য পুনরুজ্জীবিত করে আধুনিক অলিম্পিক যাত্রা শুরু করবে। ২৮০ জন পুরুষ অ্যাথলিট ১২টি দেশের প্রতিনিধিত্ব করে নতুন জয় যাত্রা শুরু করল। আজ ১২৭ বছর পরিয়ে- এই মহান ক্রীড়া উজ্জ্বল থেকে উজ্জ্বলতর জ্যোতি বিকিরণ করে বিশ্বকে যুদ্ধের বিরুদ্ধে শান্তির সপক্ষে একটি পতাকাতলে নিয়ে এক অভূতপূর্ব শান্তি আন্দোলনে এগিয়ে নিয়ে চলেছে। তবে মনে রাখতে হবে ১ম বিশ্বযুদ্ধের কারণে ১৯১৬ সালে এবং ২য় বিশ্বযুদ্ধের করণে ১৯৪০ ও ১৯৪৪ সালে অলিম্পিকের আসর বসতে পারেনি।

২য় বিশ্বযুদ্ধের ভয়াবহতা ও ধ্বংসলীলা প্রতক্ষ্য করে মানুষ, আরও সঠিকভাবে বললে রাষ্ট্র বা জাতি সম্প্রদায়গুলি বুঝতে শিখল যুদ্ধ করে আর পৃথিবী জয় সম্ভব নয়। এমন নয় যে তারপর আর যুদ্ধ হয়নি কিন্তু তার ব্যপকতা বা বিস্তার সর্বগ্রাসী হয় নি। কিন্তু আমিই শ্রেষ্ঠ বা বদান্যতায়মধ্যে প্রায় ছিলই না। অন্তত বর্তমানে যে ভাবে সরকারী পোষিত হয়ে চলে তার তুলনায় প্রায় কিছুই ছিল না। ক্রীড়া সংগঠনগুলি নানানভাবে টাকার যোগান দিত। অনেক খেলোয়াড়কে নিজেই নিজের খরচ যোগাড় করতে হতো, বিশেষ করে বিদেশে প্রতিযোগীতায় অংশগ্রহণ করতে।

১৯৫০ সালের পর থেকে প্রত্যেক দেশে আন্তর্জাতিক অলিম্পিক কমিটির ও বিভিন্ন খেলার আন্তর্জাতিক সংস্থার অনুমোদনে নিজস্ব সংগঠন তৈরি হতে থাকে এবং সরকার পোষিত হতে থাকে। এই যে সরকার ক্রীড়া বা খেলাধূলার ক্ষেত্রে সহায়ক ভূমিকা নিতে থাকল তার কারন শুধুমাত্র জাতীয় স্তরে সীমাবদ্ধ নয়, তা আন্তর্জাতিক সম্মান হিসাবে চিহ্নিত হচ্ছে অন্যদিকে সামাজিক মর্যাদা এবং কিছুটা হলেও রাজনৈতিক মর্যাদা বৃদ্ধি করেছে। রাজনৈতিক অস্থিরতা অনেক খেলাধূলার ক্ষেত্রে বাধা বা প্রতিবদ্ধকতা সৃষ্টি করেছে একথা যেমন ঠিক, আবার খেলায় সাফল্য যে ব্যক্তিগত বা দলগত যাই হোক তার ভাগ নেবার জন্য সরকারি হ্যাংলাপনাও আমাদের চোখ এড়ায় না। আসলে খেলা একটা দুরন্ত সামাজিক শক্তি, একটি প্রতিষ্ঠান, প্রচণ্ড তার আবেগ ও শক্তি, সেটা ব্যবহার করতে সরকারি প্রয়াস বিংশ শতাব্দীর মধ্যভাগ থেকে পরিকল্পনা মাফিক শুরু হয়েছে। ক্রীড়ায় মান উন্নয়নে গবেষনাতেও এই সময়ে উৎসাহ ও নানানভাবে সাহায্য করাও শুরু হয়। রাশিয়া, পূর্ব জার্মানি (বার্লিন পাঁচিল ভেঙ্গে ফেলার আগে), চীন প্রভৃতি কমিউনিস্ট দেশগুলি খেলার জগতে সাফল্যের সঙ্গে তাদের রাজনৈতিক মতাদর্শের সাফল্য হিসাবে প্রতিষ্ঠিত করতে চাইত। আবার আমেরিকা ও ইউরোপের অনেক দেশ খেলাকে পেশা বা বৃত্তির মর্যদা দিতে থাকল। এইভাবে দেখলে দেখা যাবে খেলা যা একসময় স্কুল কলেজ ছাত্র-ছাত্রীদের কিছুটা শরীরচর্চা, কিছুটা মনোরঞ্জন, পরে সাধারণ মানুষের অবসর বিনোদনের বিষয় ছিল তা একটা দারুন শক্তিশালী সমাজ মাধ্যম, যার পরিধি বিকশিত হয়ে জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছে। আজ খেলার সাফল্য জাতীয় ও আন্তর্জাতিক স্তরে শুধু একটা স্বীকৃতি নয়, তা অন্য মাত্রা পাচ্ছে -অর্থিক, সামাজিক, কিছুটা হলেও রাজনৈতিক। তাছাড়া শিল্প ও মানুষ্যত্ত্বের বিকাশের সহায়ক হয়ে উঠেছে আন্তর্জাতিক ক্রীড়া দিবস। এখন প্রশ্নকেন ?

খেলাধূলার যে ব্যাপকতা, তার প্রবল জনপ্রিয়তা, শক্তপোক্ত মূল্যবোধ, ক্রীড়াকে এমন এক স্তরে উন্নীত করেছে যে জাতি সংঘ (UNO) সেটি লক্ষ্য করেছে। শান্তি ও প্রগতির ক্ষেত্রে জাতি-সংঘের যে উদ্দেশ্য তা ক্রীড়া অত্যন্ত নিপুণভাবে সম্পন্ন করতে পারে। ক্রীড়া একটি অত্যন্ত শক্তিশালী সম্ভাবনাপূর্ণ সমাজ-মাধ্যম, যার দ্বারা মানুষকে সচেতন করা যেতে পারে। বিশেষ করে মানবধিকার এবং সামাজিক ও অর্থিক উন্নয়নের পথে ধারাবাহিকভাবে ক্রীড়া এক শক্তিশালী সহায়ক ভূমিকা পালন করতে পারে। ক্রীড়ার মধ্যে এক অদ্ভুত শক্তি আছে যা মানুষকে একসাথে চলার শক্তি যোগায়। যুদ্ধের বিরুদ্ধে শান্তির সপক্ষে, অলিম্পিকের শ্বেতপতাকার তলে সব বিভেদ ভুলে মানুষ এক হতে পারে। সাংস্কৃতিক বিভাজনের বেড়া ভেঙ্গে মানুষে মানুষে এক হতে পারে খেলার মাধ্যমে। খেলার এই বিশাল সম্ভবনা নিয়ে জাতি সংঘের বিভিন্ন কমিটিতে বিস্তর আলোচনার পর UN General Assembly, ২০১৩ সালের ২৩ আগষ্ট সিদ্ধান্ত (A/RES/67/296) নেয় এবং সেই অনুযায়ী ঘোষনা করা হয় যে প্রতি বছর এপ্রিল মাসের ৬ তারিখ ক্রীড়া দিবস (Sports Day)হিসাবে পালন করা হবে। এই সম্পর্কে জাতি সংঘ থেকে বলা হয় যে জাতি সংঘের সাথে যুক্ত সমস্ত রাষ্ট্র, সংযুক্ত সমস্ত আন্তর্জাতিক সংস্থা বা সংগঠন, প্রতিটি আন্তর্জাতিক; আঞ্চলিক ও জাতীয় ক্রীড়া সংস্থার বৃহত্তর নাগরিক সমাজ, সরকারি ও বেসরকারি ক্ষেত্রে এর সমস্ত ব্যক্তি বা সংগঠন যারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্রীড়ার সঙ্গে যুক্ত সবার কাছে জাতি সংঘ এই আহ্বান রাখছে যে ক্রীড়া দিবস মর্যাদার সাথে পালন করতে হবে, বিশ্ব শান্তি ও উন্নয়ন প্রতিষ্ঠার লক্ষে এবং এই বিষয়ে মানুষকে সচেতন করতে হবে। তাই ক্রীড়া দিবস পালিত হয় আগামী বিশ্বকে আরও সুন্দর করে গড়ে তুলতে। মানুষের জীবনের মানের উত্তরণ ঘটিয়ে জাতিগুলিকে সৌভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ করে এক নতুন বিশ্ব ব্যবস্থার সন্ধান দেয় এই ক্রীড়া দিবস কর্মসূচী।

ক্রীড়া দিবস পালন করার ক্ষেত্রে এপ্রিলের ৬ তারিখ নির্দিষ্ট দিনটি স্থির করার জন্য I.O.C বা আন্তর্জাতিক অলিম্পিক কমিটি বলেছিল যেহেতু আধুনিক অলিম্পিকের সূত্রপাত গটেছিল ১৮৯৬ সালের ৬ এপ্রিল (এই দিনটি গ্রীসের স্বাধীনত দিবস ও বটে), তাই ঐ দিনটি ক্রীড়া দিবস হিসাবে পালন করা যুক্তিপূর্ণ হবে। UN General Assembly আনন্দের সঙ্গে এই প্রস্তাব গ্রহণ করে। প্রতি বছর এই দিনটি উদ্‌যাপন উপলক্ষে একটি থিম্ বা বিষয় নির্বাচন করা

হয়।২০২৩ সালের থিম্ ছিল 'Scoring for people and the planet' । এই পৃথিবীকে আরও ভাল ভাব সুন্দর করে মানুষের বাস যোগ্য করে তুলতে হবে। আজও বিশ্বের বিভিন্ন জায়গায় ছোট বড় যুদ্ধ লেগেই আছে। লক্ষ লক্ষ মানুষ নিজের দেশে থাকতে পারছেন না। জাতিগত ও অন্যান্য হিংসা, দ্বন্দ, গৃহযুদ্ধ ইত্যাদি কারণে, উদ্বাস্তু হয়ে তারা অন্য দেশে শরনার্থী। এই মানুষদের মানবাধিকার বিভিন্নভাবে লঙ্ঘিত হচ্ছে।অন্যদিকে মুদ্রাস্ফীতি বিভিন্ন দেশে আর্থিক মন্দা ডেকে আনছে। I.O.C এবং UNO অনেকদিন ধরে বলে আসছে এবং দায়বদ্ধতা অনুভব করছে যে ক্রীড়াঙ্গণকে হাতিয়ার করে একটা সার্বিক সমাজ পরিবর্তণ করা সম্ভব এবং একসাথে কিছু প্রকল্পে তারা এই লক্ষে কাজ করে যাচ্ছে। এই দুই সংস্থার একযোগে 'অলিম্পিক' অনুষ্ঠানের মাধ্যমে পৃথিবীর বিভিন্ন দেশগুলির মধ্যে সাংস্কৃতিক সমন্বয় এবং পরিকাঠামো তৈরির একটা উপযুক্ত মঞ্চ ও পরিকাঠামো তৈরির চেষ্ঠা করছে যার মাধ্যমে দেশে দেশে উন্নত শিক্ষা, স্বাস্থ্য, আর্থিক ও সামাজিক উন্নয়নের দিশা পাওয়া যায়।

মূল কথা পৃথিবীর পরিবেশ করতে হবে নিশ্চিন্ত ও শান্তিপূর্ণ এবং ধারাবাহিক উন্নয়ন ও মানুষের অধিকার প্রতিষ্ঠিত করতেই হবে আর এর মাধ্যম হবে ক্রীড়া যার মূল মন্ত্র অনাবিল আনন্দ। আন্তর্জাতিক ক্রীড়া দিবস, পালনের অত্যন্ত তাৎপর্যপূর্ণ বিষয় হল মানুষের চেতনার উন্মেষ ঘটানো, মানুষকে সজাগ করে তোলা 'যুদ্ধের বিরুদ্ধে, শান্তির সপক্ষে'।

**ভারতে ক্রীড়া দিবসঃ** ৬ এপ্রিল আন্তর্জাতিক ক্রীড়া দিবস মর্যাদার সঙ্গে পালন করেও অনেক দেশেই তাদের নিজস্ব জাতীয় ক্রীড়া দিবস পালন করার রীতি রয়েছে। আমাদের দেশে ২৯ আগষ্ট জাতীয় ক্রীড়া দিবস পালন করা হচ্ছে ২০১২ সাল থেকে, অর্থাৎ আন্তর্জাতিক ক্রীড়া দিবস ঘোষনার আগে থেকে। ২৯ শে আগষ্ট ভারতের অন্যতম শ্রেষ্ঠ ক্রীড়াবিদ, ধ্যানচাঁদের (সিং) জন্ম দিবস। ( ১৯০৫ সালে এলাহাবাদে তাঁর জন্ম, মৃত্যু ১৯৭৯, ৩ ডিসেম্বর)। হকির যাদুকর, তার অসাধারণ বল নিয়ন্ত্রণ দেখিয়ে সারা বিশ্বকে মোহিত করে রেখেছিলেন। এছাড়াও তিনি ১৯২৮ আমষ্টারডাম, ১৯৩২ লস এঞ্জেলেন্স এবং ১৯৩৬ বার্লিন অলিম্পিক স্বর্ণপদক বিজয়ী ভারতীয় দলের অন্যতম প্রধান সদস্য ছিলেন। সেই মেজর ধ্যানচাঁদের জন্মদিনটিকে জাতীয় ক্রীড়া দিবস ঘোষনা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এই দিনটিতে ভারত সরকারের ক্রীড়া মন্ত্রক ক্রীড়াবিদদের জন্য বিভিন্ন পুরস্কার (অর্জুন, দ্রোণাচার্য ইত্যাদি) ঘোষনা করে। ভারতের বিভিন্ন প্রদেশে অত্যন্ত মর্যাদার সঙ্গে দিনটি পালন করা হয়ে আসছে। মূল লক্ষ্য আন্তর্জাতিক ক্রীড়া দিবসের অনুরূপ, মানুষকে সচেতন করে তোলা, যুদ্ধের বিরুদ্ধে শান্তির সপক্ষে মানুষের অধিকার প্রতিষ্ঠার অঙ্গীকার।

---

*"When you give joy to other people, you get more joy in return. You should give a good thought to happiness that you can give out."*

**— Eleanor Roosevelt**



***About the author:*** *Dr. Pratip Kumar Chowdhuri is a professor of Physics and worked as a teacher in Presidency College & other Govt. Institutes of Bengal. He also served as DPI, Govt. of West Bengal and is a true lover of Physical Education. Prof. Chowdhuri is still serving to State Institute of Physical Education for Women, Hastings House as a Teacher, an adviser and a Patron.*

# শারীরশিক্ষা শিক্ষণ মহাবিদ্যালয়ে কেন্দ্রীয়ভাবে ভর্তিপ্রক্রিয়া

প্রতীপ কুমার চৌধুরী

১।

এ রাজ্যে সরকারী শারীরশিক্ষা মহাবিদ্যালয় চারটি - হাবড়ার কাছে বানীপুরে, আলিপুরে হেস্টিংস হাউসে, হুগলীতে আর কুচবিহার জেলায় দিনহাটায়। ১৯৮৭ নাগাদ শারীরশিক্ষা মহাবিদ্যালয়ে ভর্তির চাহিদা খুব বেড়ে যায়, বোধহয় বি.পি.এড পাশ করাদের চাকরীর সহজলভ্যতার জন্য। এগুলির প্রথমটি সহশিক্ষার, ছেলেদের ও মেয়েদের আসন সংখ্যা নির্দিষ্ট করা ছিল। বাকী তিনটি শুধু মেয়েদের জন্য। বানীপুরে ছেলেদের ভর্তির চাহিদা বেশী হওয়ায় সেখানে ভর্তির ব্যাপারে দুর্নীতির অনুপ্রবেশ ঘটল। শোনা গেল ভর্তির ফর্ম নাকি হাবড়া স্টেশনে বিক্রী হয়। কথাটা তৎকালীন স্কুলশিক্ষামন্ত্রী শ্রী কান্তি বিশ্বাসের কানে পৌঁছতে তিনি ডি পি আই ডঃ গৌরী নাগকে বললেন, আপনি নিজে ভর্তির ব্যাপারটা হাতে নিন। ঠিক হল, উত্তরবঙ্গের দিনহাটার কলেজটি আগের মত নিজেদের ভর্তি পরিচালনা করবে, কিন্তু বাণীপুর, হেস্টিংস হাউস ও হুগলীর অ্যাডমিশন টেস্ট কেন্দ্রীয়ভাবে হেস্টিংস হাউসের State Institute of Physical Education for Women এ সেখানকার অধ্যক্ষা শ্রীমতী রাসমনি চক্রবর্তীর পরিচালনায় নেওয়া হবে । বিভিন্ন সরকারী কলেজের Physical Instructor রা মাঠের পরীক্ষাগুলি নেবেন। Education Directorate এর কয়েকজন অফিসার সেখানে হাজির থেকে অ্যাডমিশন টেস্ট নিতে সাহায্য করবেন।

২।

ডি পি আই ডঃ নাগ আমাদের কয়েকজনকে মীটিংএ ডাকলেন। দিলীপ চক্রবর্তী, সুকুমার সেন ও আমি, প্রতীপ চৌধুরী এই তিনজনের ওপর ভার পড়ল অ্যাডমিশন টেস্টে সাহায্য করা এবং সেই সঙ্গে, যেটা বেশী গুরুত্বপূর্ণ, পরীক্ষা ঠিকমত নেওয়া হচ্ছে কি না তার ওপর নজর রাখা। অ্যাডমিশন টেস্ট মোট সাতদিন চলবে, পাঁচদিন ছেলেদের জন্য আর দুদিন মেয়েদের জন্য। প্রতিদিন আমাদের শুরু থেকে শেষ পর্যন্ত সেখানে হাজির থাকতে হবে ।

আমার হাওড়ার শিবপুর থেকে বাসে অত সকালে হাজির হওয়া শক্ত বলে আমি সাইকেলে শিবপুর লঞ্চ ঘাটে যেতাম । সেখানে ডি পি আই এর গাড়ি এসে বাবুঘাট থেকে হেস্টিংস হাউসে নিয়ে যেত। আমি সকাল সাতটায় সেখানে পৌঁছে যেতাম । দিলীপবাবু আর সুকুমারবাবুও সে সময় এসে যেতেন। ক্যান্ডিডেটরা, যারা দূর থেকে আসত তাদের জিমন্যাশিয়ামে থাকতে দেওয়া হত। প্রতিদিন ৭৫-৮০ জন ক্যান্ডিডেটকে অ্যাডমিশন টেস্টের জন্য ডাকা হত। তাদের পরীক্ষা নেওয়া হত - ১০০মিঃ দৌড়, লংজাম্প, শটপাট আর কোন একটা খেলার । আমরা এক একটা বাঁশের মাথায় বাঁধা পতাকা নিয়ে জন কুড়ি ক্যান্ডিডেটকে গাইড করে নিয়ে যেতাম । তাদের প্রত্যেকের নামে একটা করে কার্ড করা হত। আমি যে দলের গাইড, তাদের কার্ডগুলো নিয়ে হয়তো প্রথমে লংজাম্পের জায়গায়, তারপর শট পাটে, তারপর ১০০মিঃ রানের

জায়গায় নিয়ে যেতাম। শেষে তাদের পছন্দমত খেলার জায়গায় ছেড়ে দিতাম, কেউ ব্যাডমিন্টন, কেউ কবাডি, ইত্যাদি। কার্ডগুলো জমা দিয়ে আমরা নজর রাখতাম, লংজাম্পের দূরত্ব ঠিকমত মাপা হচ্ছে কিনা, দৌড়ের সময় ঠিকমত মাপা ও লেখা হচ্ছে কিনা। এই কাজটা আমাদের Physical Instructor রা খুব দক্ষতার সঙ্গে পরিচালনা করছিলেন এবং তাঁদের কাজ পর্যবেক্ষণের ফলে আমি অন্তত অনেক কিছু শিখেছিলাম। শেষকালে ক্যান্ডিডেটদের তাদের খেলার জায়গায় নিয়ে গিয়ে দলের মধ্যে খেলতে বলা হত। মনে আছে একজন ব্যাডমিন্টন খেলার প্রতিযোগী পাচ্ছিল না। তাই আমাকে তার সঙ্গে খেলতে হয়েছিল।

৩।

শেষ দুদিন মেয়েদের অ্যাডমিশন টেস্ট নেওয়া হয়েছিল। অনেকে খেলার পোষাকও আনত না। শাড়ি পরে দৌড় দিত বা কবাডি খেলত। খেলতে গিয়ে কারও হাতের শাঁখা ভেঙে গেল, আমরা তখন ভাঙা টুকরোগুলো উদ্ধার করে ফেলে দিলাম, নইলে কারও পায়ে ফুটবে।

মাঠের পরীক্ষার পর ক্যান্ডিডেটদের সার্টিফিকেট দেখা হত। আমি এই সুযোগে ব্যাগ থেকে তোয়ালে বার করে অধ্যক্ষার ঘরের বাথরুমে স্নান করে নিতাম। ওখানে আমাদের মধ্যাহ্নভোজনের বাবস্থা হত। খাওয়ার পর আমরা কয়েকটা দলে ভাগ হয়ে এক একটা ঘরে বসে ক্যান্ডিডেটদের মৌখিক পরীক্ষা নিতাম, তাতেও কিছু নম্বর ছিল। এ সবের পর আমরা রাইটার্স বিল্ডিংএ গিয়ে যার যার ঘরে গিয়ে ফাইল দেখতাম । সারা দিনে অনেক ফাইল জমে যেত, সেগুলো দেখা ও সই করা না হলে, কাজ আটকে থাকবে। কাজ শেষ হতে সন্ধ্যা হয়ে যেত। পরের দিন আবার সেই এক রুটিন। এইভাবে সাত দিন অ্যাডমিশন টেস্ট নেওয়া শেষ হল।

কিন্তু এবার একটা শক্ত কাজ বাকী, যেটা অনেককে নিয়ে করা সম্ভব নয় । পরের রবিবার সমস্ত কাগজপত্র নিয়ে রাসমনিদি আমার বাড়ি এসে হাজির। তিনটে কলেজের ভর্তির ফার্স্ট লিস্ট ও ওয়েটিং লিসট তৈরী করতে হবে, যাবতীয় সংরক্ষণের নিয়ম মেনে। ছেলেদের লিস্ট করাটা সহজ, তাদের শুধু বানীপুরেই নেওয়া যাবে। প্রাপ্ত নম্বর অনুযায়ী তাদের General, SC, ST ক্যাটেগরীর আসনে দেওয়া হল। মহিলা ক্যান্ডিডেটরা তাদের পছন্দ জানিয়েছে, তাদের পছন্দ এবং ক্যাটেগরী অনুযায়ী বন্টন করতে হল। বেশ লম্বা প্রক্রিয়া। সেই ফর্দ রাসমনিদি নিয়ে গিয়ে তিন কলেজে টাঙানোর ব্যবস্থা করলেন।

গোটা প্রক্রিয়াটা বেশ পরিশ্রমসাধ্য হলেও, আমি এর দ্বারা লাভবান হয়েছিলাম। শারীরশিক্ষার প্রতি আমার একটা ভালবাসা তৈরী হয়েছিল, আমার পরবর্তী জীবনের কর্মধারায় যার প্রভাব পড়েছিল।

---

*"Nothing in the world can take the place of Persistence. Talent will not; nothing is more common than unsuccessful men with talent. Genius will not; unrewarded genius is almost a proverb. Education will not; the world is full of educated derelicts. The slogan 'Press On' has solved and always will solve the problems of the human race."*

**—Calvin Coolidge**



***About the author:*** *Dr. Debashis Ray is presently working as Associate Professor in Department of Physical Education, Mugberia Gangadhar Mahavidyalaya, Purba Midnapur. He also bears the responsibility of HOD in that department. He is not only a well known teacher of Physical Education but also for Research Statistics and Physiology. His present writing focuses on a specific area of research on sports.*

# ক্রীড়া গবেষনা ক্ষেত্রে Phantom stratagem

দেবাশীষ রায়

মানব শরীর অধ্যায়নের ক্ষেত্রে বিজ্ঞানের জগতে অপেক্ষকৃত নবতম সংযোজন কিন্যানথ্রোপোমেট্রী। মানব শরীরের রচনা এবং ক্রিয়াকলাপ পর্যবেক্ষণই হল বিষয়টির আলোচনা ক্ষেত্র। মানব শরীর আকার, আকৃতি তুলনাত্মক অনুপাত সংগঠন, পূর্ণতা এবং কার্যকরীতা পর্যালোচনার মাধ্যমে শরীরের বৃদ্ধি, পেশীসন্ধান, ব্যায়াম এবং কর্মক্ষমতা নির্ধারণ ও পুষ্টি-মান বিচার করাই হল কিন্যানথ্রোপোমেট্রীর বিচার্য্য বিষয়।

The International Society for the Advancement of Kinanthropometry (ISAK) elaborate explanation of this Science accordingly: "KINANTHROPOMETRY is a scientific specialization dealing with the measurement of man in a variety of morphological perspectives, its application to movement and those factors which influence movement, including composition of body build, body measurements, proportion, composition shape and micturation, motor abilities and cardiorespiratory capacities, physical ability including recreational activity as well as highly specialiged sports performance."

কিন্যানথ্রোপোমেট্রী বিষয়টির পর্যবেক্ষণ এবং পর্যলোচনার ক্ষেত্রগুলি শরীরশিক্ষা, ক্রীড়া বিজ্ঞান, স্পোর্টস মেডিসিন, হিউম্যান বায়োলজি, অক্সিলজি, ফিজিক্যাল অ্যানথ্রোপোলজি, খেরেস্টোলজি, আরগোমেট্রী এবং চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্র সমূহ।

এই বিজ্ঞানের অবদান বিস্তৃত হয়েছে চিকিৎসা, শিক্ষা এবং সরকারী কর্মক্ষেত্রে তথাপি বহুল ব্যবহারের ক্ষেত্র হল শারীর শিক্ষা এবং ক্রীড়া বিজ্ঞান।

ক্রীড়া নৈপূন্যের সর্বোচ্চ শিখরে পৌঁছানোর ক্ষেত্রে খেলোয়াড়ের Ergo Type, Samato Type এবং Psycho Type নির্দ্ধারণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিজ্ঞাণী Cartor 1982 এবং 1984 খ্রীষ্টাব্দে অলিম্পিকে অংশগ্রহণকারী খেলোয়াড়দের শরীরের প্রকার (Body Type) নির্ধারণের ক্ষেত্রে চিরাচরিত (Samato Typing) পদ্ধতিগুলির সম্পূর্ণ পূর্ণনির্মান

করেন। মানব শরীরের সংগঠন এবং তুলনাত্বক অনুপাত নির্ধারণের ক্ষেত্রে বিজ্ঞাণী Ross এবং Wilson 1974 খ্রীষ্টাব্দে The Phantom stratagem পদ্ধতির উল্লেখ করেছেন। এই পদ্ধতিতে প্রতিষ্ঠার জন্য একটি কাল্পনিক মানের (অনুমান) সাহায্য নিয়ে থাকেন। যাকে Reference Human আখ্যা দেয়। - The phantom is a conceptual unisex, bilaterally semitrical mode derived from reference male and female data। এখানে মানব শরীরের প্রমান উচ্চতা 170.18 সেঃমিঃ এবং প্রমান ওজন 64.68 kg। শরীরের অন্যান্য অংশের মাপজোপের ক্ষেত্রেও একইভাবে প্রমান মাপ ব্যবহার করা হয়, সঙ্গে গাণিতিক বিচ্যুতির মান বিশেষ ভাবে প্রভাবিত করে।

Phantom পদ্ধতি প্রয়োগের মাধ্যমে পরিমাপের পর, গাণিতিক পদ্ধতির সাহায্যে Z-Score এ পরিবর্তনের মাধ্যমে প্রাপ্ত মানের দ্বারা তুলনা এবং পর্যালোচনা বেশী গুরুত্বপূর্ণ।

একটি নির্দিষ্ট অঙ্গের পরিমাপ, Phantom পরিমাপ এবং তার সাধারণ বিচ্যুতির মান প্রয়োগের Z-Score নির্ধারণ করা হয়।

$$Z=1/S[v\ (170.18/h)^{d}-p$$

Where Z is a proportionality value of Z-Score

V is any Variable

S is the phantom standard Deviation for the given value

170.18 is the phantom height Constant.

h is the Subject's height

D is a dimensional Constant whose values are

1 for all heights, lengths, breadths, girths and skinold Thiknenss .

2 for all area values

3 for all volumes and weights

P is the phantom value for the variable

যদি Z এর মান শূন্য হয়, তাহলে ঐ নির্দিষ্ট ব্যক্তির নির্দিষ্ট বিষয়ের Phantom Score এর সঙ্গে সমান অর্থাৎ তুলনাত্বক মানের সঙ্গে কোন বিচ্যুতি নেই। Z-Score যদি শূন্যর বেশী হয় (সমস্ত ধানাত্বক মান) তাহলে তুলনাত্বক বিকাশ অধিকতর সূচিত হয় এবং Z-Score যদি শূন্য থেকে কম হয় (সমস্ত ঋনাত্মক মান) তাহলে তুলনাত্বক বিকাশ স্বল্পতর সুচিত হয়।

Z এর মান সর্বদা তুলনামূলক পর্যবেক্ষণের সময় ব্যবহার করা হয়, কখনই আবশ্যিক হিসেবে গ্রহণ করা হয় না। উদাহরণ স্বরূপ, যদি দুই ব্যক্তির উচ্চতা যথাক্রমে 150 সেঃমিঃ এবং 160 সেঃমিঃ হয় এবং শরীরের ওজন 50 কেজি এবং 60 কেজি তাহলে Z এর মান 0.981 এবং 0.886 হবে। দুটি ক্ষেত্রের Z এর মান শূন্য থেকে বেশী এবং ধনাত্বক অর্থাৎ এই দুই ব্যক্তির তুলানাত্বক বিকাশ ধনাত্বক, এবং প্রথম ব্যক্তি, দ্বিতীয় ব্যক্তির থেকে অধিকতর তুলনাত্বক শারীরিক ওজনের অধিকারী। গঠনগত পার্থক্য নির্ণয়ের জন্যই Z-Score নির্ধারণ এবং Phantom Stratagem এর ব্যবহার গবেষণা ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ।



***About the author:*** *Dr. Mritunjay Khan is a master of human relationship. In his professional life he worked as Physical Education teacher in different Govt. colleges. He is a retired teacher but still physically fit and joyful enough in his personality. He possesses good knowledge and experience about traditional treatment of India. In present writing he introduced a Yogic Scientist of our country belong to West Bengal.*

# যোগ বিজ্ঞানী আচার্য্য শ্যামসুন্দর গোস্বামী

**মৃত্যুঞ্জয় খাঁ**

রত্নপ্রসবিণী শান্তিপুর, এখানে বিভিন্ন সময়ে সাধক, দেশপ্রেমিক, শিক্ষাবিদ, চিকিৎসক, কবি, শক্তিশালী পুরুষ, সমাজসেবী, দাতা প্রভৃতি জন্মগ্রহণ করে শান্তিপুর তথা বাংলাকে গৌরাবান্বিত করেছেন। এইসব রত্নদের মধ্যে কেউ কেউ আবার স্বমহিমায় বিশ্বের দরবারে নিজেকে উপস্থাপন করে ভারতকে গৌরান্বিত করেছেন। এমনই একজন হলেন আচার্য্য শ্যামসুন্দর গোস্বামী।

গোস্বামী পরিবারের আদি নিবাস ছিল ঊড়িষ্যা। শান্তিপুরের খাঁ বাড়ীর একজন যিনি ভাগ্যবন্ত উপাধি পেয়েছিলেন তিনি কাজের তাগিদে ঊড়িষ্যায় গিয়ে এই পরিবারের সঙ্গে পরিচিত হন। সেখানে তাঁদের পান্ডিত্য এবং শাস্ত্রজ্ঞান তাঁকে মুগ্ধ করে। তিনি ঐ পরিবারকে গুরু বলে স্বীকার করেন এবং তাঁর গুরুদেবকে শান্তিপুরে এনে খালেরধারে প্রতিষ্ঠিত করেন। ঊড়িষ্যা থেকে আসার ফলে ঐ গোস্বামীদের ঊড়িষ্যা গোস্বামী বলা হয় এবং ঐ পাড়ার নাম হয়ে যায় ঊড়িষ্যা গোস্বামী পাড়া।

এই গোস্বামী বাড়ীতেই প্রামান্যপুরুষ হলেন আচার্য্য শ্যামসুন্দর গোস্বামী। তাঁর সাধনা আর অধ্যাবসায় তাঁকে প্রাচীন ভারতে একান্ত নিজস্ব সম্পদ যোগসাধন এবং তার বিজ্ঞানসম্মত ক্ষমতা এবং বিভূতি বিকাশে দিশাধার ভূমিকায় নিয়ে গিয়েছে। ভারতের অর্ন্তনিহীত গুপ্তসম্পদের সন্ধান পেতে গেলে যোগবিদ্যা ও তার ক্রিয়ার সন্ধান পেতেই হবে। ভারতের আদি ঋষিগণের বিভূতি সমৃদ্ধ যোগবিদ্যাই পাশ্চাত্যের বিত্তবৈভবে সমৃদ্ধ জাতির কাছে এ দেশের সর্বশ্রেষ্ঠ দান। একমাত্র নিয়মিত নিষ্ঠা সহকারে যোগ অভ্যাসই দিতে পারে মানুষকে কর্মঠ, বলিষ্ঠ, নিরোগ শরীর। এই শরীর এমনই প্রাণশক্তিতে পরিপূর্ণ যা শারিরীক, মানসিক এবং আত্মিক ক্ষমতার পরাকাষ্ঠা হিসাবে দীর্ঘ জীবন দানেও সক্ষম। ভারতের এই সুপ্রাচীন অমূল্যসম্পদকে পাশ্চাত্যের দরবারে জনপ্রিয় করে তোলেন রত্নপ্রসবিণী শান্তিপুরের উজ্জ্বলতম রত্ন - যোগাচার্য্য শ্যামসুন্দর গোস্বামী (১১ই অক্টোবর, ১৮৯১ - ১৩ই অক্টোবর, ১৯৭৮)।

আচার্য্য গোস্বামী শরীরগঠনতত্ব, শারীরবিদ্যা এবং মনস্তত্ব বিষয়ে প্রগাঢ় জ্ঞানের অধিকারী ছিলেন। তাই তাঁর পক্ষে সম্ভব হয়েছিল তাঁর যৌগিকক্রিয়ালব্ধ অভিজ্ঞতাকে অতীতের প্রাচীন যৌগিক ক্রিয়ার বিজ্ঞানসম্মত সমন্বয় ঘটিয়ে

তাঁর নিজস্ব মৌলিক গবেষণা প্রসূত আধুনিক শরীর সাধন প্রণালীর সুবিচারিত ও সুবিবোধচিত্ত সংমিশ্রণ ঘটিয়ে সর্বাঙ্গ সুন্দর করেন। দুর্দান্ত ব্যক্তিসাতন্ত্রবাদী আচার্য্যের সকল ক্ষেত্রেই গতানুগতিকতার প্রতি প্রচণ্ড অনীহা, অরুচি এবং অশ্রদ্ধা। মৌলিক এবং বিজ্ঞানসম্মত অনুসন্ধানী চিন্তা ভাবনাতেই তিনি ছিলেন চির বিশ্বাসী।

দীর্ঘদিন বিবিধ প্রকার সমীক্ষা, গবেষণা, পরিকল্পিত প্রয়োগ এবং পরীক্ষা-নিরীক্ষার পর তিনি যে বহুবিধ ফলোৎপাদক ''গোস্বামীপদ্ধতি'' আবিস্কার করেন তার সফলতা ও কার্য্যকারিতা প্রমাণিত হয়েছে শরীর গঠন, রোগ নিবারণ ও তার প্রতিকার, শরীর ও মনের সমন্বয় সাধন ও সাচ্ছন্দ বিধান দুর্বলের বলাধান কার্য্য ইত্যাদি সর্বক্ষেত্রে।

তাঁর আবিস্কৃত পদ্ধতির সারসংক্ষেপ হল ঃ-
১) যন্ত্রের সাহায্য ব্যতীত বস্তি ধৌতি প্রক্রিয়া।
২) যন্ত্রের সাহায্য ব্যতীত অন্ত্রধৌতি প্রক্রিয়া।
৩) বৈজ্ঞানিক প্রক্রিয়ায় জননো পেশীসংকোচন।

এই পদ্ধতির মূল বৈশিষ্ট্য হল ঃ ১। রক্তশুদ্ধি বিধায়কক্রিয়া, ২। অন্তশ্রাবীগ্রন্থির শক্তিবর্দ্ধক ব্যায়াম, ৩। গোনাড সংক্রান্ত ব্যায়াম, ৪। ক্ষুদ্রান্ত্রের শক্তিবর্দ্ধক ব্যায়াম, ৫। শ্বাস-প্রশ্বাস নিয়ন্ত্রণকারী ব্যায়াম, ৬। মন ও নাড়ীর শক্তিবর্দ্ধক ব্যায়াম, ৭। বস্তিক্রিয়া (যন্ত্রছাড়া), ৮। বারিসর (যন্ত্রছাড়া)।

গোস্বামী প্রবর্ত্তিত ব্যায়াম প্রণালীতে দেহের অনৈচ্ছিকও ইচ্ছাধীন পেশীসমূহের সঞ্চালন ও বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে দেহাভ্যন্তরের হৃৎপিণ্ড, শ্বাসযন্ত্র, পাকস্থলী, অন্ত্র প্রভৃতি অনিচ্ছাচালিত যন্ত্র ও পেশীগুলি উত্তরোত্তর শক্তিশালী হয়। ইতিপূর্বে পাশ্চাত্য ব্যায়ামবিগদণ বাহ্যিক এবং ঐচ্ছিক পেশীগুলির গঠন সৌন্দর্য্য ও পেশীবৃদ্ধির পারদর্শিতা দেখালেও অনৈচ্ছিক যন্ত্র এবং পেশীগুলির শক্তিবর্দ্ধনে বিশেষ ফল দেখাতে পারেননি। আচার্য্য গোস্বামীর ব্যায়াম ক্রিয়ায় যৌগিক ক্রিয়ার সমন্বয় থাকায় তা দৈহিক সৌন্দর্য্য বৃদ্ধির সাথে সাথে দেহভ্যন্তরে আত্মিকশক্তির জন্ম দেয়। যার ফলে আত্মবিশ্বাস, সাহস, মনোবল ইত্যাদি স্বতস্ফুর্তভাবে তৈরী হয়। এই পদ্ধতিতে মানসিক একাগ্রতা বৃদ্ধি ; ইন্দ্রিয়ের সংযম ও সমাধান; পেশী নাড়ী ও মনের শক্তি বৃদ্ধি; শোপিত, আন্ত্রিক ও জ্ঞানেন্দ্রিয়ের শক্তিবিধান; অঙ্গসৌষ্ঠব বৃদ্ধি, সুস্বাস্থ্যলাভ, প্রাণশক্তির প্রাচুর্য্য ও দীর্ঘ আয়ু লাভ করা সম্ভব।

আচার্য্য গোস্বামী অক্লান্ত প্রচেষ্টা যোগবিদ্যার গোপন রহস্যকে সরল সহজলভ্য করে সাধারণ মানুষের উপযোগী করে তাদের দৈনন্দিন জীবনে ব্যায়ামের মাধ্যম করে শারীরিক এবং মানসিক উন্নয়নে সাহায্য করেছে।

ভারতীয় যৌগিক পদ্ধতির উপর অবিরাম বিজ্ঞানমনস্ক গবেষণা বিশ্লেষণ ও প্রয়োগ প্রাচ্য এবং পাশ্চাত্যের যন্ত্রের সাহায্যে ব্যায়ামের এক অভূতপূর্বক সমন্বয় ঘটিয়ে মানুষের দৈহিক, মানসিক এবং আধ্যাত্মিক বিকাশে এক অনন্য সাধারণ উপকার করেছে। এর ফলে দেহ গঠন, রোগ নিরাময়ও তার প্রতিকার, শরীর ও মনের সামঞ্জস্যপূর্ণ স্বাচ্ছন্দ বিধান, চিররোগীর আরগ্য - সর্বক্ষেত্রেই তাঁর অনুসৃত ব্যায়াম পদ্ধতির কার্য্যকারিতা ও সফলতা সন্দেহাতীত ভাবে প্রমাণিত হয়েছে। বললে অত্যুক্তি হবে না যে তাঁর প্রবর্ত্তিত ব্যায়াম এবং যোগানুশীলন পদ্ধতি সর্বসাধারনের কাছে ব্যায়াম বিজ্ঞানের এক সহজলভ্য পথের সন্ধান দিয়েছে।

তাঁর প্রবর্ত্তিত ব্যায়াম অনুশীলন পদ্ধতি যে অমোঘ তার জলন্ত ও বিস্ময়কর প্রমাণ তাঁর নিজের জীবন। গোস্বামীজীর ছেলেবেলা খুব আনন্দের ছিল না। প্রায় ২৭ বছর বয়স পর্যন্ত তিনি নানা রোগে আক্রান্ত হয়ে শীর্ণদেহী ছিলেন, তবে তাঁর প্রথম থেকেই যোগ এবং সাধুসঙ্গ বড়ই ভাল লাগত। তখন শান্তিপুরে অনেক সাধু সন্ন্যাসীর আনাগোনা ছিল। নেতাজী সুভাষচন্দ্র ও তাঁর প্রেসিডেন্সী কলেজে পড়াকালীন তাঁর কয়েকজন বন্ধুকে নিয়ে সাধূসঙ্গ লাভের জন্য শান্তিপুর এসেছিলেন। যাইহোক এখন আবার গোস্বামীরজীর কথায় আসা যাক। গোস্বামীজীর পিতৃদেব পণ্ডিত যতীন্দ্রমোহন সরস্বতী কুলপ্রথা অনুযায়ী তাঁকে পৌরুষ ধর্মে দীক্ষা দিয়ে সর্বতোভাবে মনুষ্যত্বের বিকাশের উপদেশ দেন।

১৯১৯ সালে তাঁর পিতৃদেব তাঁর বাসভবনে Goswami Institute & Physical Education স্থাপন করলে তিনি সেখানে ধৈর্য্য, নিষ্ঠা, ঐকান্তিকতা, অদম্য উদ্যমশীলতা ও সঙ্কল্পের দৃঢ়তা নিয়ে দেহ গঠনের কঠোর সাধনায় আত্ম নিয়োগ করেন এবং শীঘ্রই অসাধারণ কৃতিত্ব লাভ করেন। যোগগুরু লাভের জন্য তাঁর অনুসন্ধানের কোন ত্রুটি না থাকায় শেষ পর্য্যন্ত তিনি তাঁর দিশারী -গুরুর সন্ধান পেলেন। ১৭ বছর বয়সে এই তরুন যুবক একদিন কালি সিংহ নামে ১১০ বৎসর বয়স্ক এক হঠযোগীর সন্ধান পেলেন। কালি সিংহই তাঁকে প্রথম যোগসাধনার পাঠদান করলেন এবং দীক্ষা দিলেন।

ঠিক এই সময়েই ভারতের নানা স্থানে বিশেষকরে কলকাতায় কে. রামমূর্ত্তির সার্কাস প্রাঙ্গণে দেহের উপর হাতীতুলে এক অসীম শক্তির প্রদর্শন করেন যা দেশব্যাপী এক অসাধারণ চাঞ্চল্য জাগিয়েছিল। রামমূর্ত্তি বললেন যে, প্রাণায়াম এবং যোগসাধনাই তাঁর এমন শক্তির ভিত্তি। তাঁর এই উক্তি শ্যামসুন্দরকে প্রবল প্রেরণা যুগিয়েছিল। এই সময় তিনি মনে করলেন যোগানুশীলনে তিনি একান্তভাবে নিজেকে নিয়োগ করবেন কিন্তু ঠিক এই সময়েই তাঁর গুরু কালি সিংহ দেহরক্ষা করলেন। আবার আরম্ভ হল গুরু অন্বেষণ।

ভাগ্যক্রমে এবার তিনি যোগীশ্রেষ্ঠ বলাকা ভারতীর সাক্ষাৎ পেলেন। তিনিই শ্যামসুন্দরকে যোগসাধনায় আত্মনিয়োগ করার পরামর্শ দিলেন। সাধক বলাকা ভারতীর কল্যানে যোগশিষ্য শ্যামসুন্দরের যোগের নিগূঢ়তার তত্ত্বের সঙ্গে সর্মপরিচয় হল সেই তরুণ বয়সেই। দীর্ঘদিন আদম্য উৎসাহ এবং অটল ধৈর্য্যের সঙ্গে ব্যায়াম এবং যোগানুশীলনের ফলে শীর্ণকায় যুবক ক্রমে হয়ে উঠলেন এক অনন্য সাধারণ ব্যক্তি। ৩৫ বছর বয়সে তাঁর বুকের ছাতির পরিমাপ হয়েছিলে ৪৮ ইঞ্চি এবং তাঁর দেহসৌন্দয্য, অসীম শক্তি, দেহলাবণ্য সকলের দৃষ্টি আকর্ষণ করত।

যোগ সাধক এমন অসীম শক্তির অধিকারী হয়েছিলেন যে তা আজও স্মরণীয়। তিনি এক প্যাকেট তাসকে আট খণ্ড করার পর পুনরায় ছোট অংশকে খণ্ডিত করতে পারতেন। তাঁর হাতের পেশী এতই দৃঢ় ছিল যে সঙ্কুচিত পেশীতে লোহার সাঁড়াশির সাহায্যে বিন্দুমাত্র রেখাপাত করানো যেতনা। গলার দৃঢ় পেশী লোহার শিকলের সাহায্যে ১২জন শক্তিশালী ব্যক্তিও কিছুমাত্র শিথিল করতে পারতনা। তিনি ঐ অবস্থায় প্রায় ১সের পরিমান দুধপান করতে পারতেন। বুকের উপর একসাথে ২টি হাতির ওজন নিতে এবং ৫টন ওজনের রোলার বুকের উপর দিয়ে নিয়ে যেতে পারতেন। একবার তিনি কলকাতার ওবেরাইয়ের দোকানে তাঁর এক ছাত্রের সঙ্গে Chest Expender কিনতে যান। তিনি ধূতি পাঞ্জাবী পরিহিত এক সুদৃশ্য বাঙ্গালীর বেশে দোকানের সামনে দাঁড়িয়ে থাকেন। তাঁর ছাত্র দোকানে গিয়ে শক্তিশালী এক Chest Expender দেখাতে বলেন। তখন দোকানের ম্যানেজার যন্ত্রটি দেখান এবং বেশ একটু তাচ্ছিল্যের সাথেই বলেন এই Sporing টি কোন মানুষের পক্ষেই একটুও টানা সম্ভব নয়। কিন্তু আচার্য্য গোস্বামী তখন দোকানে এসে অবলীলায় বেশ কয়েকবার Sporing টিকে টেনে ম্যানেজারকে অবাক করেন। পরে ম্যানেজার অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে যন্ত্রটিকে তাঁকে উপহার হিসাবে গ্রহণ করতে অনুরোধ করেন।

গোস্বামীজীর গলদেশের উপর দিয়ে ৮জন যাত্রীসহ চালন এবং ১২জন সৈনিকের দ্বারা লৌহ শৃঙ্খলের সাহায্যে গলদেশের বেষ্টনী সৃষ্টি করে তাঁর শ্বাস রোধ করতে ব্যর্থ হওয়া এই দুটি ঘটনা তাঁকে বিশ্ব রেকর্ড সৃষ্টি করতে সাহায্য করে। তিনি বিশ্ব চ্যাম্পিয়ানশীপ অর্জন করলে তৎকালীন ভারতের শ্রেষ্ঠ ব্যায়ামবীর মাদ্রাজের কে. রামমুর্ত্তি ১৯২৭ সালের ১২ই আগষ্ট আচার্য্য গোস্বামী সম্পর্কে যে অভিমত দেন তা সবিশেষ প্রামান্য বিবেচনা করে উদ্ধৃত করা হল- "Accidentally Icame across Prof. S. Goswami the present world champion weight supporter of the Goswami's institute of Physical Education Santipur, Bengal. He has already kraken the world record in chest and throats feats and performs feats which require super human strength."

স্বামী বিবেকানন্দের স্বপ্ন ছিল - বাঙালী জাতি বলশালী জাতি হবে। "The Bengalies will be a race of strangeness." স্বামীজীর স্বপ্নের বাস্তবায়ন ঘটাতে গোস্বামীজী আজীবন যোগসাধনায় নিজেকে উৎসর্গ করেছিলেন। জন্মস্থান শান্তিপুর এবং কলিকাতার ১৬নং অঙ্কুর দত্ত লেনে তিনি যোগব্যায়াম শিক্ষার ব্যবস্থা করেন। তিনি দীর্ঘকাল

মানুষ গড়ার কাজে নিজেকে সামিল করেন। এই সময় ভারতের বিভিন্ন জায়গা থেকে যোগসম্বন্ধে অনেক প্রাচীন পুথিপত্র সংগ্রহ করে তিনি অত্যন্ত যত্নসহকারে পাঠানুধাবন ও বিশ্লেষণ করেন। পাশ্চাত্যের ব্যায়াম পদ্ধতির সহিত তাঁর পরিচয় ছিল সুগভীর।

সাগর পার থেকে আমন্ত্রণ এলো। লণ্ডন, প্যারী, জুরিক এবং ইউরোপের বহু দেশের মানুষ প্রাচীন ভারতের সার্থক পরিচয় লাভ করে মুগ্ধ হলেন। তথায় বহু লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক, সার্জেন, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মানুষ সুস্থদেহ মন গঠনে যোগব্যায়াম সাধনা, বিশেষ করে হটযোগের কয়েকটি উচ্চাঙ্গ আসনের উপকারিতা দেখে স্তম্ভিত হলেন।

তাঁর সুযোগ্য প্রিয় শিষ্য দীনবন্ধু প্রামাণিককে সঙ্গে নিয়ে জাপান, আমেরিকা, বৃটেন, ফ্রান্স এবং ইউরোপে আচার্য্য শ্যামসুন্দর প্রাচীন ভারতীয় যোগসাধনার বিষয়ে বহু বক্তৃতা এবং যোগব্যায়ামের বিভিন্ন আসন এবং প্রক্রিয়া প্রদর্শণ করে ভূয়সী প্রশংসা লাভ করেন। তাঁর লেখা হটযোগের একখানি প্রামাণ্য গ্রন্থ গোয়ালিয়রের এল.এন.ইউ.পি.ই.-র গ্রন্থাগারে এখনও ছাত্রছাত্রী এবং অধ্যাপক অধ্যাপিকাদের জ্ঞানভান্ডার সমৃদ্ধ করছে।

১৯৪৯ সালে এক বিশেষ আমন্ত্রণে সুইডেনের রাজধানী স্টকহোলামে তিনি Method of internal and external control বিষয়ে ভাষণ দেন এবং World of Physical Culture এ হটযোগের বিভিন্ন আসন এবং ক্রিয়াকলাপ প্রদর্শণ করেন। এই ঐতিহাসিক আন্তর্জাতিক অনুষ্ঠানে উপস্থিত প্রখ্যাত চিকিৎসক, বৈজ্ঞাণিক, মনোবিজ্ঞাণী, অধ্যাপক এবং বিশিষ্ট ব্যক্তিদের দ্বারা গঠিত এক প্রতিনিধিদল অনুষ্ঠান অন্তে আচার্য্যদেবকে স্টক হোমে যোগ এবং প্রাণায়ামদি শিক্ষার জন্য একটি উচ্চাঙ্গ প্রতিষ্ঠান স্থাপন করার জন্য অনুরোধ জানান। গোস্বামীজীও অনুরোধ মর্য্যাদা রেখে সেখানে ''গোস্বামী ইন্সটিটিউট অফ যোগা'' স্থাপন করেন। সুদূর উত্তর ইউরোপে, সুইডেনের রাজধানীতে আজও শ্যামসুন্দরের পরিচালিত যোগব্যায়াম অনুশীলন কেন্দ্র তাঁর অবর্তমানেও প্রতীচ্যে সমহিমায় তার কাজ করে চলেছে। এখানেই শান্তিপুর তথা ভারত গৌরব গোস্বামীজী তাঁর জীবনের শেষ বই ''লয় যোগ'' লিখতে লিখতেই নিজেও লয় হয়ে আমাদের মণিকোঠায় চিরভাস্কর হয়ে রয়েছেন।

---

*''জ্ঞান সবসময়ই বিকশিত হতে চায় — জ্ঞান হচ্ছে আগুনের মতো; যা প্রথমে কাউকে — বাইরে থেকে জ্বালিয়ে দিতে হয়। তরপর নিজেকে বিস্তার লাভ করতে থাকে।''*

**— সাবিত্রীবাই ফুলে**



**লেখক পরিচিতি :** ড. সমীররঞ্জন অধিকারী মনোবিদ্যার প্রথিতযশা অধ্যাপক, বর্তমানে পুরুলিয়ার সিধু কানু বিরসা বিশ্ববিদ্যালয়ের বরিষ্ঠ প্রফেসর হিসাবে কর্মরত। তাঁর বিষয়জ্ঞান এবং গবেষণা ইতঃমধ্যেই বাংলার পরিধি ছাড়িয়ে পৌঁছে গেছে ভারতবর্ষ ও তার বাইরের বৃহত্তর পরিধিতে। তবে শিক্ষকতার বাইরেও ড. অধিকারীর আগ্রহের ক্ষেত্র হল সাহিত্য, বিশেষত রবীন্দ্র সাহিত্য! তিনি একজন সুলেখক, সাহিত্যিক ও শিল্পী মানসিকতার মানুষ। ২০২০ সালে এই কলেজ আয়োজিত শারীরশিক্ষা ও যোগ বিষয়ের আন্তর্জাতিক আলোচনা সভায় তিনি ছিলেন বিশেষ আমন্ত্রিত বক্তা।

# শুভ বিজয়া দিবসে

**সমীররঞ্জন অধিকারী**

বিজয়ী শক্তিমানকে অভিনন্দন –
কঠিন সংগ্রাম, টুটেছে অবিশ্বাস।
বুকের তেজ আর স্বপ্নের আকাঙ্খা
আকাশ পানে ছুটে পৌঁছেছে তারায়।

চ্যালেঞ্জই দৃঢ়ভাবে রুখে দাঁড় করায়,
বিজয় গাথা ছড়িয়ে পড়ে মুখে মুখে।
ঘাম, অশ্রু ও প্রচেষ্টা তৈরি করে পথ,
এগিয়ে আনে সম্মানের বিশেষ দিন।

প্রতিটি জয়ই দেয় হাল না ছেড়ে
ঋজু মেরুদন্ডে খাড়া থাকার শিক্ষা।
বিজয়ের শুভেচ্ছা ও অভিনন্দনই
শুভ দিবসে উজ্জ্বল বরণ দীপমালা।

উৎসর্গীকৃত প্রাণের কঠোর শ্রমই
প্রেরণার উৎস ও দৃঢ়তার স্মারক।
বিজয়ী দিবস স্বপ্নে প্রাণিত করে,
মরীচি প্রভায় বিশ্ব হয় উদ্ভাসিত।



***About the author:*** *Dr. Sudip Sundar Das is an ideal personality in the field of Physical Education of West Bengal. He completed his all professional degrees (BPEd, MPEd & Ph.D) from Dept. of Physical Education, Kalyani University and served as Lecturer in UCTC Barhampore, Murshidabad for several years. At present he is serving as Professor at Department of Physical Education, Jadavpur University. Present writing is a traveling story of his down memory lane at Department of Physical Education, UCTC, Barhampore.*

# না মানুষের কথা

সুদীপ সুন্দর দাস

বাংলা বিহার উড়িষ্যার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলার প্রাসাদের অনতিদূরে, ভাগীরথী ঘেঁষা পুরাতন এক শহর বহরমপুর। পুরনো জেলা শহর যেমন হয়, রাস্তাঘাট , ঘরবাড়ি, দোকানপাট, স্কুল, কলেজ, হাসপাতাল ঘন ঠাসা , তার মধ্যে যন্ত্রনা, হাজার হাজার রিক্সা। রাস্তা পারাপারের সময় কলকাতার রেড রোডের নাম মনে এসে যেত প্রায়। এইসবের সঙ্গে, জেলা শহরে প্রয়োজনে অপ্রয়োজনে আসা অসংখ্য মানুষজন নিয়ে একেবারে ঘিজিমিজি অবস্থা। তবে এই দমবন্ধ করা অবস্থার মধ্যেও স্বস্তিদায়ক ছিল স্কোয়ারফিল্ড নামক বড় মাঠ, যা শহরের ফুসফুস। কয়েক একরের চৌকো মাঠ চারিদিক দিয়ে ডি এম বাংলো থেকে শুরু করে অন্যান্য সরকারি কার্যালয়ে সাজানো। শহরের পশ্চিমের দিক বরাবর আবহমান কাল ধরে ক্লান্তিহীন ভাবে বয়ে চলেছে ভাগীরথী নদী, যেন রাস্তা কেন্দ্রিক সকল ক্লান্তির অবসানে শান্তির প্রতীক স্বরূপ। নদীর পাড়ে যেমন আছে ঐতিহ্যবাহি কৃষ্ণনাথ কলেজ, তেমনি আছে আর একটি বেশ পুরনো এবং শিক্ষকদের শিক্ষা দেবার লক্ষ্যে প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠান " ইউনিয়ন খ্রিষ্টিয়ান ট্রেনিং কলেজ (ইউ. সি. টি. সি)"।

১৯৩৮ সালে প্রতিষ্ঠিত এই কলেজের প্রথম অধ্যক্ষ ছিলেন একজন সাহেব যাঁর নাম ছিল মি. টি. সি. ভিখারী। আসলে এই কলেজটির অবস্থান ছিল পুরনো হাসপাতালের গা লাগোয়া। আর, অধ্যক্ষ সাহেবের কোয়ার্টার বা বাসস্থান রাস্তার অপর প্রান্তে অর্থাৎ নদীর ধারে। কলেজ শুরু হয়েছিল বিদ্যালয় শিক্ষকদের প্রশিক্ষনের উদ্দেশ্যে বি.এড কোর্সের জন্য। পরবর্তী সময়ে কালের প্রয়োজনে ১৯৭৫ সালে শুরু হয় শারীর শিক্ষার শিক্ষকদের প্রশিক্ষনের জন্য অপর একটি বিভাগ বি. পি. এড। এই বিভাগের সব কাজের জায়গা হল ওই অধ্যক্ষ সাহেবের কোয়ার্টার।

ভিখারী সাহেবের কোয়ার্টারটি ছিল প্রায় দশ বিঘা জায়গার উপরে তৈরী। চারিদিকে কমপক্ষে ১০০ ফুট করে ফাঁকা জায়গা আর তার মাঝখানে প্লাস্টার ছাড়াই লাল রঙের ব্রিটিশ আমলের বাড়ি। পূবদিক অর্থাৎ বাউন্ডারির মূল দরজা দিয়ে ভিতরে ঢুকলেই বামদিকে কাজের লোকেদের থাকার জন্য কোয়ার্টার ছিল, যেখানে পরবর্তী সময়ে কলেজের পাঁচ জন কর্মীর পরিবার নিয়ে থাকার ব্যবস্থা হয়। ডান দিকে আর একটি বড় মাপের ঘর যেটি ছিল 'খ্রিষ্টীয় লাইব্রেরী", পরবর্তীতে হয় শিক্ষকদের বসার ঘর। তারপর ফাঁকা জায়গাতে একটি বড় আম গাছ ছেড়ে প্রায় ১০০ ফুট দূরে সাহেবের থাকার জন্য কোয়ার্টার যেখানে পরবর্তী সময়ে হয়ে ওঠে মূল বিভাগ। বিভাগ নিয়ে কথা শুরুর আগে বিল্ডিংয়ের পাশের অবস্থা জেনে

নেওয়া যাক। উত্তরে প্রশস্ত মাঠ যেখানে,৯- জন করে ফুটবল খেলা যায় অনায়াসে এবং দৌড়ানোর প্রয়োজনে ২০০ মিঃ ট্রাক তৈরি হয়। মাঠ শেষে প্রায় ৫০ ফুট দূরে দিয়ে পশ্চিমের বাউন্ডারি দেওয়াল। উত্তর পশ্চিম কোন থেকে অর্ধেকটা অর্থাৎ খেলার মাঠের পরে সুবৃহৎ শিরীষ গাছের সারি।আর অর্ধেকটা দক্ষিণ পশ্চিম দিক থেকে নারকেল গাছের সারি। নারকেল গাছের দিকটাতে পরবর্তী সময়ে তৈরি হয়েছে বাস্কেটবল কোর্ট। বিল্ডিংয়ের দক্ষিণ দিকেও প্রায় ৫০ ফুট করে জায়গা আছে পুব পশ্চিম বরাবর।

এবার আসা যাক সাবেক সাহেবের থাকার কোয়ার্টার যা শারীর শিক্ষা বিভাগ। পুবদিকে গার্ডের থাকার ঘর। উত্তরে খেলার মাঠ সংলগ্ন গাড়ি বারান্দা।গাড়ি বারান্দা দিয়ে ঢুকে বারান্দা, দুপাশে অতিথি নিবাস। মাঝখান দিয়ে বড় দরজা দিয়ে ঢুকে দোতালায় যাবার জন্য সিড়ি আর,তার চার দিকদিয়ে শোবার জন্য আরও ৬টা ঘর।যায় মধ্যে ২টো খুব বড় মাপের ফায়ার প্লেস সহ (দক্ষিণ দিকের ওইরকম একটা ঘরে পরবর্তিতে হয় ক্লাসরুম)। দক্ষিণ দিক বরাবর টানা বারান্দা। বারান্দার গেট দিয়ে ঢুকে রান্না ঘর ও ডাইনিং। দেওয়ালগুলি প্রায় ৪০ ইঞ্চি চওড়া,চুন সুরকির গাথনী, প্লাস্টার ছাড়াই লাল ইটের রং করা যেমন সাহেব আমলে হতো। মেঝে সিমেন্টের এবং স্নেক-প্রুফ যা খুবই পিচ্ছিল। ঘরের প্রত্যেকটি দরজা প্রায় আট ফুট উঁচু এবং পাঁচ ফুট চওড়া,তেমনি বড় বড় জানালা। অদ্ভুত ভাবে তৈরি, চারিদিকের খোলা মাঠের হাওয়া একবার ঢুকলে তা প্রায় সবকটি ঘরে সমান ভাবে বয়ে যায়,আধুনিক এ সি যন্ত্র যা করে - প্রায় তাই। এই সব ঘরগুলি পরে ৫৫ জন ছাত্রদের থাকার জন্য হোস্টেল। এককথায় সাহেব অধ্যক্ষের থাকার কোয়ার্টার পরে হলো, ইউ সি টি সি'র বি.পি.এড বিভাগ। প্রথম থেকে যে সকল সম্মানীয় শিক্ষক মহাশয়েরা এখানে কাজের সঙ্গে যুক্ত হয়েছেন তাঁরা হলেন: শ্রী শুভেন্দু বিশ্বাস , শ্রী সুদর্শন ভৌমিক, শ্রী কমল চট্টোপাধ্যায়,শ্রী কাঞ্চন বন্দোপাধ্যায়, শ্রীশ্যামল মজুমদার,শ্রী অশোক বিশ্বাস, এখন যারা বিভাগের সেবা করছেন তাঁদের আসার আগে। যাঁরাই এখানে কাজ করেছেন তারা কেবল চাকরি করেছেন এমন নয়,বলা ভাল তাঁরা ছাত্রদের সঙ্গে একাত্ম হয়ে সেবা দিয়েছেন। তাঁরা ছিলেন ছাত্র অন্ত প্রাণ। এখানে অনেক কিছু না থাকার মধ্যেও যেন ছিল,অনেক কিছু...।

যাইহোক,এতক্ষন যা জানলাম সেটা এই গল্পের মূল গন্তব্য নয়। ঘটনা কাল ২০০১ সাল নাগাদ। তিনজন পূর্ন সময়ের শিক্ষকের তত্বাবধানে চলতো এক বছরের বি পি এড কোর্স,ছাত্র সংখ্যা ৫৫ জন। যেভাবে তখন কোর্স চলতো সেটা একটু জানলে ভাল লাগতেও পারে এবং তা হবে গল্পের মূল নায়ক কে জানার সহায়ক। ছাত্র ভর্তি থেকে শুরু করে ফাইনাল পরীক্ষা পর্যন্ত চলতো ছাত্রদের শিক্ষন -প্রশিক্ষন, প্রায় কমান্ড ট্রেনিংয়ের মতো। ছাত্ররা পাশ করে যাবার পরে হয়ে উঠতো বন্ধুর মতো,যাদের সঙ্গে আজও সম্পর্ক অটুট।

সপ্তাহে ৬ দিন চলতো রুটিন মাফিক কর্মকাণ্ড ( অনেকটাই হয়তো বর্তমানে বেমানান)। সকাল ৫.৫০ মিঃ অ্যাসেম্বলি, জাতীয় সংগীত আর শপথ গ্রহন (আমি মানুষ হবার জন্য এসেছি। আমি অন্যায় করবো না,যতটা সম্ভব প্রতিবাদ করবো। আমি আইনের পক্ষে,আমার দ্বারা কখনোই আইন লঙ্ঘিত হবে না। সমস্ত রকমের বদ নেশা থেকে দূরে থাকবো) করে শুরু হতো দিন। ফিটনেস বজায় রাখার উদ্দেশ্যে কঠোর কন্ডিশনিং এর পরে, প্র্যাক্টিক্যাল ক্লাস এবং রুটিন মাফিক পরিষ্কার পরিচ্ছন্নতার পর শেষ হতো সকালের ক্লাস। দুপুরে থিওরি ক্লাস হতো বেলা ১১টা থেকে ২টো পর্যন্ত। আবার বিকালে ৩.৩০ - ৫.১০ মিঃ পর্যন্ত। ক্লাস শেষে খেলা এবং তারপরে মাঠ পরিষ্কার করে হতো দিনের শেষ।

আসল ঘটনা শুরুর আগে কয়েকটা কথা বলে রাখলে বুঝতে সুবিধা হবে ঠিক কি ধরনের সৎ সঙ্গ প্রতিষ্ঠিত হয়েছিল, যার পরিপ্রেক্ষিতে স্বর্গবাস এর দাবি। 'কথা আর কাজ ' দুরকম স্বাভাবিক ভাবে কখনোই হতো না, না ছাত্রদের,না শিক্ষকদের সঙ্গে। কখনো কখনো ছাত্ররা অনেক রকমের চেষ্টা করতো কিছু সুবিধা নেবার উদ্দেশ্যে। এরকম বলতো যে, ওই স্যার এ রকমের বলছিলেন, আপনি এখন বলুন কি হবে বা করবো? যাকে বলা হলো তিনি (শিক্ষক), অবশ্যই উত্তর দেবেন আগের স্যার যা বলেছেন তাই ঠিক,কোনোদিন এর ব্যতিক্রম হয় নি। শিক্ষকদের ভুল হলে তা, ছাত্রদের সামনে না বলে পরে, নিজেদের (শিক্ষকদের) মধ্যে আলোচনা করে যেটা ঠিক, সেটাই বলে দেওয়া হতো।ভুল হলে ভুল স্বীকার করতেও কখনো দ্বিধা বোধ হয় নি। তাই ছাত্ররা কখনো কোনোদিন এতটুকু ছিদ্র খুঁজে না পেয়ে,হতাশ হতো এবং ছাত্ররা সকল সময় এককথাতে চলতো। পরে বড় হয়ে, যারা বেশ ঘনিষ্ট, এখনো যাদের সঙ্গে যোগাযোগ অটুট, তারা বলেছে যে " আমরা কত

চেষ্টা করেছি,স্যারদের মধ্যে গন্ডগোল বাঁধিয়ে দিয়ে কিছু সুযোগ সুবিধা নেবার কিন্তু, কোনদিনই সফল হয়নি। শিক্ষকদের মধ্যে বোঝাপড়া ছিল সাংঘাতিক শক্ত। বিভাগের বিষয়ে কথা আর কাজ এক এবং যা কিছু ছাত্রদের মঙ্গল,আর যা কিছু বিভাগের জন্য মঙ্গল,সে বিষয়ে কখনো কোনোদিন আপোষ হয় নি।

ক্লাস হতো সোমবার সকাল থেকে শনিবার দুপুর পর্যন্ত। বিশেষ কারন এবং অনুমতি ছাড়া কোন ছাত্র ক্লাসে অনুপস্থিত হতো না। সকালের ক্লাসে কোন ছাত্র অনুপস্থিত হলে, সারাদিন সে ক্লাস করার সুযোগ পেত না এবং হোস্টেলে থাকতে বাধ্য হতো।সময়ের ব্যাপারে কখনো কোন অজুহাত মান্যতা পেত না। বলা হতো,এই কোর্সে কিছু যদি নাও শেখ,অন্তত একটা জিনিষ শিখে যাও যে, কর্মস্থলে,"সময়ের আগে উপস্থিত হও আর, সময় শেষ হবার পর তুমি জায়গা ছাড়"। ছাত্রদের প্রথম দিন যে যে উপদেশ দেওয়া হতো তার মধ্য উল্লেখযোগ্য: তোমার জীবনের এই একটা বছর আমাদের কাছে ছেড়ে দাও, যা বলি শুধু তাই করে যাও। বছর শেষে যাবার সময় অথবা তার পরে এসে বলে যেও তোমার যদি কোন ক্ষতি হয়;উত্তর দেব সেইদিন। তাই উঠতে বসতে কঠিন অনুশাসন (এমন কি মার খেয়েও মাথা নিচু করে রাখতো) ছাত্ররা মাথা পেতেই নিত এই শাসন( হয়তো তাঁদের খারাপ লাগাটা চেপে রাখতো অথবা প্রকাশ করতো না)। প্রয়োজনের অধিক শাসন হয়তো কখনো কখনো যে হতো না,এমন নয় তবে, ভবিষ্যত যে কখনো বিমুখ হবে না, এ যে তার গ্যারান্টি ছিল। ফল স্বরূপ প্রথম বারের এস এস সি থেকে শুরু করে, বহু বহু ছাত্র তাঁদের কৃতিত্ব সঠিক ভাবে তুলে ধরতে তাদের কোন অসুবিধা হয়নি।ছাত্ররা যেমন ছিল বাধ্য তেমনি শিক্ষকরাও ছিলেন প্রতিজ্ঞাবদ্ধ।এমন হতো, শিক্ষকরা সেই সকালের ক্লাসে এসে, দুপুরে ক্লাস ও বিকালের ক্লাস,খেলা শেষে,রাতের খাবার ওদের সঙ্গে খেয়ে ঘরে ফিরতেন, তখন ঘড়ি থাকতো বন্ধ। প্রায়শই হোস্টেলের ঘর চেকিং, ঘর দুয়ার পরিষ্কার পরিচ্ছন্ন ও গুছিয়ে রাখা, হোস্টেল চত্বর ভাল রাখা, সব রকমের অনুষ্ঠান পালন করা,সমাজ সেবা মূলক কাজ এবং হাসপাতাল কাছেই থাকার কারনে, মুমূর্ষ রোগীকে রক্তদান করা লেগেই থাকত।তবে সব কাজে শিক্ষকরা থাকতেন সঙ্গে,কখনোই দুরকম হতো না। আসলে ছাত্রঅন্ত প্রাণ বলার মাঝে কোনোরকম দ্বন্দ্ব ছিলনা প্রতিদানে, ছাত্ররাও এককথায় শিক্ষক পাগল ছিল। শিক্ষকের কথা বা আদেশ পালনে বলার প্রয়োজন কখনো একবারের বদলে দুবার হয়নি।

এখানে অন্য একজন মানুষের এবং তাঁর কাজের কথা উল্লেখ না করলে খুবই অন্যায় হবে। সবে মিলে কোন-সঙ্গ সেখানে তৈরি হয়েছিল যা, ছাত্রদের তৈরি হতে সাহায্য করতো, ছাত্রের অনুমানে সাহায্য করতে পারতো। বিভাগের অন্যান্য বহু কাজের সঙ্গে,বিভাগের প্রাকটিক্যাল ক্লাসের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম যা কিছু তা সামলানোর দায়িত্ব ছিল সুকু বা সুকু'দা বা সুকুমার দাস এর উপর। খুব বেশি উঁচু লম্বা না হলেও ভুঁড়ি টা একটু বেশি মানে, বেশ ছোট খাঁটো, গোলগাল চেহারার হাসিখুশি মানুষ সবমিলিয়ে ভাললাগার মত একটি মানুষ,অসম্ভব বিশ্বাসী। স্টোর রুমের মধ্যে ঢুকলে দেখা যেত - ঘর দোর একদম পরিষ্কার পরিচ্ছন্ন এবং সমস্ত রকম সরঞ্জাম ছোট্ট একটা ঘরের মধ্যে এমন ভাবে সাজানো দেখে মনে হতো যেন ছবি । না, অনেক প্রতিষ্ঠানে ঘোরার সৌভাগ্যের কারনে তা অন্য কোথাও চোখে পড়েনি। আসলে, কাজের প্রতি অনুরাগ ও ভালোবাসা যে মানুষের পরিচয় হয়ে ওঠে তা সুকু'দা কে না দেখলে বোঝা যেত না। প্রতিদিন সকালে ক্লাসের সরঞ্জাম বেরিয়ে যাবার পর সে, স্টোররুম ঝাঁট দিত, সরঞ্জাম রাখার তাকগুলো পরিষ্কার করতো, মালপত্র সাজাতো। এক একটা ইভেন্ট শেষ হয়ে গেলে প্রত্যেকটা সরঞ্জাম যথাযথ ভাবে পরিষ্কার না করে ঘরে তুলতোই না, এবং নির্দিষ্ট জায়গাতে রেখে তবে শুকু'দার বাড়ি ফেরা। একদিনের একটি ঘটনার কথা না বললেই, বোঝানো যাবে না ,কাজের প্রতি শ্রদ্ধা ভক্তি বা উৎসর্গকৃত প্রাণ বলতে ঠিক কি বোঝায়। ক্লাসের আগে সরঞ্জাম নিতে হতো তাঁর কাছ থেকে বুঝে তেমনি, ক্লাসের শেষে সমস্ত জিনিসপত্র না বুঝিয়ে ছুটি ছিলনা কোন ছাত্রের। সে দিন ছিল শনিবার। সকালের ক্লাসের শেষে ছুটি হওয়ার কথা থাকলেও ছুটি হয় নি, কারন সেদিন ক্যাম্পাসের ভিতরে পায়ে হাঁটার জন্য চুন সুড়কি দিয়ে কয়েকটা রাস্তা তৈরি করা হবে। কাজ শুরু হলো।কঠোর পরিশ্রমের সঙ্গে রাস্তার কাজ চলতে থাকলো। মাঝে দু একবার জলপানের বিরতি সহ কম বেশি সাত ঘণ্টা কাজ করে রাস্তার কাজ শেষ হলো। সকলে মাঠের পাশে আমগাছ তলাতে বসা হয়েছে একটু বিশ্রাম ও কাজের শেষে যেন একটু স্বস্তির আশাতে। ছাত্রদের সুকুদা সমস্ত সরঞ্জাম বুঝে নিচ্ছে, ধোয়া মোছা করছে এবং স্টোরে তুলছে। হঠাৎ বৃষ্টি নামলো। মুসলধারে বৃষ্টি ,ছাত্ররা হোস্টেলে গেল,স্নান খাওয়া সেরে বাড়ি যাবে। শিক্ষকরাও ঘরে ফিরবে । বৃষ্টি চলছে। আমতলা যেখানে ছাত্ররা বসে ছিল সেখানে প্রায় ছয় সাত ইঞ্চি জল জমে গিয়েছে। সকলে চলে গেলেও,দেখা গেল প্রায় আধ ঘন্টা যাবৎ সুকুদা বৃষ্টি মাথায় করে, পায়ের পাতাডোবা জলের মধ্যে হেঁটে বেড়াচ্ছে। প্রশ্ন জাগলো, ব্যাপারটা কি? দেখা যাক কি

হয়। কিছুক্ষন পরে দেখা গেল পায়ে করে একটা নেইল (পেরেক) তুললো। ছাত্ররা সব মাল জমা দিলেও ওটা গুণতিতে কম পড়েছিল তাই, সুকুদা ওটা না পেলে, সে কিছুতেই বাড়ি যাবে না।

প্রত্যেক শনিবার দিন সকাল ছিল ছাত্রদের ফিটনেসের জন্য কঠিন অনুশীলন, কোন কোন দিন ৪০ পাক দৌড়। এছাড়া প্রায়শই হতো ক্রস কান্ট্রি দৌড়। কোন কোন দিন ভোর ৪.৩০ মিঃ অ্যাসেম্বলি শেষে, দৌড়ে মুর্শিদাবাদ নবাব প্যালেস যাওয়া,ছবি তোলা, টিফিন করতে করতে নৌকাতে করে কলেজ ঘাটে ফিরে আসা। খিচুড়ি খেয়ে শীতের দুপুরে ভাত ঘুমের দেশে মাঝে মধ্যে চলে যে যাওয়া ঘটতো না,এমন নয়। সে এক দিন ছিল...।

যে কোন অনুশীলনে কোনোরকম ঢিলেমি বরদাস্ত করা হতো না। এমনিতে অনুশীলন যা হতো তা তো হতোই, পরীক্ষার সময় রাতে খাবার আগে রুটিন অনুশীলন ছিল পাক্কা। অনুশীলন না করলে রাতের খাবারের গ্যারান্টি ছিলনা। এমনও হতো মাঝ রাতে ঘুমের ঘোরে, মার্চিং করতে গিয়ে মশারী ছিঁড়েছুটে পড়ার ঘটনা মাঝে মাঝেই শোনা যেত। ট্রাইমেস্টার সিস্টেমে পরীক্ষা হতো। পরীক্ষকরা পরীক্ষা নিতে এসে প্রায়শই যে কথাগুলি বলতেন: ছাত্রদের মধ্যে বেশ একটা মিলিটান্সি ব্যাপার লক্ষ্য করা যাচ্ছে, খুবই ডিসিপ্লিনড, মাস-এক্টিভিটিসের পরীক্ষার শেষে পরীক্ষকরা বলতেন - "আমাদেরকে ডেকে আনার কি প্রয়োজন"? কোন রকম ভুলই ধরতে পাওয়া যাচ্ছে না! সকল ছাত্র যে খুব পারদর্শী ছিল এমন নয় কিন্তু, "প্র্যাক্টিস মেকস এ ম্যান পারফেক্ট" এ উক্তি প্রমাণিত সত্য। এককথায়, চোখ বন্ধ করে শারীর শিক্ষার ছাত্রদের নিয়ে যেমন ভাবনা আমরা ভাবি, ঠিক তার প্রতিচ্ছবি ফুঁটে উঠতো। বিশ্ববিদ্যালয়ের মধ্যে,এখান থেকে ফার্স্ট ,সেকেন্ড পজিশন পেতে শুরু করলো।ফাইনাল পরীক্ষার রেজাল্ট দেখে কখনো কখনো বিশ্ববিদ্যালয়ের কোন কোন শিক্ষক মহাশয়কে বলতে শোনা যেত - 'পরীক্ষকদের খাওয়া দাওয়া স্টার হোটেলে নিয়ে করানো হয় এবং সেইজন্য এত বেশি নম্বর দিয়ে দেয়'! হায় রে!! যাঁরা বলতেন তাঁরা,কখনো ভাবতেই পারতেন না যে,ফিজিক্যাল এডুকেশন'কে যা করতে হয়, তা - "আস্ত মানুষ " তৈরী করতে হয়। আর সেটা যখন সম্ভব হয়, পরীক্ষায় নম্বর কেন,অন্য কিছু করতে হয় না অথবা অন্য কিছুর কাছে কখনো মাথা নত করতে হয় না! আসলে তখন ওখানকার পরিবেশ,'ছাত্র - শিক্ষক - শিক্ষন' পরিস্থিতি সকলের সামনে তুলে ধরার উদ্দেশ্য একটা যে একদম নেই তা নয়। যার মাধ্যমে দুটো বিষয় পরিষ্কার করার লোভ সামলানো যাচ্ছে না। (এক) গোদা বাংলায় শারীর শিক্ষা বোঝেন যাঁরা (যাঁরা শারীর শিক্ষার অর্থ - বিজ্ঞানী তৈরী করা বলে বোঝেন তাঁরা বাদ) তাঁদের মতে শারীর শিক্ষা কেমন হওয়া উচিৎ ছিল সেটা বোঝানো (যেমন হলে আজ হয়তো এত দুর্দিন দেখতে হতো না,আক্ষেপও হতো না)। (দুই) শিক্ষালয়ে এই রকম একটা পরিবেশ (স্বর্গ) তৈরী করতে পারলে সৎ পাগলের যেমন অভাব হয় না তেমন, আরও কি কি সম্ভব হতে পারত, একবার অন্তত চোখ বন্ধ করে ভাবা যাক...।

যাইহোক, এই গল্পের নায়ক এখনো এসে পৌঁছায়নি বলা ভাল, এখনো জন্মায়নি।

একদিন সকাল ৫.৫০ মিঃ অ্যাসেম্বলি। তিনজন শিক্ষকের সেদিন ক্লাস থাকুক না থাকুক প্রতিদিন মাঠে আসা ছিল স্বঘোষিত আবশ্যিক। ছাত্ররা তৈরি রিপোর্টিংয়ের জন্য। শিক্ষক যিনি সামনে দাঁড়িয়ে আছেন হঠাৎ কোথা থেকে একটা কালো রঙের কুকুর তাঁর পায়ের কাছে চলে আসলো। তিনি তো ভয় পেয়ে গেলেন সঙ্গে অন্যরাও প্রমাদ গুনলো। রে রে করে উঠলাম সকলে। ছাত্ররা দু'একজন তেড়ে এলো। অ্যাসেম্বলি মাথায় উঠলো। সকলে যত উদ্বিগ্ন হয়, কালো কুকুর ততটাই লেজ গুটিয়ে মাথা নিচু করে প্রায় মাষ্টারমশাই এর পায়ের সামনে নত হয়। যেন অ্যাসেম্বলিতে স্যালুট জানাতে এসেছে। আস্তে আস্তে সকলে আশ্বস্ত হলো। আদেশ পেয়ে এক ছাত্র হোস্টেলের ঘর থেকে দুটো বিস্কুট এনে দিল। কালো কুকুর শান্ত হলো এবং তারপর,নিয়ম ভেঙে নির্দিষ্ট সময়ের কিছু পরে সেদিনের অ্যাসেম্বলি হতে পারলো। কালো কুকুর রয়ে গেল ঘেরা ক্যাম্পাসে। ছাত্রদের যত্নে কালো কুকুরের নামকরন হলো - ' কালি '। যথেষ্ট খাবারদাবার আর, ছাত্রদের যত্নে কালি কয়েকদিনের মধ্যেই ছাত্রদের প্রিয় হয়ে উঠলো। ছাত্রদের সকলেই কালিকে ভাল বাসলেও সম্ভবত পঙ্কজ ছিল ওর প্রকৃত এবং প্রথম গার্জিয়ান।একবছর অন্তর কালির গার্জিয়ান পরিবর্তন হতো কারন,তখন একবছরের বিপিএড কোর্স হবার কারনে ছাত্ররাও পরিবর্তন হয়ে যেত। পরবর্তীতে যারা কালির গার্জিয়ান হয়েছিল তারা - সুমন্ত (ব্রহ্মচারী), রণজিৎ এবং অরুণ। এদের মধ্যে পরবর্তীতে পঙ্কজ হয়েছে চার্চের ফাদার,সুমন্ত ও রণজিৎ হয়েছে স্কুল শিক্ষক।

সে যাইহোক, কালি আস্তে আস্তে সকলের আস্থাভাজন হয়ে গেল। খায় দায় ঘোরে ফেরে ছাত্রদের সঙ্গে থাকে। আর কতদিন এইভাবে চলে? হঠাৎ, একদিন কালো ও ধূসর রং মিশ্রিত আর একটা কুকুর ক্যাম্পাসে আসলো। সেটা অবশ্যই একটা ছেলে কুকুর। বেশ রাগী এবং বদ মেজাজি, কিন্তু বেশ চালু পলিটিশিয়ানএর মত। রাগ মেজাজ নিয়েও ক্যাম্পাসে 'কালির' সঙ্গে থাকতে হলে কি করতে হবে ও বুঝে নিল। খুব বিরক্ত না হলে খুব একটা মেজাজ দেখায় না এবং প্রায় কালির বডি গার্ড হয়ে রয়ে গেল, সকলের কালু হয়ে। ওর বদ মেজাজের কারনে সকলে যে খুব ভাল বাসতো এমন নয় তবে, ওই আর কি!

কালি নিয়ে খুব কথা না বললেও বুঝে নিতে হবে যে ওর ব্যবহারের মধ্যে কোন ভাবেই দুরকম ব্যাপার নেই। সাংঘাতিক অনুগত, সবসময়ই প্রায় ছাত্রদের অ্যাকটিভিটির মধ্যেই থাকতো। বিশেষ করে বলার মত সকালের অ্যাসেম্বলিতে উপস্থিত হওয়া ওর কাছে ছিল বাধ্যতামূলক। কন্ডিশনিং প্রোগ্রামে, ছাত্রদের সঙ্গে  সঙ্গে কালি মাথাটা নিচু করে দৌড়াত। কোন কোন দিন মজার ঘটনা ঘটতো, যা না বললে বোঝানো যাবে না যে কালি'রা কন্ডিশনিং বাদেও রিক্রিয়েশন কি ভাবে করতো। শীতকাল, ভোর বেলা শিশির ভেজা মাঠ, কুয়াশা ঢাকাও বটে। মাঠের পাশে পাঁচিলের উপরে হনুমানের দল এসে বসতো,লেজ ঝুলিয়ে। কালিরা অতর্কিতে আক্রমন করতো ওই লেজ ধরার জন্য,কিন্তু কাছে যেতেই হনুমান তার লেজ গুটিয়ে নিত। কালিরা লাফিয়ে লাফিয়ে উঠে ব্যর্থ চেষ্টা করতো তা ধরার জন্য। ক্লান্ত হয়ে কালিরা যখন কন্ডিশনিংএর দিকে চলে যেতে শুরু করতো, ঠিক তখনি একটা বেশ বড়সড় হনুমান কালিদের পিছনে তাড়া করতো। সে দেখার মত দৃশ্য। কালিরা দৌড়াচ্ছে ফুল স্ট্রাইড নিয়ে একেবারে ট্রেন্ড স্প্রিন্টারের মত,হনুমানও পিছনে ফুল স্পীড, হনুমান কালির পিছনের পা টেনেই ছেড়ে দিল, মুখ থুবড়ে পড়ল কালি এবং কুয়াশা ভেজা মাঠে স্লিপ খেয়ে চলে যেত বেশ মিটার কতক। উঠলো কালি, এবাউট টার্ন,হনুমান আগে কালি পিছে, দেখা যাক এবার কি হয়? কখনো হনুমান পাঁচিলের মাথায় উঠে লেজ নাড়াতে শুরু করলো, কলিরা বোকা হয়ে গেল,কখনো কালি হনুমানের ঠ্যাং টেনে দিল, অবস্থা একই রকম। কন্ডিশনিংএর পরে প্র্যাক্টিক্যাল ক্লাস চলাকালীন,কালি ঠিক পাশে শুয়ে থাকতো। হোস্টেলে ছাত্রদের সঙ্গে ওর খাবারেরও বরাদ্দ থাকতো।থিওরি ক্লাস চলাকালীন কালি ক্লাস রুমের বাইরেই ঘুমাতো। রাতের ক্যাম্পাস চলে যেত ওদের দখলে।

সকাল থেকে রাত, আবার রাত থেকে সকাল প্রায় একইরকম ভাবে ওদের কাটতে লাগলো। ক্রমশ ওরা সকলের আস্থাভাজন হয়ে উঠলো। তেমনি, ছাত্ররাও ওদের ভাল বাসতে শুরু করলো। ছাত্রদের মধ্যে যারা ওদের একটু বেশি ভাল বাসতো তারা, ওরা খেয়েছে কি না বা কোন রকম শরীর খারাপ হলো কি না ইত্যাদি ইত্যাদি খোঁজ খবর রাখা ছিল ওই ছাত্রদের কাজ।আসলে ওই ছাত্ররা কালিদের খুব বেশি বা বিশেষ করে ভাল বাসতো। ক্রমশ, পঞ্চান্ন জন ছাত্রের সঙ্গে কালি'রাও দুজন কখন যেন ছাত্র হয়ে উঠলো।

যাইহোক,এইভাবে বেশ দিন কাটছিল। হঠাৎই খবর হলো,কালি চারটে বাচ্চার মা হয়েছে। হোস্টেলে বেশ যেন একটা নতুন খবর। ওরা কোথায় থাকবে,কি খাবে এইসব নিয়ে ছাত্রদের মধ্যে বেশ সাজো সাজো রব, বিশেষ করে ওদের অভিভাবকদের বেশ ব্যস্ততা বেড়ে গেল, মাষ্টারমশাইরাও পিছিয়ে থাকলো এমন নয়। প্রথম দু চারটে দিন কালি একটু অন্তরালে থাকলো। তারপরে কালি সময় পেয়ে দুএকবার মাঠে এসে দেখা করে যেত,লেজ নাড়িয়ে মাথা নিচু করে তার সেই আনুগত্য দেখিয়ে যেতে ভুলতো না। কালি আগের মত সবসময় ছাত্রদের সঙ্গে সময় দিতে পারছে না বলে কালি যেন খুবই লজ্জিত, ও এখন চার চারটে বাচ্চার 'মা'।

কালির ভরা সংসার নিয়ে দিন ভালই কাটছিল। কালুর অভিভাবকত্বে বাচ্চাগুলোকে নিয়ে কালি একটু একটু করে মাঠে আসতে শুরু করলো। নিয়ম কানুন সঠিক ভাবে না জানার কারনে,বাচ্চাগুলো মাঠের (প্র্যাক্টিক্যাল ক্লাসের মধ্যে)মধ্যে বা মাঝে মাঝেই একটু এদিক ওদিক যাবার চেষ্টা করলেই কালি কঠোর ভাবে মায়ের দায়িত্ব পালন করতো। 'উশৃঙ্খলতা বা শৃঙ্খলা ভঙ্গ করা ' কালি একেবারেই বরদাস্ত করতো না। বাচ্চাদের নিয়ে ক্যাম্পাসে এদিক সেদিক ঘুরে বেড়াতো,আসলে সব চিনিয়ে বেড়াতো। কি করা ঠিক আর কি ঠিক নয়, তাই যেন শেখানো চলতো। অত্যন্ত সুচারু ভাবে কালি তার বাচ্চাদের জন্য ট্রেনিং প্রোগ্রাম চালাতে লাগলো। বাচ্চারাও একটু একটু করে শিখতে লাগলো ক্যাম্পাসের সব নিয়ম কানুন।

বেশ কয়েক মাস পরে আস্তে আস্তে কি যে হলো ঠিক বোঝা গেল না, এক এক করে কালির তিন তিনটে বাচ্চা রুগ্ন

হতে হতে শেষে মারা গেল! কেমন যেন কালি খুব মুষড়ে পড়তে লাগলো। কিন্তু, সকলের সামনে কালি তার আনুগত্য দেখানো এবং শৃঙ্খলা প্রদর্শন করাতে কখনো কার্পণ্য করতো না।

হয়তো সব কিছু ভুলে,বেঁচে থাকা একমাত্র বাচ্চাকে নিয়ে , কালি নিয়ম করে আবার তার ডিউটি শুরু করলো। একমাত্র বাচ্চা, মায়ের যত্নে এবং অভিভাবকত্বে বড় হতে লাগলো। বাচ্চাটার গায়ের রং খানিকটা বিস্কুটের মত, ভালোবেসে একটা নামও রাখা হলো। একটু একটু করে মায়ের সঙ্গ পেয়ে বড় হতে লাগলো। যথাযথভাবে তাঁর প্রশিক্ষণও চলতে লাগলো। কেমন ছিল সেই প্রশিক্ষন?

সাধারনত রাস্তাঘাটে অথবা বাড়ির বাইরে যেসকল সারমেয়রা থাকে ভোরবেলাতে তারা নিজেদের মধ্যে খুবই দৌড়াদৌড়ি, কামড়াকামড়ি ও খুঁনসুটি চালাতে থাকে। অবশেষে চরম ক্লান্তিতে অঘোরে ঘুম দেয় যতক্ষন না ক্লান্তি দূর হয় বা ক্ষিধে তেষ্টায় ঘুম ভেঙে না যায়। ছাত্রদের সকাল বেলার অ্যাসেম্বলিতে খুউব অসুবিধায় না পড়লে এবং বিনা অনুমতিতে ছাত্ররা কোনদিন কোনভাবেই অনুপস্থিত হতনা। সকলেই সকাল ৫.৫০ এর আগেই হাজির, কালিও তার পরিবার অর্থাৎ, স্বামী পুত্র নিয়ে হাজির। অ্যাসেম্বলি চলা কালীন কোনদিন কোন রকম ডিস্টার্ব করতো না। বাচ্চাটা প্রথম প্রথম লাইন - ফাইলে ঢুকে একটু শুঁকেটুকে লেজ নাড়িয়ে আবার লাইনের পাশে মায়ের কাছে এসে শুয়ে থাকতো। লিডারের রিপোর্ট শেষে জাতীয় সঙ্গীত, তারপর "ওথ -টেকিং" এর চারটি লাইন উচ্চারিত হবার পর লাইন ভেঙে যেত এবং ছাত্ররা সকলে প্রস্তুত,কেবল শিক্ষকের নির্দেশের অপেক্ষা। ছাত্রদের সঙ্গে সঙ্গে কালি তার দলবল নিয়ে তৈরি। ছাত্রদের দৌড় শুরু, কালিরাও দৌড়ানো শুরু করতো। কখনো কখনো একটু এদিক ওদিক করলেও আবার দৌড়িয়ে সকলকে ধরে ফেলতো। কালির পরিবার থেমে গেলেও,কালি থামত না। যত ল্যাপ ছাত্ররা দৌড়াত তত পাক কালি দৌড়াত। হ্যা, ঠিকই শুনছেন। কালির সততা নিয়ে কোন প্রশ্ন ছিল না। কন্ডিশনিং প্রোগ্রাম শেষে অন্যান্য ক্লাস চলা কালীন কালিরা ক্লাসের পাশে শুয়ে থাকতো। সকালের ক্লাস শেষে যদি ক্লিনিং প্রোগ্রাম না থাকতো তাহলে,ছাত্ররা হোস্টেলে ফিরতো, ফিরতো কালিরাও। স্নান, খাওয়া দাওয়া সেরে ছাত্ররা তৈরি বেলা ১১টা থেকে থিওরি ক্লাস, ১০.৫৫ তে রোল কল। কালীরাও খাওয়া দাওয়া সেরে ক্লাস রুমের মধ্যে এসে পিছনের দিকে ঘুমিয়ে থাকে। ২.১০ মিঃ ক্লাস শেষ,ছাত্ররা ক্লাস রুম থেকে বেরিয়ে তাদের ঘরে, কালিরাও ক্লাস থেকে বেরিয়ে,তাদের কাজে। আবার ক্লাস বিকাল ৩.৩০মিঃ।

বিকালের ক্লাস,মাঠে বাইরের অর্থাৎ,লোকাল ছেলেপুলে আর বাচ্চারা খেলার জন্য খুবই ভীড় করতো। ছাত্রদের নিয়ে ক্লাস করা মুশকিল হয়ে যেত। মাঝে মধ্যে ছাত্রদের সঙ্গে তাদের একটু আধটু ঝগড়াঝাটিও হতো। বিকাল বেলা কালিরা ছাত্রদের আশেপাশে থাকলেও বেশির ভাগ সময় নিজেদের মধ্যেই খেলাধুলোতে ব্যস্ত থাকত। ক্লাসের পরে বেশির ভাগ দিনে ভলিবল ম্যাচ খেলা হতো ছাত্র শিক্ষকদের মধ্যে,রিক্রিয়েশনের জন্য। ভলিবল খেলা শেষে , নিরানী, ঝাঁটা বালতি মগ নিয়ে প্রতিদিন কোর্ট এর পরিচর্যা করা ছিল নিত্যদিনের কর্তব্য, কাজ না থাকলেও কালি'রা কোর্ট চত্বরেই থাকতো। সন্ধ্যা নেমে যেত,সব কাজ শেষ। সাধারনত ছাত্রদের বিশ্রামের পালা, মানে শুরু হতো নিজেদের সময়। কোন কোন সময়, বিশেষ করে পরীক্ষার আগে আগে, রাতে বিশেষ কোন ক্লাস অথবা প্র্যাক্টিক্যাল কোন বিষয়ে প্র্যাক্টিস করতে হতো তখন, ছাত্রদের নিজের সময় যেত বেশ একটু কমে। রাতটুকু ঘুমিয়ে আবার শুরু হতো নতুন সকাল।

ছাত্রদের সঙ্গে সঙ্গে কালিদেরও দিন ভালই কাটছিলো। ইতিমধ্যে কালির ছেলে কয়েক মাসের হলো।দেখতে শুনতে মন্দ নয়, নামকরন হলো 'ভোদু '। ছাত্রদের ভালোবাসা, মায়ের সঙ্গ ও শিক্ষা পেয়ে ভোদু ক্রমশঃ শিক্ষিত হতে লাগলো। দুর্ভাগ্য ভোদু'র, সুখ আর মায়ের সাহচর্য্য কপালে বেশীদিন সইলো না। কি যে হলো ঠিক বোঝা গেল না, না জানা কারনে কালি অসুস্থ হলো। ডাক্তার দেখলো, ওষুধ আসলো, কালিকে তা খাওয়ানো হলো কিন্তু দুদিনের মধ্যে কালি মারা গেল। ভোদুর খুব মন খারাপ, থেকে থেকেই সে মায়ের কাছে যাচ্ছে,শুঁকে শুঁকে দেখছে আর হয়তো কানে কানে বলছে মা গো ওঠো আর কত রেস্ট নেবে? প্রাকটিসের সময় হয়ে গেল, ছাত্র দাদারা সকলে এসে গিয়েছে, স্যাররা এসে পড়বে এখনি, খুব বকবেন, উঠে পড়। কিন্তু, কালি চলে গেল না ফেরার দেশে। কালি কে শুইয়ে রাখা হলো কলেজ মাঠের নিচের দিকে ভাগীরথী নদীর পাড়ে। সকলের মন খুবই খারাপ, একবেলা ক্লাস বন্ধ রাখা হলো,কালির স্মৃতিতে।

পরের সকালে আবার ক্লাস শুরু। ভোদু আসলো না। কোথায় গেল? দেখ, দেখতো ছেলেরা কোথায় গেল ও? ছেলেরা যে যেদিকে পারলো গেল খুঁজতে। সিঁড়ি ঘর থেকে ছাত্র পঙ্কজ ভোদুকে কোলে করে নিয়ে আসলো ক্লাসে। ভোদু একটু আধটু ছাত্রদের মধ্যে ঢুকে, শুঁকে শুঁকে কি যেন খুঁজে না পেয়ে, ক্লাসের একপাশে গিয়ে চুউউপ করে বসে থাকলো। এক-পা'ও দৌড়ালো না। কখন যেন মাঠ ছেড়ে চলেও গেল। বলে রাখা ভাল,কালি মারা যাবার পরে, কালির বর অর্থাৎ ভোদুর বাবাকে, ক্যাম্পাসে আর কোনদিন দেখা যায়নি। মা হারা সন্তানের কোন দায়িত্বই সে পালন না করে চলে গেল। কার্যত, ভোদু একা হয়ে গেল। কিন্তু ওই যে কথায় আছে, "যার কেউ নেই তার উপরওয়ালা আছে"। ভোদুর রক্ষাকর্তা হয়ে গেল ছাত্র পঙ্কজ। সব সময় কোন না কোন ছাত্র ওকে দেখতো তবে, সব সময় বেশি খেয়াল রাখতো পঙ্কজ (এখন সে বাঁকুড়া শহরের কোন একটি চার্চের ফাদার এবং জেলার বহু শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত)।

পরেরদিন সকাল, ক্লাসের প্রস্তুতি। ছাত্ররা হাজির,ভোদু হাজির। শুরু হলো কন্ডিশনিং। ছাত্ররা তৈরি, সব কিছু দূরে সরিয়ে ভোদুও তৈরি হয়ে গেল। মায়ের দেওয়া শিক্ষা মাথায় নিয়ে, ভোদু শুরু করলো দৌড় ছাত্রদের পিছনে পিছনে। আস্তে আস্তে কালির দেওয়া সব শিক্ষাকে বাস্তবে রূপ দিতে ভোদু বদ্ধপরিকর। জানা যায় নি ভোদু কখন তার মায়ের জন্য মন খারাপ করতো, কখন লুকিয়ে চোখের জল ফেলতো, কখন মনে মনে বলতো –"মা'গো কোথায় তুমি চলে গেলে, আমি যে এখনো ছোট, অনেক কিছু আমার শেখা বাকি!"

ভোদু কি এমন করতো? ভোদু  ভোদু ভোদু, নামটা বার বার শুনতে শুনতে হয়তো মনে হচ্ছে সে কে?কি এমন করতো? একটা অবলা জীবকে নিয়ে এত কিসের মাতামাতি? কর্মকাণ্ড জানার পর না হয় বিচার করা যাবে? মায়ের সাথে থাকাকালীন ভোদু যা যা শিখেছিল তার অন্যথা কোনদিন কখনো হয় নি, বরং বেশ কয়েকটা বছর ওই পরিবেশে কাটানোর পর যে ভোদুকে দেখা গেল তা এককথায় ম্যাচিয়রড বা পূর্ন মাত্রায় বিকশিত ভোদু। যেন ক্রীড়া প্রশিক্ষনের অন্যতম উদ্দেশ্য যা লক্ষ্য হিসেবে বিবেচিত হয়, পারফরম্যান্সের সঙ্গে সঙ্গে "এডুকেশন এবং মেন্টাল ক্যাপাবিলিটি'র " উন্নতি করা, এবং তাও যে সম্ভব,তার  জ্বলন্ত  প্রমাণ যেন এই 'প্রশিক্ষন প্রাপ্ত' ভোদু।

ভোর বেলা কন্ডিশনিং এর পরে ক্লাস, দুপুরে থিওরি ক্লাস ও বিকালে মাঠের ক্লাস চলাকালীন ভোদুর খুব বেশি কোন কাজ না থাকলে, ক্লাসের পাশেই শুয়ে  থাকতো। থিওরি ক্লাসে ব্ল্যাক বোর্ডের নিচে কখনো কখনো ঘুমিয়ে নাক ডেকে উঠলেও,ভোদু মাঠের প্র্যাক্টিক্যাল ক্লাসের পাশে শুয়ে থাকতো কিন্তু সাধারনত ঘুমাতো না, বিশেষ করে বিকালের ক্লাসে। কলেজ মাঠের কাছাকাছি খেলার কোন মাঠ না থাকার কারনে এলাকার ছোট ছোট ছেলেমেয়ে থেকে বড় বড় ছেলেরা খেলার জন্য ভিড় করতো। ওরা, নানা রকম খেলা খেলতো, ঘুরতে আসতো, সাইকেল চালানো শিখতো, মাঝে মধ্যে বাইরের টীমের সঙ্গে ফ্রেন্ডলী ম্যাচ খেলতো। সব মেনে বা মানিয়ে নিয়ে, কলেজের ছাত্ররা এককোনায় বিভিন্ন রকম ক্লাসে ব্যস্ত থাকতো। মাঝে মধ্যে বিকাল বেলায় 'লোকাল ছেলে আমরা'  বলে এগিয়ে আসলে, কলেজের ছাত্রদের সঙ্গে গন্ডগোল এমন পর্যায়ে যেত, এই যেন মারামারি বেধে গেল,কিন্তু ... না ! পাড়ার ছেলেদের ফুটবল,ক্রিকেট বল খেলতে খেলতে মাঝে মাঝেই কলেজের ছাত্রদের ক্লাসের মধ্যে চলে আসতো,কখনো ছাত্রদের গায়ে  লাগতো এবং তা নিয়ে বচসা লেগে যেত,কখনো কখনো শিক্ষকদেরও তাতে কম বেশি অংশ নিতে হতো। ক্লাসের মধ্যে বল চলে আসলে ছাত্ররা তা ফেরত দিয়ে দিত কিন্তু, ভুল করেও বাইরের কেউ যদি বল ফেরত নেবার জন্য ক্লাসের মধ্যে ঢুকে পড়তো তাহলে, ক্লাসের পাশে অলস ভাবে শুয়ে থাকা ভোদু অতন্দ্র প্রহরী হয়ে লাফিয়ে ,ভয় দেখিয়ে তাকে তাড়িয়ে দিত, প্রয়োজনে কামড়ে ধরতো এবং আস্তে আস্তে কামড়ানোটা ভোদু অভ্যাসে পরিণত করে ফেললো ( বলে রাখা ভাল, ক্লাসের সময় ছাড়া ভোদু কোনদিন কাউকে কামরায় নি। ক্লাস চলা কালীন কোন রকম ডিস্টার্ব ভোদুর একদম  না -পছন্দ । এইভাবে ক্লাসের মধ্যে অনঅধিকার প্রবেশকারীকে কামড়ানোর ফলে, ভোদুর একাধিক শত্রু তৈরি হয়ে গেল।

এইভাবে দিন যায়, মাস যায়,বছর যায়।  ভোদুর দিন কাটে ইউসিটিসি-র ক্যাম্পাসে। একটু একটু করে বড়ও হচ্ছে। দেখতে শুনতে সুপুরুষ সুন্দর মার্জিত চেহারার ভোদু এখন ভীষন বাস্তববাদী। বহু রকম ট্রেনিং এর সাক্ষী থাকতে থাকতে ভোদু কেবল ক্যাম্পাসের মধ্যেই থাকে এমন নয়। তবে সুযোগ পেলেই বেরিয়ে পরতো এমনও নয়। ছাত্ররা যখন নানা রকম ক্লাসের কারনে বাইরে যায়,ভোদু তখন ওদের সঙ্গে বাইরে বের হয়। বাইরে থাকা সমগোত্রীয়দের ঝামেলা

এড়িয়ে যাবার জন্য, ছাত্রদের মাঝখানে একেবারে কমান্ডো বেষ্ঠিত হয়ে বাইরে বেরতো। সুইমিং ক্লাস হতো কলেজ থেকে প্রায় এক কিলোমিটার দূরের নির্জন কোন পুকুরে। ছাত্রদের অনুশীলন শেষে প্রতি দুজনে একটা কম্পিটিশন হতো। পুকুরের একপ্রান্ত থেকে শুরু, অন্য প্রান্তে শেষ এবং পুকুর ছেড়ে উপরে উঠে পরতো। ছাত্র সংখ্যা থাকতো পঞ্চান্ন। চুয়ান্ন জনের পরে,শেষের বারে একজন কম থাকতো। পঞ্চান্ন নম্বর একা কি করে? ওই ছাত্রের সঙ্গে ভোদু লাফিয়ে জলে নামলো, মাথা ভাসিয়ে সামনের দিকে এগিয়ে গিয়ে একেবারে সোজা পুকুরের অপর প্রান্তের পাড়ে উঠলো,গা ঝাড়া দিয়ে জল পরিষ্কার করে নিয়ে আবার ছাত্রদের সঙ্গে নিজেদের ডেরাতে ফিরতো।

একদিন এক সাংঘাতিক ঘটনা ঘটলো। ছাত্ররা যাবে প্র্যাক্টিস টিচিং, প্রায় ১৭-১৮ কিঃমিঃ দূরে,পলশন্ডা। কলেজ থেকে পায়ে হেঁটে প্রায় দু কিঃমিঃ গিয়ে জনবহুল বাসস্ট্যান্ড। সেখান থেকে লোকাল বাসের ছাদে সব সরঞ্জাম তুলে নিয়ে পৌঁছাতে হতো। একদিন বাসস্ট্যান্ড থেকে রওনা দিয়ে বেশ কয়েক কিলোমিটার যাবার পর বাসের ছাদ থেকে দেখা গেল, রাস্তার পাশ দিয়ে ভোদু প্রাণপণে দৌড়াচ্ছে আর মাঝে মাঝে বাসের দিকে তাকিয়ে দেখে নিচ্ছে। প্রথম কয়েক মিনিট পরে সম্বিত ফিরল এবং বুঝতে কোন অসুবিধাই হল না, ও আমাদের ভোদু। বাস থামানো হলো, ছাদ থেকে ছাত্ররা নেমে এসে ভোদুকে তুলে নিলো। সে এক সাংঘাতিক ব্যাপার। নানান আলোচনা, বিশ্লেষন যে ভোদু একা বাসস্ট্যান্ডে আসলো কি করে? বাসস্ট্যান্ডের ভিড়ে ও কি করে বুঝলো কোন বাসে সকলে যাচ্ছে? তখন ও কোথায় ছিল? শহরের মধ্যে থেকে বেরোলো কি ভাবে? ইত্যাদি ইত্যাদি।

তারপর থেকে ভোদু প্রতিদিন টিচিংয়ে যেত। ফাইনাল টিচিংয়েও যেত, পিকনিকেও যেত, সব কাজে ও থাকতো ছাত্রদের সঙ্গে, কখন যে ভোদু ছাপ্পান্ন নং ছাত্র হয়ে উঠেছিল, তা আজ বলে শেষ করা যাবে না। ওর নিয়মানুবর্তিতা,সময় জ্ঞান, শৃঙ্খলা বোধ বলে শেষ করা যাবে না ভোদুর গুণের কথা। বছর শেষে ছাত্ররা যখন বাড়ি চলে যেত, ওর সে যে কি ব্যস্ততা, না দেখলে বোঝা যাবে না ওর বিয়োগ ব্যথা। নতুন ছাত্ররা এসে গেলে ও আবার নতুন করে পুরনো অভ্যাসে ফিরে যেত। পুরনো ছাত্ররা যখন আসতো এবং একবার নাম ধরে ডাকতো সে,এক দৃশ্য। এক সময় ওর দায়িত্বে থাকা পঙ্কজ (পুরনো ছাত্র)এসেছিল সার্টিফিকেট নিতে। দুপুরের ক্লাস শেষে ছাত্ররা ক্লাস রুম থেকে বেরিয়ে আসছে,পঙ্কজ ঢুকছে ক্লাসে স্যারের সঙ্গে দেখা করতে। একবার ডাকলো ভোদুর নাম ধরে, চোয়াল দুটো তার এমন ভাবে কাপতে শুরু করলো যেন থামেই না, এ কি রকম এক্সপ্রেশন, ভাষাতে প্রকাশ করা যাবে না।পঙ্কজ জড়িয়ে ধরতেই থামলো ওর কাপুনি। ও মানুষ নয় তো, ও বলতে পারে না কিন্তু অভিমানের প্রকাশে কোন পার্থক্য নেই।

যাইহোক, প্র্যাক্টিক্যাল ক্লাসে মাঠের মধ্যে পাড়ার ছেলেরা ঢুকে পড়তো, আর ক্লাসের মধ্যে ঢুকে পড়লে ভোদু কামড়ে দিত, সে কথা আগেই বলেছি। ভোদুর কামড় খেতে খেতে পাড়ার ছেলেদের অনেকেই ওর শত্রুতে পরিণত হলো। কারো কারো একেবারে চক্ষুশূল হয়ে উঠলো। ভোদুর কামড় খাবার পরে তাদের রাগ কমানোর জন্য মধ্যস্থতার মাধ্যমে,কখনো ভোদুকে দেওয়া এন্টি রাবিশ ইনজেকশন দেবার কাগজ দেখিয়ে,কখনো ইনজেকশনের পয়সাও দেওয়া হতো। কিন্তু, ভোদু জানতেই পারলো না যে,ওর এই কর্মতৎপরতা তাঁকে কতখানি বারুদের উপরে দাঁড় করিয়ে দিল! পাড়ার ছেলেরা নানা ভাবে চেষ্টা করতে লাগলো ওকে তাড়ানোর জন্য। স্থানীয়রা, ভোদু আর তার ছাত্রবন্ধুদের সঙ্গে কিছুতেই পেরে উঠছে না। একদিন ছাত্ররা বাইরে গিয়েছিল অফিসিয়েটিং করতে। ক্যাম্পাস প্রায় খালি। পাড়ার ছেলেদের হয়ে একটি ছেলে যে বাউন্ডারি লাগোয়া বাড়িতেই থাকতো সে, ক্যাম্পাসে ঢুকে হোস্টেলের ডাইনিং এর কাছেই কি যেন করছিল । যেখানে ভোদুও ছিল। বাইরে থেকে ছাত্ররা ভিতরে ঢোকার মুখে দুএকজনের চোখে পড়ে যায় বিষয়টা। এগিয়ে গিয়ে দেখলো একটি রসগোল্লা পড়ে এবং ভোদু তা শুঁকে দেখছে। বাইরের ছেলেটি একটু একটু করে পিছনের দিকে চলে যাচ্ছে। মনে হলো কিছু একটা? রব উঠলো ধর ধর। ধরা হলো বাইরের ছেলেটাকে। কি করছিলি ওখানে? দু একবার চেপে ধরতেই শিকার করলো যে সে রসগোল্লার মধ্যে বিষ মিশিয়ে ভোদু'কে খাওয়াতে এসেছিল।

"কারা পাঠিয়েছে তোকে?" ধমকালো কলেজের ছাত্ররা। উত্তরে পাড়ার বড় বড় ছেলেদের নাম বললো সে। যাইহোক, তাকে একটু কড়কে ছেড়ে দেওয়া হল।

পরের গল্প যা হবার তাই হলো, রং লেগে গেল, 'রাজার'-নীতির। ছাত্রদের ভবিষ্যতে কোথায় যেন একটু নাড়া লাগতে শুরু করলো। কোন রকমে বিষয়টা সেবারের মতো থামানো হলো!

কিন্তু মনে হলো ঠিক হচ্ছে না!
আবার একটা বছর শেষ হল। ছাত্ররা বাক্স প্যাটরা নিয়ে তৈরি। ভোদুও সাংঘাতিক ব্যস্ত। একে একে ছাত্ররা বেরিয়ে যাচ্ছে। ভোদুও যথারীতি তাদের বিদায় জানাচ্ছে! হঠাৎ একটা অ্যাম্বাসেডর গাড়ি ঢুকলো। অরুণ নামের একটি ছাত্র উঠলো সেই গাড়িতে। ভোদুও দৌড়ে তাঁকে ফেয়ারওয়েল দিতে ছুটল। আর দু'একজন ছাত্র ধরাধরি করে সেই গাড়িতেই তুলে দিল ... ভোদু'কে!

ভোদু ভাবলো এ হয়তো নতুন কোন কাজে যাওয়া। পরিচিত ছাত্রদাদা থাকায় সে তেমন আপত্তি করলো না। গাড়ি চললো নদীয়া জেলার শেষ প্রান্ত করিমপুরে। আসলে এটা ছিল ভোদুকে বাঁচানোর একটা প্ল্যান! ভোদু থাকবে অরুনের বাড়িতে। একেবারে রিটায়ার্ড লাইফ। অর্থাৎ ফোর্স রিটায়ারমেন্ট এ পাঠানো হলো - ভোদু'কে।

বাড়ি চলে যাবার পরে অন্য সকল ছাত্র একবার হলেও কলেজে আসতো , সার্টিফিকেট নেবে বলে। কিন্তু, 'ভোদু ' আর কোন দিন ফিরে আসেনি।

তাঁর না-লেখা সার্টিফিকেট'টি আজও পড়ে আছে ইউসিটিসি বিপিএড কলেজের ক্যাম্পাসে, প্রতিটি ঘাসে, প্রতিটি ঘরে, প্রতিটি কোণায়!

ভোদু কি আর ফিরে আসবে কোনদিন? ...একবার, অন্ততঃ সেই না-লেখা সার্টিফিকেটটার জন্য?

...মনে আসে, অনেক প্রশ্ন ...!!!

---

*"Stay away from those people who try to disparage your ambitions. Small minds will always do that, but great minds will give you a feeling that you can become great too."*

**— Mark Twain**



***About the author:*** *Dr. Rajarshi Kar is a young, energetic and promising teacher in the field of physical education who has unique interest in several areas. He is working as Assistant Professor in Physical Education in State Institute of Physical Education for Women, Hastings House since his joining in higher education in WBES in 2016. He is an expert teacher for the subject of physical literacy, sports psychology, athletics, weight training etc. Environment is another area where he steps in with great sincerity and keep his footprint on several modes. This writing is his approach for sustainable development of environment through the medium of sports.*

# Environmental Sustainability in Sports: A Game-Changer for a Greener Future

Rajarshi Kar

In recent years, the global sports industry has undergone a transformative shift toward environmental sustain ability. Traditionally characterized by energy-intensive events and resource-heavy infrastructure, the sporting world is now recognizing the need to address its environmental impact.

One pivotal area of focus is the carbon footprint of major sporting events. The numbers are striking: the carbon emissions generated by events such as the Olympic Games and the FIFA World Cup are substantial. According to a report by the Stockholm Environmental Institute, the 2016 Rio Olympics produced an estimated 2.1 million metric tons of CO2 emissions, primarily due to transportation, venue construction, and energy consumption. Recognizing the urgency of this issue, event organizers are now implementing measures to offset emissions through reforestation projects and renewable energy investments.

Stadiums, once symbols of excess energy consumption, are now becoming showcases for sustainable design and technology. Many venues are incorporating renewable energy sources, such as solar panels and wind turbines, to power their facilities. The Mercedes-Benz Stadium in Atlanta, host to Super Bowl LIII, boasts a 680,000 square feet solar canopy and LED lighting, resulting in a 29% reduction in energy use compared to traditional stadiums. The shift toward sustainable infrastructure is not only reducing the ecological impact but also setting an example for other industries to follow suit.

Water conservation is another critical aspect of environmental sustainability in sports. According to the Green Sports Alliance, a collaborative movement of sports teams, leagues,

and venues, the average 18-hole golf course can use up to 312,000 gallons of water per day. Recognizing this, golf courses around the world are adopting water-efficient technologies and sustainable landscaping practices to minimize their water consumption. The Augusta National Golf Club, host of the prestigious Masters Tournament, reduced its water usage by 25% through a comprehensive irrigation system upgrade.

Beyond the physical infrastructure, sports apparel and equipment contribute significantly to environmental degradation. The sportswear industry is notorious for its reliance on synthetic materials derived from fossil fuels. However, there is a growing trend toward eco-friendly alternatives. For instance, Adidas has committed to using only recycled polyester in its products by 2024, a move expected to save 40 tons of plastic annually. Additionally, companies like Patagonia are promoting the use of recycled materials in outdoor gear, contributing to a circular economy that minimizes waste.

One of the most visible aspects of the sports industry is the massive scale of its viewership. Major sporting events attract billions of viewers globally, presenting a unique opportunity to raise awareness about environmental issues. The United Nations Environment Programme estimates that the 2018 FIFA World Cup reached over 3.5 billion people through various media platforms. Harnessing this vast audience, organizations are leveraging sports as a platform to promote environmental awareness and sustainability initiatives. The NHL Green initiative, launched in 2010, focuses on promoting sustainable practices and has resulted in the planting of over 2,500 trees, offsetting thousands of tons of CO2 emissions.

**Tokyo Olympics and Environmental Sustainability:**

The sporting event that must be mentioned in relation to best practices in environmental sustainability is Tokyo Olympics, 2020. The event held in 2021 due to the global pandemic, marked a significant milestone not only in the world of sports but also in terms of environmental sustainability. The event, which brought together athletes from around the globe, showcased a commitment to hosting the Games with a focus on minimizing the ecological footprint.

Tokyo Olympics aimed to achieve carbon neutrality, a commendable goal given the typical environmental impact associated with hosting such a massive sporting event. The organizers focused on reducing emissions through energy-efficient technologies and the use of renewable energy sources. According to official reports, the Games achieved a 98% carbon offset, making it one of the most environmentally friendly Olympics to date.

The construction of sustainable venues and infrastructure was a key aspect of Tokyo's commitment to environmental responsibility. Existing structures were repurposed, and new buildings were designed with eco-friendly materials and energy-efficient features. Notably, the Olympic Village incorporated sustainable practices, including rainwater harvesting and green roofs, contributing to the overall environmental resilience of the event.

Tokyo Olympics organizers implemented robust recycling and waste management systems to minimize the impact on landfills. Facts reveal that the event aimed for a 99%

recycling rate of items used during the Games. Public awareness campaigns were also conducted to encourage spectators and participants to adopt responsible waste disposal practices.

Efforts were made to protect and enhance local biodiversity in and around the Olympic venues. Tokyo 2020 collaborated with environmental organizations to ensure the conservation of natural habitats and the planting of native flora. This not only contributed to the visual appeal of the Games but also supported the local ecosystem.

Japan's commitment to water conservation was evident throughout the Olympics. Water-saving technologies were implemented in various venues, and initiatives were undertaken to raise awareness about responsible water use. The Tokyo Aquatics Centre, for instance, featured advanced water recycling systems, contributing to a reduction in overall water consumption.

The Tokyo 2020 Medal Project demonstrated a unique approach to sustainability. The medals awarded to athletes were made from recycled electronic waste, including discarded smartphones and laptops. This innovative initiative not only reduced the environmental impact of e-waste but also symbolized the importance of recycling in everyday life.

In conclusion, the integration of environmental sustainability into the sports industry represents a paradigm shift that is reshaping the way we view and engage with athletic events. As the world continues to grapple with environmental challenges, the sports industry's commitment to sustainability serves as a beacon of hope, inspiring positive change on a global scale. The Tokyo Olympics set a positive precedent for future host cities, emphasizing the importance of integrating environmental sustainability into the planning and execution of major sporting events. The success of Tokyo 2020 serves as a model for balancing the thrill of international sports competition with a responsible approach to the planet's well-being, leaving a green legacy for future generations. As the world looks ahead to future Olympics and major sporting competitions, Tokyo 2020 stands as a shining example of how sports and environmental responsibility can go hand in hand, leaving a positive impact on both athletes and the planet.

---

*"The man who does not read books has no advantage over the one who cannot read them."*

**—Mark Twain**



***About the author:*** *Dr. Gopa Saha Roy is an ideal teacher of Physical Education. At present, she is working as Associate Professor and HDO, Dept. of Physical Education, University of Burdwan. She also extended her service as coach and sport manager. In the present writing she share her experience as a coach & mentor to prepare and promote an athlete and directed him how to overcome all Barreiros in the path of Success.*

# Karna's Journey To Success

**Gopa Saha Roy**

A coach's duty doesn't end at just training a player throughout the year, it's equally essential to keep the player motivated. An incident depicting the same happened in front of my eyes in Khelo India Athletics event 2022. Karna Bag, a 400 mtrs hurdles runner bagged a silver not only because of his tremendous talent and potential but also because of the motivational forces all around him.

Khelo India in itself is a national level grand event with the cream of the lot of players in the country. So it is understandable how difficult the journey must be but surely a fruitful one. Before reaching Khelo India each player has to reach two milestones. Throughout the East India Championship I was glad to be Karan's coach and mentor for sure but at the same time I had to be his friend and philosopher. He got third place in that stage but surely he could do even better and as a coach I knew in my heart of heart that he needed a confidence boost to push his limits and keep him going. To our certitude, he overcame the next milestone of All India Inter University and qualified for Khelo India. But it is not as simple as it looks. He had severe fever, headache and body pain. Besides medicines, I did all I could in my power to take care of him but the most important factor was motivation and will power. We must keep in mind it is always mind over matter. So as a coach, I motivated him and guided him as much as I could because it is essential for the player to believe in himself and also to know that the people around him believes in him as well.

This time for Khelo India I knew we needed to push even harder. So I took care of every small detail, be it train bookings, homemade healthy food, disciplined attitude, concentration and

focus exercises, inspiring him with the previous years victory stories, learning techniques, relaxation methods and so on.

When the final event day came, he was anxious because he got lane 1 which is not a very easy lane for athletes. I encouraged him and reminded him of all his loved ones who believes in him, making his mother's dreams true, proving himself to all his coaches and most of all surpassing all limitations that are just in your mind. I also will help him with monetary requirements. He shook his hand with me and took my blessing before entering the track, then in the next few minutes he ran like the bullet and he not only made us proud but etched a memory in our minds and hearts that we will forever cherish. There must be many other sports persons proving themselves every single day all around the world but you see not all get to have biographies made for them. So this is my earnest attempt to pen one such story of an incredible talent.










*"Education is the most powerful weapon which you can use to change the world."*

**– Nelson Mandela**



**লেখক পরিচিতি :** ডঃ কৃষ্ণা রায় কর্মজীবনে ছিলেন বেথুন কলেজের অধ্যক্ষা। তারও আগে তিনি ছিলেন সিস্টার নিবেদিতা সরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষা। দ্বায়িত্ব সামলেছেন পশ্চিমবঙ্গ সরকারের অতিরিক্ত শিক্ষা-অধিকর্তার। অবসর জীবনে তিনি হয়ে উঠেছেন প্রথিতযশা লেখিকা। তাঁর লেখার বিষয় সবসময়ই সতন্ত্র। নারীদের জীবন থেকে বিজ্ঞানের অলিন্দে তাঁদের সফল বিচরণ সবই তাঁর লেখার অন্যতম উপাদান।

## ভারতের প্রথম পুস্তক গ্রামে একদিন

কৃষ্ণা রায়

২০২২ সালের মে মাসে, পুণা যাচ্ছি শুনে সত্তর অতিক্রান্ত বিশিষ্ট মারা্ঠীভাষী লেখিকা সুমতী যোশী টেলিফোনে বললেন, ওখানকার পুস্তক - গ্রামে গেছেন ? না গিয়ে থাকলে একবার অবশ্যই যাবেন। এখানে আমার মারাঠী অনুবাদে অনেক বাঙালি লেখকের বই দেখতে পাবেন।

কথা দিলাম, নিশ্চয় যাব। যাত্রাপথে সঙ্গী হল পুণাবাসী কন্যা আর জামাই, যারা এ গ্রাম সম্পর্কে নেহাত-ই অজ্ঞ। শুধু গাড়ির ড্রাইভার বলল, আপনারা ভিলারগাঁও যাবেন তো ? ঠিক পৌঁছে দেব।

মহারাষ্ট্রের সাতারা জেলার এক ছোট্ট-গ্রাম এই ভিলার। দূরত্ব পুণা থেকে প্রায় ১০৭ কিলোমিটার। পুণার জনবহুল রাস্তা পেরিয়ে আমরা এন.এইচ ৪৮ ধরলাম। দূরে সহ্যাদ্রি পাহাড়ের আঁকাবাঁকা ঢেউ, রোদ ভাসা পথের দুপাশে চোখ জুড়ানো সবুজের সমারোহ, মাঝে পড়ল সুদৃশ্য খান্ডালা জনপদ। পঞ্চগণি-মহাবালেশ্বর রোড ধরে গাড়ি এগোচ্ছে। মনোরম পাহাড়ি জনপদ পঞ্চগণি পেরোতেই ড্রাইভার বলল, আর মাত্র ৭ কিলোমিটার। এরপরেই ''পুস্তক গ্রাম''।

পিচ-ঢালা বড় রাস্তা ছেড়ে কিছুটা কাঁচা রাস্তা পেরিয়ে গ্রামে ঢুকলাম। শান্ত পাহাড়ি গ্রামটি ব্রিটিশ আমল থেকে স্ট্রবেরির চাষের জন্য বিখ্যাত। এখন গ্রামের পরিচিতি - মারাঠী ভাষার ''পুস্তকঞ্চ গাঁও''। গড়ে উঠেছে মহারাষ্ট্র সরকারের শিক্ষামন্ত্রী আর রাজ্য মারাঠী বিকাশ সংস্থার উদ্যোগে, ২০১৭ সালের ৪ঠা মে। গুণী শিল্পীরা গ্রামের বিভিন্ন স্থানে ছবি এঁকে গ্রামের নান্দনিক মাহাত্ম্য বাড়িয়ে দিয়েছেন।

আমাদের করিতকর্মা ড্রাইভার উপদেশ দিল, হেঁটে সারা গ্রামটি ঘুরে দেখতে। গ্রামে ঢোকার মুখে মূল অফিস থেকে পাওয়া গেল ম্যাপ, যেখানে বিষয়বস্তু অনুযায়ী প্রতিটি ধরণের বই-সংগ্রহশালার জন্য নির্দিষ্ট নম্বর আছে। কবিতা, উপন্যাস, ইতিহাস, বিজ্ঞান, ধর্ম-সম্বন্ধীয়, শিশু-সাহিত্য, স্ত্রী-সাহিত্য, লোক-সাহিত্য, পরিবেশ, জীবনী, আত্মজীবনী, অনুবাদ, দেশপ্রেম, শিবাজী বিষয়ক, কত ধরণের সংগ্রহ-শালা। পঁয়ত্রিশটি নির্দিষ্ট জায়গায় ৩৫,০০০ বই, জড়ো হয়েছে।

মারাঠী বই-ই বেশি, ইংরাজী বইও আছে বেশ কিছু। নিখরচায় গোগ্রাসে বই পড়তে ভালবাসলে, এই গ্রামের জুড়ি নেই। বড় রাস্তা থেকে গ্রামে ঢুকে প্রায় দু কিলোমিটার পথ জুড়ে বেশ কয়েকটি বাড়ি, দুটি স্কুল, কয়েকটি লজ, তিনটি মন্দির রয়েছে বই-সংগ্রহশালা। এই গ্রামের জন্ম হয়েছে ব্রিটেনের ওয়েলশ অঞ্চলের ''হে অন ওয়াই'' গ্রামের এক বই ভান্ডারের অনুকরণে। ২০১৯ সালে এ গ্রামকে মহারাষ্ট্র সরকার ভারতের প্রথম ''পুস্তক-গ্রামের'' মর্যাদা দিয়েছে। স্বীকৃতি পেয়েছে ইউনেস্কো ও অন্যান্য বহু সংস্থা থেকে।

এ গ্রাম বাংলার দরিদ্র কোন গ্রাম নয়। পাকা বাড়ি অধ্যুষিত আধুনিক জনবসতিতে মারাঠী ভাষার সম্প্রচারের জন্য নেওয়া হয়েছে এক সফল সরকারি উদ্যোগ। গৃহস্বামীরাও খুব আন্তরিক। কোথাও শুধু চেয়ার টেবিল আছে, কোথাও সোফা, এক শয্যার বিছানা, তামার জল পাত্র ও গেলাস। বেশ কয়েকটি বাড়ি ঘুরে কিছু বাঙালি লেখকের মারাঠী অনুবাদ চোখে পড়ল। সেখানে আছেন শরদিন্দু, সুনীল গঙ্গোপাধ্যায়, মহেশ্বতা দেবী, তসলিমা, আরো কতজন। আমাদের রাজ্যে কেন যে এমন হয়না ! আমরা আমাদের পরের প্রজন্মকে শেখাতে পারিনি এভাবে মাতৃভাষাকে ভালোবাসতে।

স্থানীয় মানুষের সঙ্গে আলাপে জানলাম, গ্রামের লোক এখন খুব বই পড়ে, বিকল্প রোজগারের সুযোগ পাচ্ছে। অল্প খরচে হোম-স্টে -তে এসে নিশ্চিন্তে বই পড়ার আর শান্তিতে কয়েকদিন পাহাড়ি গ্রামে থাকার সুযোগ পাচ্ছেন বহু পর্যটক। গ্রামের রাস্তায় সাইন-বোর্ড তাই সোচ্চারে ঘোষণা করছে, ''Enjoy books as you eat strawberries''।

পুণা বা মুম্বাই বা সাতারা স্টেশন থেকে বাস, ক্যাব্, ট্যাক্সিতে আসা যায় এই গ্রামে। তবে গ্রামে যাবার আগে অবশ্যই কিছু বই সঙ্গে নিতে হবে। উপহার দেওয়ার জন্য। একটি সুন্দর সাংস্কৃতিক উত্তরণের যাত্রায় ভ্রমণ-পিপাসুদের এইটুকু ভূমিকা যেন থাকে। তবে না বেড়ানো সার্থক হবে।



***About the Author:*** *Dr. S. K. Ganguli is a well known personality of Yoga throughout the India. Though he born at West Bengal, but he established himself and spent his professional life at outside of Bengal. He was a successful teacher of Yoga and extends his teaching life as Principal at G. S. College of Yoga and later on as C. S. in the Kaibalyadhama Yoga Institute, Lonavala, Maharastra, India. He writes many books on Yoga in Bengali and English for the students of Yoga. In his present writing he focuses on the therapeutic use of Yoga. Interested readers may communicate with him through his e-mail: s_k_ganguly@yahoo.co.in*

# অবসাদ, স্বাস্থ্য ও যোগথেরাপী

এস.কে. গাঙ্গুলী

**সারাংশ -**

অবসাদের আভিধানিক অর্থ হলো, প্রাণশক্তির ঘাটতি বা চরম হতাশা, যোগের ভাষায় এটা মানসিক জড়তা। কুরুক্ষেত্র যুদ্ধে শ্রী অর্জুনের একইরকম মানসিক অবস্থা হয়েছিল। পরিসংখ্যানগত তথ্য অনুযায়ী দেখা যায় যে আমাদের মধ্যে ১/৪ – ১/৩ অংশের জীবনে অন্তত একবার অবসাদ দেখা দিয়েছে। মানসিক চাপযুক্ত জীবনযাত্রায় যে কোন ব্যক্তির অবসাদের ঝুঁকি থাকে। সাধারণত দেখা গেছে বিবাহ বিচ্ছিন্ন মানুষ অবসাদগ্রস্ত হবার দিকে অনেক এগিয়ে। সুন্দর পারিবারিক সম্পর্ক ভাল বন্ধু অবসাদ গ্রস্ত হয় না। থাইরয়েড গ্রন্থির ক্ষতির অর্থ হলো অকাল বার্ধক্য। পিটুইটারি গ্রন্থিও আবেগের কারণে ক্ষতিগ্রস্থ হয়। ডা: সাযোয়াস বলেছেন সমস্ত শক্তিশালী আবেগ এই গ্রন্থিকে আঘাত করে। পুরুষদের ক্ষেত্রে এই আবেগ বরাবরের মত পুরুষত্বহীনতার কারণ হতে পারে। যাই হোক আবেগ ক্ষতিকারক – ভালোবাসা, রাগ, অতিরিক্ত আসক্তি, ঘৃণা, শত্রুতা, বিরক্তি, ভয়, দুঃখ খেদ, লজ্জা, দয়া এই সমস্ত আবেগগুলি কোন না কোন ভবে সময়ান্তরে এক জনকে শেষ করে দিতে পারে। সুতরাং আবেগ সার্বিক ভাবে স্বাস্থ্যের গুরুতর বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে। গ্রন্থিতন্ত্রের মধ্যে থাইরয়েড গ্রন্থি আবেগজনিত মানসিক অবসাদের কারণে ক্ষতিগ্রস্থ হয়। এই গ্রন্থি শরীরকে বিষের হাত থেকে রক্ষা করে। মানসিক দ্বন্দগুলি আবেগ প্রসূত –আসন, প্রাণায়াম, শিথলীকরণ, ধ্যান, মন্ত্র আবৃত্তি ও ক্রিয়াযোগের মত কিছু অনুশীলন, সামঞ্জস্যপূর্ণ অবস্থা (সমাধি ভাবনা) ফিরে পেতে সাহায্য করে । যদি আবেগগুলিকে সময়মত নিয়ন্ত্রণ না করা যায় এগুলি শেষ পর্যন্ত হতাশার দিকে ঠেলে দেয়, যা প্রাণ নাশক শক্তি। যার ফলে অবসাদ, অস্বাচ্ছন্দ, অসুস্থতা (ব্যাধি) হতে পারে। অতএব জীবনশৈলী পরিবর্তন কর। ধ্যানের ভঙ্গী শারীরিক অস্বাভাবিকতাকে হটিয়ে দেয়। ধ্যানের জন্য শান্তিপূর্ণ পরিবেশ স্থির করা দরকার যা শান্তিপূর্ণ অবস্থার সহায়ক।

**মুখ্য শব্দ :** অবসাদ, আবেগ, অস্বাচ্ছন্দ, অসুস্থতা (ব্যাধি), আসক্তি, ঘৃণা, শত্রুতা, বিরক্তি, ভয়, দু:খ, খেদ, থাইরয়েড গ্রন্থি, পিটুইটারি গ্রন্থি, হতাশা, জীবনশৈলী, আসন, প্রাণায়াম, শিখলীকরণ, ধ্যান, মন্ত্র আবৃত্তি ও ক্রিয়াযোগ, স্বাস্থ্য ও যোগথেরাপী।

**ভূমিকা -**

অবসাদের আভিধানিক অর্থ হলো প্রাণশক্তির ঘাটতি বা কার্যক্ষমতা কমে যাওয়া অথবা চরম হতাশা। এটা দুঃখের অনুভূতি - কুরুক্ষেত্রে রণাঙ্গনে শ্রী অর্জুনের একই অনুভূতি হয়েছিল। সংস্কৃতে বলা হয় কিংকর্তব্যবিমূঢ় এর অর্থ হলো

পরিস্থিতি অনুযায়ী কি করা উচিৎ বা উচিৎ নয় ঠিক করতে না পারা। এটা চিত্ত বিক্ষেপ (মন ও শরীর বৃত্তীয় অসুবিধা) একটি দ্বন্দমূলক[৩] অবস্থা। যোগের ভাষায় একে বলে মানসিক জড়তা। এইসময়গুলিতে কমবয়সীদের মধ্যে সবচেয়ে বেশী আত্মহত্যার[৫,৮] প্রবণতার বড় কারণ অবসাদ। এটা সাধারণ ঠান্ডা লাগার মত। "হু" (WHO) এর মতে এটা সংক্রমণ ও হার্টের সমস্যার পরই তৃতীয় স্থানে আছে। সাধারণ চিকিৎসকেরা ১০ জনের মধ্যে ৪ জনের ক্ষেত্রেই বার বার এই রোগ নির্ধারণ করে থাকেন। সাধারণত আমাদের প্রত্যেকের মধ্যেই এই সম্ভাবনা থাকে। সামান্য বুদ্ধি সম্পন্ন কোন ব্যক্তিকেও এই সম্ভাবনার মুখোমুখি হতে হয়। পরিসংখ্যান অনুযায়ী আমাদের মধ্যে ১/৪- ১/৩ অংশকেই সারা জীবনে কোন না কোন সময়ে অন্তত একবার এই রোগের শিকার হতে হয়। প্রত্যেক তৃতীয় মহিলা এবং পঞ্চম পুরুষকে অন্তত একবার এর মধ্য দিয়ে যেতেই হয়। অবসাদের নানারকম কারণ হতে পারে, গভীর চাপের মধ্যে থাকা কোন ব্যক্তি অবসাদগ্রস্ত হবার বড় ঝুঁকির মধ্যে থাকেন।

**অবসাদের কারণ[৩] যেমন:**

রাসায়নিক কারণ –আমাদের শরীরে নিউরোট্রান্সমিটার রয়েছে। এরা রাসায়নিক দূতের কাজ করে, যেগুলি আমাদের মস্তিস্কে ও স্নায়ুতে সংকেত পাঠানোর সূক্ষ্ম ভূমিকা পালন করে। মস্তিষ্কের মধ্যে নরঅ্যাড্রেনালিন ও সেরোটোনিন জাতীয় নিউরোট্রান্সমিটারের স্তর কমে গেলে অবসাদ দেখা দেয়। মস্তিষ্কের মধ্যে এই ধরণের রাসায়নিকের স্তরকে বাড়ানো এই রোগের চিকিৎসায় সাহায্যকারী।

বংশগত কারণ— এই রোগ পরবর্তী প্রজন্মেও সঞ্চারিত হয়। দেখা গেছে যে এক ভাই বা বোনের অবসাদ রোগ অন্য ভাই-বোনদের মধ্যেও অবসাদগ্রস্ত হওয়ার সম্ভাবনা বাড়িয়ে দেয় ।

হরমোনাল – যদিও সঠিক প্রক্রিয়া জানা যায় নি, কিন্তু স্ত্রীজনন হরমোনগুলি অবসাদের কারণ হয়। এমনকি রোগ ঋতুবন্ধের পর ও সন্তান প্রসবের পরেও হতে পারে।

শারীরবৃত্তীয় কারণ - সর্বদাই দুঃখের অনুভূতি- এটা বিষাদ যোগ। এটাকে বলে বিপর্যস্ত ব্যক্তিত্ব, যা কুরুক্ষেত্রের রণাঙ্গনে শ্রীঅর্জুনের হয়েছিল। এই ধরণের ব্যক্তিত্বের অবসাদগ্রস্ত হবার সম্ভাবনা খুব বেশি। যে অতি উচ্চাকাঙ্খী, উদ্বিগ্ন ও বাতিক প্রস্ত এবং যে জীবনে খুব উঁচু লক্ষ্য স্থির করে নিয়েছে তার এই রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা খুব বেশি। বেশি আবেগ তাড়িত, আগ্রাসী এবং আত্মকেন্দ্রিক মানুষ এই সমস্যার শিকার হন। সুতরাং মানুষের আশামুখী হওয়ার চেয়ে অর্জনমুখী হওয়া উচিত ।

সামাজিক কারণ - সমাজে বনিবনা না হওয়া, চাপযুক্ত জীবনযাত্রা অবসাদের কারণ। একাকী কোন মানুষ এই রোগে আক্রান্ত হবার দিকে এগিয়ে। অধিকন্তু এটা দেখা গেছে বিবাহবিচ্ছিন্ন মানুষ বেশি এই রোগের শিকার হন। নিজেদের মধ্যে ব্যক্তিগত সম্পর্ক অনেক বেশি অর্থবহ। ভাল পারিবারিক ও সামাজিক সম্পর্ক, বন্ধুত্ব এই পরিস্থিতি আটকানোর জন্য সদর্থক ভূমিকা নিতে পারে।

জৈবিক কারণ – অন্তঃক্ষরা গ্রন্থির সামঞ্জস্যের অভাব আমাদের আবেগের ক্ষতি করে। আবেগের সংজ্ঞা দেওয়া কঠিন। এটা এক ধরনের সংবেদনশীলতা। কোন না কোন সময়ে কে এই পরিস্থিতির শিকার হননি? প্রত্যেক মানুষের এই বিষয়ে অভিজ্ঞতা আছে। আবেগ এক ধরণের অনুভূতি ছাড়া কিছুই নয়। যত বেশি আবেগ তত বেশি প্রতিক্রিয়া - অন্য কথায় প্রতিক্রিয়া -আবেগের গভীরতার উপর নির্ভর করে। আবেগের পরিপূর্ণতার অর্থ হলো আবেগীয় স্থিরতা। আবেগ সব দিক

দিয়ে স্বাস্থ্যের ক্ষতি করতে পারে। গ্রন্থিতন্ত্রের মধ্যে থাইরয়েড গ্রন্থি সবচেয়ে বেশি আক্রান্ত হয়, আবেগজনিত মানসিক অবসাদের কারণে। থাইরয়েড গ্রন্থির অকার্যকারিতার অর্থ অকাল বার্ধক্য। পিটুইটারি গ্রন্থিও আবেগ দ্বারা আক্রান্ত হয়। ডা: সাযোয়াস বলে ছেন সমস্ত তীব্র আবেগ[৭] এই গ্রন্থিকে আঘাত করে। তীব্র আবেগের কারণে যৌনগ্রন্থিও স্থায়ী ভাবে ক্ষতিগ্রস্ত হয়, যেমন- আবেগজনিত ভয়ঙ্কর আঘাতের পর মাসিক হঠাৎ শুরু বা বন্ধ হয়ে যেতে পারে। পুরুষদের ক্ষেত্রে পুরুষত্বহীনতা দেখা দিতে পারে ।

আবেগের প্রভাব[২,৩] এত ক্ষমতা রাখে যা একজন মানুষকে চাপের মুখে কখনও ফেলে দিতে পারে। মহারাষ্ট্রের সন্ত তুকারাম একবার বলেছিলেন "আমি সবসময় আবেগের সঙ্গে লড়াই করে চলেছি"। যাইহোক আবেগ খুবই খারাপ। এটা ঠিক যেন বর্ষাকালের বৃষ্টি - যদি সময়মতো খাল কেটে বার ক'রে দেওয়া না যায় তাহলে ব্যক্তিত্ব ভেঙ্গে চুরমার হয়ে যাবে। রাগ, বিরক্তি, চরম হতাশা, অতিরিক্ত আকাঙ্খা, শত্রুতা, অস্বাভাবিক আসক্তি, ভয়, লোভ, ঘৃণা, হিংসা, ভালোবাসা, দয়া, খেদ ও লজ্জার মত আবেগ কোন না কোন ভাবে মানুষকে শেষ করে দেয়। ভগবদ্ গীতায় (১৬:২১) বলা হয়েছে[১] -রাগ, লোভ, ভালোবাসা এই তিনটি হলো ধ্বংসকারী শক্তি। এদের জন্য আভ্যন্তরীণ ক্ষরণ[৭] ক্ষতিগ্রস্ত হয়। এমনকি অকাল বার্ধক্য বা মৃত্যুও হতে পারে। সুতরাং আবেগ সার্বিকভাবে স্বাস্থ্যের গুরুতর ক্ষতি করতে পারে। মানুষের শরীরের বিভিন্ন তন্ত্রগুলির প্রভূত ক্ষতি হয়। অ্যাড্রেনাল গ্রন্থির অস্বাভাবিকতার কারণে রক্তসংবহন তন্ত্রের ক্ষতি হয় যা ধমনীকে শক্ত (আর্টারিও স্কেলেরোসিস) করে, ফলে উচ্চরক্তচাপ তৈরী হয় ।

প্রফেসর নাউনিন বলেছেন, ১৮৭০ সালে স্টাসবার্গে বোমা বিস্ফোরণের[৭] সময় উদ্বেগ ও ভয়ের কারণে বহু মানুষের মধ্যে ডায়বেটিসের জন্ম দিয়েছে। দেখা গেছে যে দুর্বল মানুষেরা সব সময় বিরক্ত থাকে, তারা প্রায় প্রতি ক্ষেত্রেই মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে, যা সুস্থ মানুষের মধ্যে দেখা যায় না। শয্যাগত কোন রোগী সেরে উঠে শয্যা ত্যাগ করলে অনেক উৎফুল্ল ও উজ্জ্বল দেখায়। মানুষের ভেতরকার দ্বন্দ্বগুলি আবেগপ্রসূত। যখন মনের মধ্যে দুটি চিন্তা সমান্তরাল ভাবে একই সঙ্গে বিচরণ করে তখন দ্বন্দ্ব তৈরী হয়। প্রত্যেকেই নিজের পরিতৃপ্তি চায়, কিন্তু একসঙ্গে দুই আকাঙ্খা পরিতৃপ্ত হওয়া কঠিন। একজন ঠিক করতে পারে না কি করা উচিত, কি উচিত নয়। এইসময় একটি গ্রহণ করা এবং অন্যটি ছুঁড়ে ফেলে দেওয়ার সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। এটাই আবেগের তীব্রতা[৯] কমাবে এবং মানসিক ও শারীরিক অস্বাভাবিকতাকে কমাবে। আসন, প্রাণায়াম, শিথিলীকরণ, ধ্যান, মন্ত্র উচ্চারণ ও ক্রিয়াযোগের মত কিছু অভ্যাস আরো বেশিভারসাম্য (সমাধি ভাবনা) আনতে সাহায্য করবে । যদি আবেগকে সময়মত নিয়ন্ত্রণ না করা যায়, এটা অবশেষে হতাশায়[৩] পৌঁছে দেবে যা প্রাণঘাতক। অসুস্থতা, অবসাদ, ও অস্থিরতার কারণে ব্যক্তিটি ধীরে ধীরে রোগগ্রস্ত হয়ে পড়বে। এই সবের কারণে ধীরে ধীরে স্বাস্থ্য নষ্ট হবে। সেজন্য সারা জীবন ধরে সুখ ও আনন্দকে সাধ্যের মধ্যে সীমিত রাখা উচিত। এখানেই সাংস্কৃতিক ভঙ্গিমার মত যোগ অনুশীলনের উপযোগিতা। এরা স্নায়ু ও অন্তঃক্ষরা গ্রন্থিকে প্রশিক্ষিত করে। ধ্যান শারীরতন্ত্রের অসামঞ্জস্যকে দূর করে।

**অবসাদের জন্য যোগ চিকিৎসা**[৫,৬] – দৈহিক ভঙ্গীমা ↔ দৃষ্টি ভঙ্গী ↔ আবেগ ↔ ব্যবহার ।
শেষপর্যন্ত আমাদের ব্যবহার অনুযায়ী দেহভঙ্গী পরিবর্তন হয়। যদি আমরা আমাদের দেহভঙ্গী সঠিক ও সামঞ্জস্যপূর্ণ করতে পারি তাহলে বহুদূর পর্যন্ত আমরা আমাদের আচরণকে নিয়ন্ত্রণ করতে পারবো। যারা চাপের মধ্যে থাকে তারা দেহ-অবস্থান গুটিয়ে রাখে, নির্দিষ্ট যৌগিক অনুশীলনের মাধ্যমে এগুলি ঠিক করা যায়। নীচের যোগাভ্যাসের তালিকার ভঙ্গীগুলি আচরণ - এর ধরণকে প্রভাবিত ও পরিবর্তিত করতে পারবে। আমরা যদি বিভিন্ন যোগ অনুশীলন লক্ষ্য করি তাহলে দেখব আসন, প্রাণায়াম, ধৌতি (মল- পরিষ্কারের) পদ্ধতিগুলি হল সুন্দর উপায়, যেগুলি সাধারণ শিক্ষায়[৫] কার্যকরী ভাবে ব্যবহার করা যায়। বস্তুত আসনের প্রসারণ নীতি পেশীর চাপ কমাতে সাহায্য করে। উদ্বেগ সৃষ্টিকারী মানসিক চাপকে নিয়ন্ত্রণ করতে একজনের মানসিক প্রস্তুতিও প্রয়োজন। জীবনধারা পরিবর্তন কর। শবাসন অথবা মকরাসন এবং প্রাণায়াম যেমন উজ্জায়ী, অনুলোম-

বিলোম— কুম্ভকের সঙ্গে, অনুশীলনের মাধ্যমে পেশীর উন্নতি ও স্নায়ুর শ্লথন করা যায় ।

**তালিকা**

১। ধ্যান[৪] – শান্তিপূর্ণ অবস্থার জন্য একটি নির্জন শান্তিপূর্ণ পরিবেশ বেছে নেওয়া দরকার।

২। ক্রিয়াযোগে অংশগ্রহণ - তপস, স্বাধ্যায় এবং ঈশ্বর প্রণিধান ( মন্ত্র উচ্চারণ, পূজা, হোম, গীতা, রামায়ণ, মহাভারত, পুরাণ, কোরাণ ইত্যাদি পাঠ)।

৩। সমস্ত নেতিবাচক অবস্থাকে ইতিবাচক ভাবে গ্রহণ করার চেষ্টা করা ।

**তথ্যসূত্র :**


১. দিগম্বরজী, স্বামী, (১৯৮৬), গীতা-লোচনা, রাজকোট : কৈবল্যধাম স্বাধ্যায় মন্দির, ১৬:২১, পৃ ১১৯.

২. দয়ানন্দ, স্বামী. (১৯৯০). টকস্ অন ইমোশনাল ম্যাচুরিটি, ঋষিকেশ ঃ শ্রী গঙ্গাধরেশ্বর ট্রাস্ট, পৃ ৭০.

৩. গাঙ্গুলী, এস, কে. (২০০০)। ইমোশন অ্যাণ্ড হেলথ্, গোল্ডেন জুবিলি স্যুভেনির, লোনাভলা : জি. এস কলেজ অফ যোগ অ্যাণ্ড সি. এস,পৃ ৬০-৬১.

৪. গাঙ্গুলী, এস, কে. (২০১২)। ধ্যান এবং মানসিক স্বাস্থ্য, স্যুভেনির, কোলকাতা : ন্যাচরোপ্যাথি এবং যোগ

৫. গাঙ্গুলী, এস, কে. (2012). যোগ এডুকেশন ফর ইয়ুথ, সংস্কারম্, দিল্লী: ঈশ্বর দয়াল কনসাল,পৃ৩৮-৪২.

৬. গাঙ্গুলী, এস, কে ও মূর্তি,এ.এম. (১৯৭৭). হাই লাইটস্ অফ্ যোগিক থেরাপী, যোগ, এলাহাবাদ:শ্রীকৃষ্ণ ভবন চ্যারিটেবল ট্রাস্ট, পৃ ৭৪-৮১.

৭. কৈবল্যানন্দ, স্বামী (১৯৯৩).৭ম-ইমপ্রেশন, আসন, বম্বে : পপুলার প্রকাশন, পৃ ২৬-৩৫.

৮. মহেশানন্দ, স্বামী ও অন্যরা, (2012). Management of Suicidal Tendency through yoga amongst Adolescent Students, যোগ মীমাংসা, Vol. XLIV, No. 3, পৃ 162-179.

৯. পেড্রো, ডি ভিসেন্ট (১৯৮৭), রোল অফ্ যোগথেরাপী ইন এ্যাংজাইটি, নিউরোসিস এন্ড ডিপ্রেশন, যোগ মীমাংসা, ২৬ : ৩ ও ৪, পৃ ১-১৪.

১০. http://www.medicalnewstoday.com/articles.



**লেখক পরিচিতি ঃ** মণিকা বিশ্বাস এই কলেজের মেট্রন হিসাবে বহুদিন কর্মরত। দৈনন্দিন কাজের পরিধির বাইরে তাঁর নিজস্ব জগৎ এবং ভাবনা নিয়ে তিনি লিখেছেন নিচের পদ্যটি। তাঁর এই প্রচেষ্টা সাধুবাদ যোগ্য।

## প্রেম

**মণিকা বিশ্বাস**

রাতের স্তব্ধতা আমায় আনন্দ দেয়
বেশ উপভোগ্য এই স্তব্ধতা।
খুব অবাক হচ্ছো তাই না! ভাবছো এ কেমন কথা?
তোমার মনের পরিবর্তন, মানসিক উন্নতি আমায় ভাবায়
মনে প্রশ্ন জাগে সত্যি কি আমি পারি?
জীবনের সফলতা আমি বিশ্বাস করি?
হারিনি কখনো জীবন যুদ্ধে? হারাতে চাই না কখনো?
তোমার কাল্পনিক ছোয়ার স্পর্শে হৃদয় দোলায়িত হয়।
মনে হয় জীয়ন কাঠির স্পর্শ।
তোমার ভালো লাগার মুহুর্তগুলো আমায় আনন্দ দেয়
তোমার অকপট স্বীকারোক্তিতে আমার ''মন'' খুশীতে ভরে ওঠে।
তোমার শ্বাস-প্রশ্বাস আমার অন্তরস্থলে অনুভূত হয়।
নিজের অজান্তে তোমাকে সঁপেছি আমার হৃদয়
একেই কি বলে প্রেম?
জানিনা, বুঝি না, বুঝতে চাই ও না
শুধু বুঝি তোমায় ভালোবেসেছি।



**লেখক পরিচিতি ঃ** আশিষ মাইতি এই কলেজের অন্যতম একজন শিক্ষাকর্মী। ছোট ছোট চারাগাছ থেকে সুন্দরতম নানারঙের ফুল ফোটানোই তাঁর কাজ। কলেজের মাঠ ও ক্রীড়া সরঞ্জাম সবকিছুরই রক্ষনাবেক্ষণ ও যত্ন তাঁর বৃহত্তর কাজ। তার মধ্যে লুকিয়ে থাকা এক লেখক সত্ত্বার আবিস্কার হল বর্তমান লেখাটি।

# আমার নাম পথ

**আশিষ মাইতি**

হ্যাঁ ঠিক ধরেছেন, পথ বলতে রাস্তা, আমার বিচরণ শুধু এ দেশেই নয় সমগ্র বিশ্বজুড়ে। কিন্ত এখানে আমি আমার জন্মভূমি আমার দেশের কথা বলছি, তাহলে বলতেই হয় সমুদ্র থেকে হিমালয়ের পাদদেশ পর্যন্ত চরম সহনশীলতা নিয়ে শহিত আমি, আমার নাম পথ এই পরিচয় নিয়ে।

ভাবুন তো নিত্যদিন কত সহস্র কোটি পথিক সহ যানবাহন আমার ওপর দিয়ে যে যার মতো গন্তব্যে যাত্রা করেন। কেউ সফল হন, কেউবা বিফল মনোরথ নিয়ে বাড়ী ফেরেন। জানেন কি আমাদের দেশে শখ করে আমার দুটো নাম রাখা হয়েছে? একটি হল রাজ্য সড়ক, আর একটি জাতীয় সড়ক, হ্যাঁ আমি যতদিন বেঁচে থাকিনা কেন আমার একবারই জন্মদিন পালন হয়। আমি রৌদ্রে পুড়ি, জলে ভিজি দিন রাতের পার্থক্য বুঝিনা।

এরপর আমার ওপর কখনো অবরোধ হয়, কখনও আগুন জ্বলে, কখনোও অবস্থান ধর্মঘট হয়, আবার কখনোও বা দাঙ্গা, হানা, হানি হয়। আবার কখনো দেখি অবলা নারী কিংবা নিরীহ কিশোরীদের সম্ভ্রম লুণ্ঠিত হয়। আমারই বুকের ওপর মানুষ রূপী কোন অসুরের দ্বারা। তখনো আমি নীরব নির্বিকার থাকি! নিজেকে প্রশ্ন করি কেন আমি পথ হয়ে জন্মালাম!

আবার যখন দেখি সভ্য শহরে সবার অলক্ষ্যে গৃহস্থ বাড়ির ছাদ কিংবা বারান্দা থেকে সারাদিনের অ-ব্যবহার্য্য নোংরা বস্তুগুলি একটি থলের মধ্যে ভর্তি করে আমার গায়ে ছুঁড়ে ফেলা হয় তখনো আমি নীরব নির্বিকার। জ্বালা হয় তখন, যখন কোন পশু পাখি সেই থলেটাকে ছিন্ন ভিন্ন করে সেই নোংরা আমার সারা গায়ে মাখিয়ে দেয়।

আবার কখনো দেখি রাতের অন্ধকারে কে বা কারা আমাকে তাদের পৈত্রিক সম্মত্তি ভেবে ইঁট, বালি, পাথর, মাটি আমার ওপর নির্দ্বিধায় জড়ো করে চলে যান, তখন ভাবি আমার আপন বলতে কেউ নেই, তাই বুঝি এই অত্যাচার!

আবার যখন দেখি কেউ বা কারোর দায়িত্বজ্ঞানহীণতার ফলে বড় দুর্ঘটনা ঘটে, তার মাশুল হিসেবে নিরীহ মানুষের প্রাণ যায়, তখনো আমি নীরব নির্বিকার, কারন আমি জানি আমাকে কেউ ভালোবাসেনা, আমাকে শুধু নিজেদের প্রয়োজনে ব্যবহার করে।

আমাকে মানুষজন নতুন নতুন ভাবে সৃষ্টি করে কিন্তু ধারাবাহিক যত্ন করেনা। এরপর আছে আমার চির শত্রুদের আক্রমণ যেমন - প্রাকৃতিক দূর্যোগ, জলচ্ছাস,ভূমিধ্বস, হড়পা বানে আমার হাত, পা, মজ্জা ভেঙ্গে গুঁড়িয়ে দেয়। কোথাও বা মাটির তলায় চাপা পড়ে যাই বেশ কিছু দিনের জন্য, তখন তো আমার দমবন্ধ হওয়ার জোগাড়। তখনও কিন্তু আমার কথা ভুলে সেইসব পথিকের কথা ভাবি, যারা একমাত্র আমাকেই ব্যবহার করে নিত্যদিনের রুটি রোজগার করেন।

আবার কখনোও স্বপ্নের মত কিছু বাস্তব ঘটনা দেখে বুকের ভেতরটা ব্যাথায় ভারাক্রান্ত হয়, যখন দেখি কোন স্বচ্ছল পরিবারের কুলাঙ্গার সন্তান অত্যাচার করে নিজের বাড়ি থেকে বৃদ্ধ-বৃদ্ধা মা ও বাবাকে বার করে দেয়, এই অজুহাতে তারা নাকি আধুনিক যুগে বেমানান। তখন সেই নিরাশ্রয় মানুষ গুলো অসহায় অবস্থায় আমার ওপর আশ্রয় নেন, তখন ভাবি এরাই নাকি আধুনিক সমাজে শিক্ষিত উপযুক্ত সন্তান? কিন্তু আমি যাদের আশ্রয় দিলাম, এরা তো কেউ আমার আত্মীয় বা পরমাত্মীয় ছিলেন না। তবু এই নিরাশ্রয় মানুষগুলোকে আমি নির্দ্বিধায় আশ্রয় দিই।

বর্তমানে আমি দুরারোগ্য মারণরোগে আক্রান্ত। সেই কারনে আমার সারা শরীরে বেশ কিছু অংশে মাংস খসে খসে পড়ছে, হাড়-পাঁজরা বেড়িয়ে পড়েছে। আমার এই করুণ অবস্থা দেখেও আমাকে রেহাই না দিয়ে নির্বিচারে আমার ওপর দিয়ে কোটি কোটি যানবাহন সহ নিজেদের স্বার্থ চরিতার্থ করার লক্ষ্যে সবাই অবিচল, না এবার তাদের উদ্দেশ্যে আমার নীরব প্রতিবাদ 'আমাকে একটু যত্ন নিন'।

অবশেষে বলি আগামীতে আসছে নবীন প্রজন্মের নবীন পথিক। আমি জানি তারা এর দৃঢ় প্রতিবাদ করবেই কারণ ততদিনে নবীন পথিক বুঝে যাবে মানুষের দুষ্কর্মের ফলেই পথের আজ এই দুর্দশা। সেদিন তাদের বজ্র কণ্ঠে উচ্চারিত হবে '' না আর না'' এখুনি বন্ধ হোক পথের ওপরে হওয়া এই অত্যাচারের অকথিত কাহিনী।

---

*"Success is peace of mind, which is a direct result of self-satisfaction in knowing you made the effort to become the best of which you are capable."*
**—John Wooden**

## ATHLETICS AND SPORTS COMPETITIONS



Athletic Champion Team with Trophy




State Athletic Meet 2023
Salt Lake SAI with Officials



SIPEW Athletics Team at SAI campus



Women's Foot ball Match
Prize Distribution




Tumpa Champion - Champion Women Athlete
on Podium at State Athletics Meet 2023



Sanchita Kar BPEd Sem-1 awarded 1st
Prize on National Yoga Competition

## Teachers'Day 2022



Celebration of Teachers Day - 2022



Celebration of Teachers Day - 2021



All Teachers of SIPEW in Teachers Day - 2022



Celebration of Teachers Day - 2022 at College Auditorium



Recreational Games Played by Teachers onTeachers Day - 2022



Teachers' are Participating in Recreational Game

## আমার কলেজ

মিত্রালি চক্রবর্তী ঘোষ
(M.P.Ed. 2015-17)

লক্ষ মানুষ লক্ষ্য বিহীন
ছুটছে কেবল গতির টানে,
মুঠো ফোনের মুঠোর মাঝেই
জীবন খোঁজে বাঁচার মানে।

জেতার কোনো প্রচেষ্টা নেই
পরাজয়েও বিষণ্ণতা,
পরস্পরের প্রতি কেবল
অভিযোগের বিপন্নতা...

নতজানু মানুষ যখন
সাদা-কালো জীবন খাতায়,
মরূদ্যানের মতোই তুমি
দাঁড়িয়ে ছিলে এ কলকাতায়

তোমার চোখে আকাশ ছিল
আঁচল ছিল সবুজ ভরা,
লড়াই ছিল দৃপ্তমুঠোয়
লক্ষ্য ছিল মানুষগড়া

সোহাগে-শাসনে তৈরী করেছো
জীবন-যুদ্ধে জেতার জন্য,
আমার শিকড় আমার কলেজ
মায়ের মতোই তুমি অনন্য...

## আমার প্রশ্ন

রিয়া ঘোষ ঘোড়ুই (B.P. Ed - 2020-22)

অনুরাগ আর অভিমানের মধ্যে কোন মিল আছে কি ?

খুব ভালো করে তো জানিনা, শব্দগুলো কতটা এক তবে এতোটুকু জানি যে, একটা মিল তো আছে । এই দুটো আবেগই খুব গাঢ় এবং কাছের মানুষের প্রতিই হয়। আর বিজ্ঞানের ভাষায় সব অনুরাগের মধ্যে অভিমান না থাকলেও সব অভিমানের মধ্যে অনুরাগ লুকিয়ে থাকে ।

কেউ আঘাত করলে কি তাকে আঘাত করা উচিত?

আঘাত পেয়ে কাউকে আঘাত দেওয়া মানে হলো। দিনের শেষে নিজের চোখে বালি হওয়া। কারণ,

আঘাত পেয়ে কাউকে তুমি দিতেই পারো ঘা,
কিন্তু তাতে দিনের শেষে শান্তি পাবে না।

"ওরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না,শুধু সুখ চলে যায়"
যে ভালবাসা সুখ ছিনিয়ে নেয় তা কি আদৌ ভালোবাসা??

ভালোবাসা অনেকখানি ওজনদারির মতো।
এদিক ওদিক ওজন ছাড়াও দিব্যি চলে যায়।
তবে একটা দিকে ওজন দিলে অন্যদিকে বাটি।
সমান সমান সমান ভাগের ওজন পেতে চাই।।

তাই আমার মতে ভালোবাসার সুখ চাওয়াটাই ভুল কারণ ভালোবাসা তো পৃথিবীর সব থেকে সেরা সুখ। তাই যে
ভালোবাসায় তুমি সুখের লোভ করবে না সে ই ভালোবাসা তোমার সুখও ছিনিয়ে নেবে না।

ঠিক কতটা ভালবাসলে ছেড়ে যাবে না??

যার যাওয়ার সেতো ছেড়ে যাবেই,
সাগর দেওয়ার পারে ।
যার থাকার সে ঠিক থাকবে দেখো,
একশ কোটি ঝড়ে ।

# দৃষ্টিকোণ

**রুমা মণ্ডল** (M.P.Ed. 2015-17)

শারীর শিক্ষা জীবন পরিবর্তনের আরেক নাম। এই শিক্ষা বিভিন্ন মানুষের জীবনে পরিবর্তন আনে বিভিন্ন রকম ভাবে, কারো জীবনে রোগমুক্তির পথ হিসাবে তো কারো জীবনে আনন্দের এক অন্যতম মাধ্যম হিসাবে, আবার কারো জীবনে জীবিকা অর্জনের পথ হিসাবে। আমরা যারা এই শিক্ষাকে জীবিকা অর্জনের পথ হিসাবে বেছে নিয়েছি তারা এই শিক্ষাকে যত ভালোবাসতে পারি তবে এই শিক্ষা দুহাত ভরে তার ভালোবাসায় আমাদেরকে ভরিয়ে দিতে পারে। বিদ্যালয় হোক বা মহাবিদ্যালয়, বিভিন্ন জায়গায় আমরা প্রায়শই শুনতে পাই যে, শারীর শিক্ষা-কে সেই সব ছাত্রছাত্রীরাই বেছে নেয় যারা মেধাবি নয়। এই কথাটার পিছনে আমার যুক্তি একটু অন্য ধরনের। আমি মনে করি যে মেধা কিভাবে পরিমাপ করা হয় বিষয় অনুযায়ী বিভিন্ন হতে পারে। শুধু পড়া বিষয় মনে রাখাকে যদি মেধা বলা না হয় এবং পরিস্থিতি অনুযায়ী সঠিক জ্ঞান প্রয়োগ করাই যদি মেধা হয়, তবে একজন খেলোয়াড়ই সব থেকে বেশি মেধাবী। এর পিছনে আমার যুক্তি এটাই যে, খেলোয়াড়কে মনে রাখতে হয় বিভিন্ন কঠিন কৌশল এবং প্রয়োজনে তা কিভাবে প্রয়োগ করতে হয় তার বিভিন্ন উপায়। এক্ষেত্রে একজন খেলোরাড় কি মেধাবী হল না? এছাড়া আরও একটি কথা প্রায়শই শোনা যায় যে শারীর শিক্ষার শিক্ষককে কঠোর হওয়া উচিত, নয়ত কিভাবে নিয়ম শৃঙ্খলা নিয়মানুবর্তিতার মাঝে বিদ্যালয় ও ছাত্রছাত্রীদেরকে আবদ্ধ করবে? এর বিপক্ষেও হাজার যুক্তি দেওয়া যেতে পারে; কিন্তু আমার কথা হল তবে কি অন্য বিষষগুলি শুধুমাত্র পুঁথিগত বিদ্যাই ছাত্রছাত্রীদের শেখায়?

শারীর শিক্ষার শিক্ষকের শারীরিক সক্ষমতা থাকা বিশেষ গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য কিন্তু সেই সক্ষমতাকে কি শরীরের গঠন দেখে সব সময় বোঝা যায়? বা শরীরের গঠনই কি তার একমাত্র মাপকাঠি? এই বিষয় গুলি সমাজের বেশির ভাগ মানুষই স্বীকার করে নেবেন বলে মনে হয় যে, মেধা, নিয়মানুবর্তিতা বা শারীরিক সক্ষমতা এর কোন একটি বিষয়ের উপর নির্ভর করে না; বরং তো অন্য আরও সব বিষয়ের উপরও সমান ভাবে বর্তায়।

তবে হ্যা আমি শারীর শিক্ষার শিক্ষক, হবু শিক্ষক, ও যারা এই বিষয়কে ভালো বাসেন তাদের উদ্দেশ্যে বলতে চাই যে, তোমরা এই শারীর শিক্ষাকে কেমন ভাবে ভাবছ বা ভাববে তার উপর নির্ভর করবে তোমার বা তোমাদের পরবর্তী পদক্ষেপ। যে কোন কথার দুটো দিক থাকে একটি নেতিবাচক আর একটি হল ইতিবাচক। তোমরা তোমাদের মানসিকতাকে ইতিবাচক করতে পার। তাই নিজের দৃষ্টিকোণ-এর উপর নজর দিতে হবে যা তোমাকে বা তোমাদেরকে গড়ে তুলবে একজন সফল শিক্ষাবিদ বা শিক্ষায় শিক্ষিত হতে।

# নারী শক্তিরূপিণী

**সাইনী সাহা** (B.P. Ed - 2020-22)

নারী শক্তিরূপিণী। যে আদ্যাশক্তি মহামায়া এই বিশ্বে সৃষ্টি, স্থিতি ও সংহারকরে চলেছেন অবিরাম, সেই শক্তির কণা প্রতিটি নারীর ভিতরে আছে। তা আমরা সকলে জানিনা, তাই নিজেদের দুর্বল, পরনির্ভরশীল ভাবি। ভারতের প্রাচীনকাল থেকেই নারীকে দেবী রূপে দেখার প্রথা ছিল। প্রাচীন যুগ থেকেই এমন কিছু প্রমান আমরা ইতিহাসে পেয়েছি- যেমন- গার্গী, মৈত্রেয়ী, অপালা, লোপামুদ্রা প্রভৃতি।

আমাদের মধ্যেও এই সকল দেবী রূপী নারী বিরাজিত। তবুও সমাজের কিছু কুচক্রী ব্যক্তিবর্গের জন্য আজ আর নারীরা সুরক্ষিত নেই। এগুলি দেখা যাচ্ছে সংবাদপত্র, টেলিভিশনের পর্দায়। চর্তুদিকে শুধু ধর্ষণ, খুন। সত্যি কি নারীরা আজ ফেলেদেবার জিনিস? যা ভাগাড়ে পড়া ময়লার মতো- আর পুরুষরা আজ চিল, শুকুনের মতো ছিঁড়ে খাচ্ছে নারীদের। কিন্তু এখন আর নারীরা দুর্বল নয়। তারা এগিয়ে চলেছে পুরুষের মতো সমতালে তাল মিলিয়ে। এখন তারা ক্যারাটে, উষু, বক্সিং, কুস্তির মতো খেলায় আর পিছিয়ে নেই। সেই আদ্যাশক্তির মতো দেবীর অংশ সমগ্র নারী জাতির মধ্যে রয়েছে। শুধু ইচ্ছা শক্তি দিয়ে এই শক্তিকে জাগাতে হবে। এখন সময় এসেছে প্রমানের যে, নারী আর অবলা নয়, সবলা। অন্যায়ের প্রতিবাদ করার শক্তি সে রাখে। স্বামীজি বলেছেন - 'সমাজকে যদি একটা পাখির সাথে তুলনা করা যায় তাহলে তার দুটো ডানা হলো নারী আর পুরুষ, একটা ডানা দিয়ে পাখি উড়তে পারে না, তেমনই নারী জাতির বিকাশ ছাড়া সমাজের উন্নতি হতে পারে না।

---

*"Caring for myself is not self-indulgence, it is self-preservation, and that is an act of political warfare."*

**— Audre Lorde**

## গরিবের মেয়ে

**সুস্মিতা রায়** (B.P.Ed. 2020-22)

একটি অত্যন্ত সাধারণ পরিবারের মেয়ে, তার বড়ো বড়ো স্বপ্ন দেখতে নেই !
তার মনের অসীম ক্ষমতা সবার কাছে তুচ্ছ,
মেয়েটি পরীক্ষায় ভালো ফল করলে চারিদিকে শিউলি ফুলের গন্ধের
মত ছড়িয়ে পড়ত মা আসছে,
আবার সামান্য কিছু ভুল ত্রুটি হলেই চারিপাশে ছড়িয়ে পরে দুর্গন্ধ !
সে মেয়ের তাতে কান না দিয়ে সামনের দিকে এগিয়ে যেতো !
তার অসুবিধা নেই ভালোবাসতে সে তার থেকে উচ্চ পরিবারের হয়ে থাকে।

তাদের কাছে সামান্য আমাদের ভালোবাসাটাও, আমরা লোভী সম্বোধনে
চিহ্ন প্রতীক, সৎ পথে চলা মানুষ হয়েও।।
তাদের সাথে মেয়েটির বহুদিনের প্রাণের সম্পর্ক, আজ কাঁটা পরে যাচ্ছে
তুলনার সংকেতে !
যদিও সেই মানুষগুলি তাকে ছাড়াতে চায় না অন্তরের অন্তর হতে।
কিন্তু তাকে যেতে হবে দূরান্তে তার সম্মান রক্ষার্থে, পিতৃ জননীর কাছে
স্নেহহীন হওয়ার থেকে।।
আজও এ সমাজে রয়েছে এক অদ্ভুদ তুলনার বেড়াজাল !
তাই তো বিচ্ছিন্ন হওয়ার পথে কত সবুজ ভালোবাসা, তাদের
জেদের হতাশায় !
তাকে তো সেই কাল থেকে অপেক্ষায় রয়েছি, আজও থাকবো
যদি তুলনার বাক্য উঠে যায় কোনো একদিন কোনো এ সময়;
সে তো চললো তার সুখের ঠিকানায়, আর তারপরে হয়তো তাকে
মনে করবে কোনো চলার পথে.....

## HOSTEL LIFE

**Sunita Dutta** (B.P.Ed., 2021-23)

This is our hostel life,
We think it's strict and full of routine,
but staying without parents,
is great experience and fun.
with friends in hostel
everything is set and done.
at night, outside our room.

## ভাবনা

**কামরুন নাহার** (B.P.Ed., 2021-23)

ধীরে ধীরে উঠছি বেড়ে আমরা এ প্রাঙ্গনে,
চলবে ইহা দিনে দিনে আমাদের মনে।
একটু একটু করে আমরা এগিয়ে যাচ্ছি দূর
মোদের জীবন যেন এক মহাসমুদ্দুর,
সবুজ ঘাসে, সবুজ মাঠে ভরছে মোদের মন,
এই শিক্ষা প্রতিষ্ঠানকে মনে রাখব আজীবন।
এমনি করে যাব মোরা ছেড়ে এ মন্দির,
দিক্ বিদিকে ছড়িয়ে যাব হব না কো স্থির।

## কটুক্তি

**রাখী রায়** (B.P.Ed., 2021-23)

আমার বাবা বড্ড খারাপ
বড্ড অশিক্ষিত,
কথায় কথায় অপমান
পাচ্ছে প্রতিনিয়ত।

কেউ বা দিচ্ছে হুমকি আর
কেউ বা বাজায় চুটকি,
কেউ বা দিচ্ছে চোর অপবাদ
কেউ বা মারছে লাথি।

আমার বাবা একটি সময়
ছিল মস্ত লোক,
তখন সবাই বাসত ভালো
করতো সমাদর।

এখন বাবার কপাল পুড়েছে
কেউ নেয় না খোঁজ,
বাবা নাকি বড্ড খারাপ
বড্ড বাজে লোক।

বাবা বলেছে, মা-রে তুই
আমার সোনা মা,
জীবন যুদ্ধে কখনই তুই
পিছিয়ে পড়িস না।।

জীবন মানে যুদ্ধ শুধু
শুধুই যুদ্ধ রে,
এই যুদ্ধে হার না মেনে
লড়াই করিস রে।

বাবা তুমি আমার কাছে, বটবৃক্ষ সম
সবাই যতই করুক কটুক্তি,
আমার কাছে তুমিই শ্রেষ্ঠ
এটাই তুমি জেনো।

---

## খেলাঘর

**কুলসুম পারভিন** (B.P.Ed., 2021-23)

খেলা ঘরে শুধুই খেলা
তা ভেবো না কেউ,
এসো দেখবে কত কাজ আর
কত খুশির ঢেউ।

দাদা আসছে, দিদি আসছে
করছে মানামানি,
সবাই হাসে সকল কাজে
কত কী যে জানি।

জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে
সেবা সাম্যে হৃদয় ভরে,
এই গানটা গাইছে সবাই
প্রতি নিত্য খেলা ঘরে।

সুখে দুঃখে সবার সাথে
হাসা কাঁদার খেলা,
এই জগতে খেলা ঘরের
খেলা আছে মেলা।

---

## বন্ধু । বন্ধু । বন্ধু

**অনিমা দে** (M.P.Ed., 2021-23)

বন্ধু মানে, এক পশলা বৃষ্টি, যেন মরুভূমির কোলে।
বন্ধু মানে, তৃপ্ত আশা, ভালোবাসাতে দোলে।
বন্ধু মানে, Call list -এর প্রথমেই তার নাম।
বন্ধু মানে, খোশ গল্প ছেড়ে দিয়ে সব কাম।
বন্ধু মানে, মন ভরা সুখ বৃষ্টি ডেকে আনে।

বন্ধু মানে, Medicine যে মনের ঔষধ জানে,
বন্ধু মানে, হাতটা সরা, দেখতে দেনা খাতা।
বন্ধু মানে, পকেট ভরা টুকলির সব পাতা।
বন্ধু মানে, শাস্তি নেব একসাথে মাথা পেতে।
বন্ধু মানে, থাক না পাশে দেবনা তোকে যেতে।

বন্ধু মানে, টিফিন চুরি, টিফিন হল ফাঁকা।
বন্ধু মানে, দুঃখ মনে যায় না কেন রাখা?
বন্ধু মানে, লাস্ট বেঞ্চের বেঞ্চ বাজানোর মজা।
বন্ধু মানে, থাকলে কাছে আমরা সবাই রাজা।
বন্ধু মানে, হঠাৎ কিল অকারণে।

বন্ধু মানে, চুলটা টেনে সট্ করে কোটপড়ে।
বন্ধু মানে, বাঁচারে আমার বাবা হাত থেকে।
বন্ধু মানে, সত্যির মলাট শিক্ষার বই ঢেকে।
বন্ধু মানে, Manage করিস, কলেজ দিচ্ছি ফাঁকি।
বন্ধু মানে, বিপদের সময় মন দিয়ে যাকে ডাকি।

বন্ধু মানে, 7th August নিশ্চয়ই মনে আছে।
বন্ধু মানে, সেই Ground এখনও চোখের কাছে।
বন্ধু মানে, দ্বিতীয় তনু দেখতে যাওয়ার ধুম।
বন্ধু মানে, জ্বালিয়ে দিয়ে উড়িয়ে নেবে ঘুম।
বন্ধু মানে, আয়না চলে আসবি আবার কবে?
তোর নাম আমার কাছে অমর হয়ে রবে।

বন্ধু মানে, চোখের জল মুছিয়ে দেওয়ার নাম,
বন্ধু মানে, খাইবো, অনিমা তোর মনে করেছে নাম।

---

## COURAGE

**Dhisthita Mandi** (B.P.Ed., 2021-23)

Sometimes I feel strong but Situations make me go weak,
Even if I try really hard, I fall on my both knees
Letting go will make me dumb
and holding on is just getting hard every minute.
What have I done to be this miserable for the last few weeks.
I don't want to be a thing for laugher neither be bullied
Being like this is hard or that's what they want you to fell like it.
In a world of decadency , why did I choose to be free?
My wings feels heavy, carrying my own signify
Lat's hope to break the common counter
Twrongl every part, throngh every minute.
Turn award, stand up, let's work it out
Cause we have that courage to go through it.

---

## BEHOLD THE ECLIPSE

**Rimita Das** (B.P.Ed., 2019-21)

Out at the night, that covers that soul,
Dark as pit from pole to pole;
Yet the only companion is the moon,
That conquers the whole lagoon
in bright, pule contemplation;
That clears all my hesitation
By the pool of clutch circumstances,
Neither have I cried, never have I given up
chances.
Rather I called out at the top of my voice
That left me with no choice;
I stumbled, I toppled
I Slipped, I tripped
with feel of Eclipse
Never theles I held my head high un bowed
so much se duloees to behold;
I rose, I conquered; the long unfeasible that was desired;
I am me, and
My imperfections make me beautiful.

## ভরসা জোগান সরস্বতী

**রিয়া মন্ডল** (B.P.Ed., 2021-23)

নুন আনতে পান্তা ফুরোনো বাড়ি
অভাব বরাদ্দ প্রায় সব মাথা প্রতি।
বইটা তবুও থাকেই সংস্থানে
ভরসা জোগান আমার সরস্বতী।

দুবেলা দু'মুঠো পাতে পড়লেই হল
আলগোছে পোষা প্রান্তিক ইচ্ছামতি।
পড়াশুনো এখনও মাপকাঠি সম্পদের
ভরসা জোগান আমার সরস্বতী।

বর্হিঅঙ্গ যা কিছু ছিলো যাক ঘুচে
অতিশয্যা ফুরোয়, তাতে কি আর ক্ষতি!
কলমে জুটুক আমাদের নুনভাত
ভরসা জোগান আমার সরস্বতী।

## স্বপ্ন

**দীপিকা ভূঞ্যা** (B.P.Ed., 2021-23)

রাত্রিতে শুয়ে আমি ঘুমের মধ্যে ভাবি-
আমি হয়েছি এক বড়ো কবি।
দূর, কবি হলে তো শুধু ভাবা আর ভাবা,
ভাবতে ভাবতে কখন তো হয়ে যাবো বোবা।

তার চেয়ে আমি জাহাজ চালাবো
দূর মহাদেশে শুধু ভেসে যাবো
ঠিক যেন ওই কলোম্বাসের মতো,
সম্মান করবে জাহাজের লোক যতো।

ঘুমের দেশে আমি চালাচ্ছি গাড়ি
কতদেশ আমি দিচ্ছি পাড়ি
এদেশে - ওদেশ দেখবো ঘুরে ঘুরে
হর্নের শব্দে সবাই যাবে সরে।

না তার চেয়ে আমি শিক্ষক হবো
সবাইকে কত শিক্ষা দেবো,
শিক্ষা পেয়ে তারা করবে কত জ্ঞান
তারা হবে ভবিষ্যতে সত্যিকারে ম্যান।

হঠাৎ দেখি ডাকলো মা এসে
ধড় পড়িয়ে উঠে চেয়ারে গেলাম বসে,
তখনও আমি ঘুমে আছি মগ্ন
বসে বসে ভাবছি আমার দেখা স্বপ্ন।

# ভালোবাসার প্রতিদান

**নির্মলা টুডু** (B.P.Ed., 2021-23)

কাকু দরজায় মাথা রেখে চুপ করে বসে রইল আর ভাবতে লাগল হয়তো আমি ভালো কাকু ও ভালো অভিভাবক হতে পারলাম না।

ছোট্ট একটি গ্রাম, তার মধ্যে ছোট্ট একটি পরিবার ছিল। মেয়েটির নাম ইশা, বয়স ১২ বৎসর সে অষ্টম ক্লাসের ছাত্রী। তাঁর ছোট ভাই ইশান বয়স ৯ বৎসর। সে পঞ্চম ক্লাসের ছাত্র। ইশার পরিবারে রয়েছে বাবা, মা, ভাই, কাকু, কাকিমা ও কাকুর মেয়ে লিসা। সে খুবই ছোট ২ বৎসর বয়স। হঠাৎ দুর্ঘটনায় ইশার বাবা, মা মারা যান। তখন থেকেই কাকুর কাছে দুই ভাই বোন মানুষ হয়। ইশা ও তার ভাইকে পড়াশোনা করার জন্য কাকু তাদের হোস্টেলে দিয়ে আসে ও প্রতি সপ্তাহে দেখা করে আসে। ইশা যেমন পড়াশোনাতেও ভালো তেমনি খেলাধূলাতেও ভালো ছিল। তবে ভাই তার এতটুকু পড়াশোনা করত না। দেখতে দেখতে ইশা উচ্চমাধ্যমিক পাশ করল। এবার কাকু তাকে কলেজে ভর্তি করল। বাড়ির কাছাকাছি কোন কলেজ ছিল না তাই তাকে দূরের কলেজেই পাঠতে হল। এতদিন কাকু চাষবাস করে তাদের পড়াশোনার খরচ চালাচ্ছিল। এবার তো বড়ো কলেজে ভর্তি করেছে তাই বেশি টাকার প্রয়োজন। কাকু তাই তার স্ত্রী ও মেয়েকে গ্রামের বাড়ি অর্থাৎ লিসার মামার বাড়িতে রেখে কলকাতায় চলল সিকুরিটি গার্ড এর চাকরি করতে। কাকুর স্বপ্ন ইশা একদিন বড়ো হবে নিজের পায়ে দাঁড়াবে।

কাকুর স্বপ্ন পাঁচ বছর পর সত্যি হল। তবে এই পাঁচ বছরের মধ্যেই কাকু ও কাকিমার বিবাহ বিচ্ছেদ হয়ে গেছে তাই লিসা তার মায়ের কাছেই থাকে। ইশা চাকরি পাওয়ার পর ভালো বাড়ি করল, ভালো গাড়ি করল। কাকু এখন দেশের বাড়িতে ফিরে এসে চাসবাষ করছে। ইশা ও ইশানকে নিয়ে কাকু বেশ আনন্দেই দিন কাটছে। হঠাৎ একদিন ইশা এসে কাকুকে জানায় সে একটা ছেলেকে পছন্দ করে এবং সে তাকেই বিয়ে করতে চায়। কাকু তার কথায় সম্মতি দিয়ে বলে তুই ভালো ও সুখে থাকলেই সে খুশি। কাকু বলে তারা একদিন গিয়ে ছেলেটির সাথে ও তার পরিবারের সাথে কথা বলে আসবে। কিন্তু ইশা কাকুকে জানায় সে আইনিভাবে ইতিমধ্যেই বিয়ে করেছে। আর কাকুকে ছেলেকে দেখতে যাওয়ার প্রয়োজন নেই।

কাকু ইশার বিয়ে দিল সামাজিকভাবে। ইশার বড়োলোক বাড়িতে বিয়ে হয়েছে। ইশাও শ্বশুর বাড়িতে ভালোই আছে। তবে কাকু যাকে তার মেয়ের থেকেও বেশি ভালোবাসত, সেই ইশার শ্বশুরবাড়ি কেমন এখনও পর্যন্ত নিজের চোখে দেখেনি। ইশাই বছরে একবার এসে কাকুর সাথে দেখা করে চলে যায়। ২২ বছরের সেই হাসিখুশি পরিবারের এখন একাকি থাকেন শুধুমাত্র ইশান কাকু। কিন্তু আগের মতো আর হাসিখুশী কই?

---

*"Always be yourself, express yourself, have faith in yourself, do not go out and look for a successful personality and duplicate it."*

**— Bruce Lee**

# করোনাকালে যোগাসনের ভূমিকা

**মল্লিকা দাস** (B.P.Ed., 2020-22)

করোনা ভাইরাসের যুগ যন্ত্রনা থেকে মুক্তিদানে ভারতীয় যোগ বিদ্যার অবদান গুরুত্বপূর্ণ! হ্যাঁ ঠিক তাই করোনা ভাইরাসের থাবাকে সমগ্র বিশ্বের যুগ যন্ত্রনা হিসেবে মনে করা উচিত। কারন করোনা আক্রান্ত ব্যাক্তি শুধু নয় সমাজের সর্বস্তরের মানুষ এই যুগ যন্ত্রনার শিকার। করোনা আক্রান্ত যারা হয়েছিল বা এখনো হচ্ছেন, বা যারা এখনো আদৌ আক্রান্ত হননি প্রত্যেকেই কোন না কোন সমস্যায় জর্জরিত হয়েছেন। অর্থাৎ আমি বলতে চাইছি যারা আক্রান্ত হননি দৈহিক ভাবে সুস্থ থাকলেও মানসিক ভাবে সকলেই বিপর্যস্ত। তাই করোনা ভাইরাসের প্রত্যক্ষ বা পরোক্ষভাবে গোটা সমাজ যখন আক্রান্ত দিশেহারা তখন ভারতীয় যোগ বিদ্যা সমগ্র বিশ্বের সভ্যতাকেই রক্ষা করে চলেছে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে। এ সম্পর্কে জানার আগে আসুন আগে জেনে নিই ভাইরাস সম্পর্কে কিছু তথ্য তাহলে এর পরিপ্রেক্ষিতটা বুঝতে সুবিধা হবে।

ভাইরাস একটি ল্যাটিন শব্দ। যার অর্থ বিষ। এটি ক্ষুদ্র অনুবীক্ষনিক অকোষীয় রোগ সৃষ্টিকারী বস্তু DNA, RNA নিউক্লিক অ্যাসিড সমৃদ্ধ জৈব সহজীব বিশেষ গোলন্দাজ জীবানু তত্ত্ববিদ বাইজরিনিক ১৮৯৮ সালে প্রাণীর দেহের বিশেষ জীবন্ত বিষাক্ত পদার্থ চিহ্নিত করেন এবং নাম দেন ভাইরাস।

১৭৯৬ সালে বিজ্ঞাণী জেনার মানুষ এর জীবনের প্রত্যক্ষ সংগ্রাম ও তার নিজস্ব দার্শনিক অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে বসন্ত রোগের টিকা আবিস্কার করেন। এখনো টিকার মাধ্যমে যে চিকিৎসা চলছে তার মূল ভিত্তি কিন্তু পুরোনো সেই আদী সূত্র। এই বসন্তের টিকা অবিস্কার থেকে শুরু করে ভাইরাস এর অস্তিত্ব জানার পরে এ পর্যন্ত ভাইরাস সম্পর্কিত রোগ বিজ্ঞান নিয়ে, যে তথ্য জানা গেছে তার সারাংশ করলে যা পাওয়া যায়, তা আয়ুর্বেদিক চিকিৎসা সংক্রান্ত গ্রন্থে লিপিবদ্ধ করা আছে। এই ধরণের জনপদ ধ্বংসকারী অতিমারী ও মহামারী রোগ নিয়ন্ত্রনের বিধি প্রচীন ভারতীয় আয়ুবেদিক গ্রন্থে আলোচিত হয়েছে। এই সমস্ত ব্যবস্থাপত্র ভারতবর্ষের মুণি-ঋষিদের বহুদিনের প্রত্যক্ষ অভিজ্ঞতার ফল। এই প্রত্যক্ষ জ্ঞানই অতিমারীও মহামারী জাতীয় রোগের চিকিৎসা ক্ষেত্রে সাধারণ সত্য বলে বিবেচিত হয়। এই ধরনের সাধারন সত্য গুলো হল রোগ সারানোর উপাদান (Medicine) ও নিয়ম (Manegement)। নিয়মগুলি হল (১) রোগীকে স্বাস্থ্যকরস্থানে পৃথকভাবে রাখা, এবং পঞ্চকর্মের সাহায্যে নেওয়া। পঞ্চকর্মের এই চিকিৎসা পদ্ধতিকেই বলে যৌগিক চিকিৎসা বা যোগথেরাপি। (২) উষ্ণ জলপান এর সহিত রসুন, দুর্ব্বা, তুলসী, সপ্তপর্ণা, চিরতা, গেলমরিচ, গুলোঞ্চ, করঞ্চ ইত্যাদি ভেষজগুলো একক প্রয়োগ বা একাধিক দ্রব্যের জুষ্টিযোগ এবং তৎসাহিত রসতান্ত্রিক ধাতুজ ঔষধিকে দোষ ও লক্ষণ অনুসারে নির্বাচন করে প্রয়োগ। এক্ষেত্রে আলাদা ভাইরাস এর নাম এবং বিবরণের প্রয়োজন হয় না। কেবলমাত্র এবং রোগীর কথা ভাবলেই চিকিৎসা করা চলে। রোগীর দৈহিক ও মানসিক স্বাস্থ্যের উন্নতিকেই চিকিৎসা বিজ্ঞানে বলা হয় ইমিউনিটি পাওয়ার বৃদ্ধি। টীকা-র দ্বারা নিয়ন্ত্রিত মাত্রায় করোনা ভাইরাস দেহে প্রবেশ করার পর এই ইমিউনিটি পাওয়ার বৃদ্ধি করানো হয়। এর ফলে ইমিউনিটি পাওয়ার এখন এই ভাইরাসকে দেহে সংক্রমণের আগেই দেহ থেকে বের করে দেয়। যারা এখনো পর্যন্ত আক্রান্ত হননি বলতে পারেন এটি যোগবিদ্যার আর্শীবাদ। আর যারা আক্রান্ত হয়েছেন তারা যোগের আসন প্রণায়াম, সূর্যপ্রণাম, মুদ্রা ক্রিয়ার ফলে তাদের ফুসফুস ও শরীরের অভ্যন্তরীন অঙ্গ এবং তার সঙ্গে মানসিক শক্তি ঠিক রাখার কারণে তাঁরা অতিসত্ত্বর সুস্থ হয়েছেন। ফলে একথা বলা যেতেই পারে করোনা আক্রান্ত চিকিৎসার বিপুল খরচের ব্যয় বহন করতে যারা অসমর্থ ছিলেন তাদের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যোগ মহাবিদ্যাই বাঁচিয়ে দিয়ে গেছে। টিকা বর্তমানে স্বাভাবিকভাবে পাওয়া গেলেও পৃথিবীর জনসংখ্যার তুলনায় কিছুদিন আগে পর্যন্ত তার অভাব ছিল। তখন এই যোগ থেরাপির সাহায্য নিয়ে চিকিৎসা চলেছে। যোগথেরাপির আধুনিক রূপ হল ফিজিওথেরাপি। অর্থাৎ এটি মনে রাখতে হবে Physiotherapy has its origin Yoga।

সবশেষে বলতে পারি ইমিনিউটি বিষয়টির সাথে মানসিক শক্তি অর্থাৎ ব্রেনের হোরমোনাল বিষয় যুক্ত। সঠিক যোগবিদ্যার প্রয়োগ শরীরের এই ইমিউনিটি সক্রিয় রাখে। এইভাবেই করোনা ভাইরাসের আগ্রাসনের হাত থেকে শরীর চর্চা বা যোগ বিজ্ঞান আমাদের যুগে যুগে রক্ষা করে চলেছে।

# শুশুনিয়ার কোল

**সুস্মিতা বিশ্বাস** (M.P.Ed., 2020-22)

গত দিন থেকেই শুরু করি। গত দিনই বোঝা যাচ্ছিল কলকাতার হেস্টিংস কলেজে কিছু একটা তো রয়েছেই। মেয়েদের এত আনন্দ, এত ফুর্তি তো আর মেকি নয়! হ্যাঁ ঠিকই, পরের দিনই ছিল বাঁকুড়ার শুশুনিয়ার কোলে চড়া শুরুর দিন।

পরের দিন সকাল ৯টা নাগাদ আমরা বাঁকুড়ার উদ্দেশ্যে রওনা দিলাম। যেতে যেতে বাসের মধ্যে হই হুল্লোড়, নাচা নাচির কথা তো না বললেই নয়। তো যাই হোক, হুল্লোড় করতে করতে রীতিমত আমরা পৌঁছোলাম বাঁকুড়ায়, সেই যে শুশুনিয়া দাঁড়িয়ে আছে যেখানে, সেখানে। তার আশপাশটা আর পাঁচটা পাহাড়ি শহরের (কুলু, সিমলা, দার্জিলিং) থেকে সম্পূর্ণ ভিন্ন। শুশুনিয়ার নীচে আমাদের ক্যাম্প ছিল, সেই ক্যাম্পে পৌঁছোতেই যা দেখলাম সেটি আমাদের চীরকাল মনে থাকবে!

পর দিন থেকেই শুরু হল আমাদের শুশুনিয়ার গা বেয়ে, তাকে আঁকড়ে ধরে, তারই কোলে চড়ার পালা। স্যার এবং ম্যাডামদের সাথেই আমরা উঁচু পথে চলছি তো চলছিই। উঠতে মোটামুটি আমাদের সকলেরই কষ্টবোধ হচ্ছিল। কিন্তু তার সাথে ছিল পাহাড়ের মাথায় চড়ার প্রবল ইচ্ছাশক্তি। প্রথম দিন আমরা টপে না উঠে টপের একটু নীচে বসলাম, এবং ওখানেই শিখলাম ক্লাইম্বিং। এইভাবে ছোটদা, মেজদা, চিমনি, গালি আরোহন পর পর ৩ দিনে আমরা শিখে গেলাম।

তারপর আসলো চতুর্থ দিন। উফ! সেই দিনটির কথা মনে পড়লে আজও গায়ে কাঁটা দেয়। কারনটা জানতে ইচ্ছে করছে তাই না? - অবশ্য ইচ্ছে তো করবেই! তো যাই হোক, সেই দিনটিতে ছিল আমাদের পরীক্ষা। শুধু পরীক্ষাই নয়, পরীক্ষার শেষে শুশুনিয়ার টপে চড়ার আহ্বান। আমরা চলা শুরু করলাম টপ যাবার উদ্দেশ্যে। বহু কষ্টে অনের রিস্ক নিয়ে আমরা টপে পৌঁছে গেলাম। উঠেই দেখি..... রাধাকৃষ্ণ দাঁড়িয়ে একা! একা প্রকৃতির সাথে। সেটা যে কি দৃশ্য তা বলে বোঝানোর মত নয়! চারিদিক সবুজ আর কুয়াশা এবং মাঝে আমাদের রাধা গোবিন্দ। আমরা যদিও সেখানে বেশিক্ষণ দাঁড়াতে পারিনি, কারন আমাদের সেদিনই আরও একটি গন্তব্যস্থলে যাবার কথা ছিল। সেটি হল শিলালিপি। আমরা ক্রমশ নীচে নামছি এবং পায়ের তলায় শুকনো পাতা পড়ছে আর গুঁড়ি গুঁড়ি পাথর। মনে হচ্ছে এই বুঝি পা'টা স্লিপ করলো। কিন্তু আমাদের তেমন কিছুই হয়নি, কারন আমাদের প্রত্যেকের সাথেই ছিল পিতা মাতার এবং মা শুশুনিয়ার হাত ভরা আশীর্বাদ। তাই আমরা প্রত্যেকেই সুস্থভাবে নীচে ফিরে এলাম। ফিরে এসে প্রত্যেকেই ক্লান্ত, কিন্তু কারো ক্লান্তি চোখে মুখে ধরা পড়েনি।

সেই রাত্রে ছিল ক্যাম্প ফায়ার এর অনুষ্ঠান। যথারীতি আমরা সেই অনুষ্ঠানটি গান, নাচ ও কবিতার মাধ্যমে আনন্দ সহকারে সম্পন্ন করলাম। পরের দিনই সকালের জলখাবার খেয়ে আমরা সকলে রওনা দিলাম আবার সেই রোজকার জীবনের কার্যকলাপে।

# SELECTED PHOTOS FOR MAGAZINE SHAKTI 2019-23

